নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প





পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০২৪

নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প





পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০২৪

সূচিপত্র

ক্রমিক নং **বিবরণ** **পৃষ্ঠা নম্বর**

নির্বাহী সার-সংক্ষেপ iv
Acronyms and Abbreviations vi
শব্দকোষ (Glossary).....vii

প্রথম অধ্যায়: প্রকল্পের বিস্তারিত বর্ণনা

১.১ প্রকল্পের পটভূমি.....১
১.২ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ.....১
১.৩ প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি.....৩
১.৪ প্রকল্পের বছরভিত্তিক কর্মপরিকল্পনা ৪
১.৫ প্রকল্পের ক্রয় পরিকল্পনা ৪
১.৬ আরডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম.....৫
১.৭ প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা ৭

দ্বিতীয় অধ্যায়: নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

২.১ ভূমিকা ৮
২.২ নিবিড় পরিবীক্ষণ কাজের পটভূমি.....৮
২.৩ নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য ৮
২.৪ নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি.....৯
২.৫ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি ১০
২.৬ নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন ১১
২.৭ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রশ্নমালা ও ছক/চেকলিষ্ট.....১২
২.৮ সমীক্ষার কর্মপদ্ধতি (Methodology) ১৩
২.৯ প্রাথমিক তথ্য সংগ্রহ ১৩
২.১০ সেকেন্ডারি উৎসের তথ্য সংগ্রহ.....১৬
২.১১ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি.....১৬
২.১২ প্রতিবেদন প্রস্তুতকরণ ১৭
২.১৩ নিবিড় পরিবীক্ষণ পদ্ধতি.....১৮
২.১৪ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা.....২০

তৃতীয় অধ্যায়: ফলাফল পর্যালোচনা

৩.১ প্রকল্পের অর্থবছর ভিত্তিক এডিপি/আরএডিপি'তে অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা.....২১
৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি.....২২
৩.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যালোচনা.....২৬
৩.৪ অর্থ-বছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা.....২৬
৩.৫ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা.....২৬
৩.৬ পণ্য ক্রয় কার্যক্রম পর্যালোচনা ২৭
৩.৭ পণ্য ক্রয়ের কেস-স্টাডি.....২৯
৩.৮ প্রকল্পের উপকারভোগী সদস্যদের জন্য ঋণ কার্যক্রম.....৩৪
৩.৯ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ ৩৯
৩.১০ লগ-ফ্রেমের আলোকে লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট পর্যালোচনা ও বিশ্লেষণ.....৪০
৩.১১ প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা ৪২
৩.১২ সরেজমিন পরিদর্শন হতে প্রাপ্ত ফলাফল ৪৬
৩.১৩ মাঠ পর্যায়ে পরিচালিত সমীক্ষায় প্রাপ্ত তথ্য ও ফলাফল বিশ্লেষণ ৪৭
৩.১৪ উপকারভোগীদের খানা জরিপের ফলাফল.....৪৭
৩.১৫ প্রশিক্ষণ বিষয়ে পর্যালোচনা ৫২
৩.১৬ এফজিডি হতে প্রাপ্ত ফলাফল পর্যালোচনা.....৫৩

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর

৩.১৭ মুখ্য তথ্যদাতাদের সাথে সাক্ষাৎকারের ফলাফল ৫৭
৩.১৮ স্থানীয় পর্যায়ের কর্মশালা অনুষ্ঠান ৬১
৩.১৯ প্রকল্পের বিদ্যমান সমস্যা উত্তরণের জন্য করণীয় ৬৩
৩.২০ কেস স্টাডি (সফলতার কাহিনি) ৬৪
৩.২১ প্রকল্পের Exit Plan এবং টেকসইকরণ পরিকল্পনা পর্যালোচনা ৬৬

চতুর্থ অধ্যায়: প্রকল্পের সবল ও দুর্বল দিক এবং সুযোগ ও ঝুঁকিসমূহ পর্যালোচনা ৬৭

পঞ্চম অধ্যায়: পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ

৫.১ অর্থ-বছরভিত্তিক এডিপি/আরএডিপি'তে অর্থ-বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয় বিভাজন পর্যবেক্ষণ ৬৯
৫.২ অর্থ-বছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যবেক্ষণ ৬৯
৫.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যবেক্ষণ ৬৯
৫.৪ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ ৬৯
৫.৫ প্রকল্পের উপকারভোগী সদস্যদের জন্য ঋণ কার্যক্রম পর্যবেক্ষণ ৬৯
৫.৬ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পর্যবেক্ষণ ৭০
৫.৭ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি পর্যবেক্ষণ ৭০
৫.৮ প্রকল্পের আওতায় জনবল নিয়োগ পর্যবেক্ষণ ৭০
৫.৯ লগ-ফ্রেমের আলোকে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট ও ইনপুট পর্যবেক্ষণ ৭০
৫.১০ সমবায়ীদের প্রশিক্ষণ পর্যবেক্ষণ ৭০
৫.১১ অডিট সম্পর্কিত তথ্যাদি পর্যবেক্ষণ ৭১
৫.১২ আর্থ-সামাজিক অবস্থা পর্যবেক্ষণ ৭১
৫.১৩ প্রকল্পের Exit Plan এবং টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ ৭১

ষষ্ঠ অধ্যায়: সুপারিশ ও উপসংহার

৬.১ সুপারিশ ৭২
৬.২ উপসংহার ৭৩

রেফারেন্সসমূহ ৭৪

সংযোজনীসমূহ

সংযোজনী-১: দুগ্ধ উৎপাদনকারী সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য প্রশ্নমালা ৭৫
সংযোজনী-২: প্রকল্প পরিচালকের জন্য কেআইআই গাইডলাইন ৭৮
সংযোজনী-৩: মিল্ক ভিটার মাঠ পর্যায়ে কর্মকর্তার জন্য প্রশ্নমালা ৮০
সংযোজনী-৪: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দুগ্ধ খামারী এবং দুগ্ধ ব্যবসায়ীদের জন্য প্রশ্নমালা ৮২
সংযোজনী-৫: FGD পরিচালনার জন্য চেকলিষ্ট ৮৩
সংযোজনী-৬: ক্রয় সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহের ছক ৮৫

সংযুক্তিসমূহ

সংযুক্তি-১: বছরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা ৮৭
সংযুক্তি-২: প্রকল্পের ক্রয় পরিকল্পনা ১০১

সারণিসমূহঃ

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর
সারণি ১.১	প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি	৪
সারণি ২.১	নমুনা সংগ্রহের বিভাগ, জেলা ও উপজেলা এবং উপকারভোগী	১৪
সারণি ২.২	মুখ্য তথ্যদাতাদের সংখ্যা	১৪
সারণি ২.৩	এফজিডি'র জেলা ও উপজেলার তালিকা	১৫
সারণি ২.৪	তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণ	১৫
সারণি ২.৫	সময়ভিত্তিক কর্মপরিকল্পনা	২০
সারণি ৩.১	বছরভিত্তিক অর্থ-বরাদ্দ ছাড় ও প্রকৃত ব্যয় বিশ্লেষণ	২১
সারণি ৩.২	প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন	২২
সারণি ৩.৩	প্রকল্পের পণ্য ক্রয় বিশ্লেষণ	২৭
সারণি ৩.৪	প্রকল্পের আওতায় ০৬ টি বিশেষায়িত গাড়ি ক্রয় সম্পর্কিত	২৯
সারণি ৩.৫	প্রকল্পের আওতায় ফার্ম কুলার মেশিনারিজ ক্রয় সম্পর্কিত	৩০
সারণি ৩.৬	প্রকল্পের আওতায় প্রাণি টিকা ও ঔষধ ক্রয় সম্পর্কিত	৩২
সারণি ৩.৭	সার্ভিস চার্জসহ আদায়যোগ্য ও আদায়কৃত ঋণের বিবরণ	৩৪
সারণি ৩.৮	সার্ভিস চার্জসহ আদায়যোগ্য ও আদায়কৃত ঋণের বিবরণ	৩৫
সারণি ৩.৯	আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ	৩৯
সারণি ৩.১০	লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের অর্জনসমূহ	৪০
সারণি ৩.১১	প্রকল্প পরিচালক নিয়োগ ও দায়িত্ব পালনের সময় সম্পর্কিত	৪২
সারণি ৩.১২	প্রকল্পের জনবল সম্পর্কিত	৪৪
সারণি ৩.১৩	পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত	৪৫
সারণি ৩.১৪	অডিট আপত্তি সংক্রান্ত	৪৬

গ্রাফ/চার্ট/চিত্রসমূহঃ

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর
চিত্র ২.১	নিবিড় পরিবীক্ষণ পদ্ধতি	১৯
চিত্র ৩.১	উত্তরদাতাদের শিক্ষাগত যোগ্যতা	৪৭
চিত্র ৩.২	উপকারভোগী উত্তরদাতাদের পেশা	৪৮

নির্বাহী সার-সংক্ষেপ

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) কর্তৃক **"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)"** শীর্ষক প্রকল্পটি ঢাকা ও খুলনা বিভাগের ১১টি জেলার ২০টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। দারিদ্র্য বিমোচন, আয়বর্ধনমূলক কার্যক্রম সম্প্রসারণ এবং স্বাস্থ্যসম্মত টাটকা পাস্তুরিত তরল দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণ করা এবং গুঁড়ো দুধের আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা প্রকল্পের মূল লক্ষ্য। উল্লেখ্য, বহুমুখী দুগ্ধ পণ্য উৎপাদন কারখানা স্থাপন, দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধানে সহায়তা, গবাদিপশুর জাত উন্নয়ন, গবাদিপশুর চারণ ভূমি উন্নয়ন, গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে গত ১৬.০১.২০১৮ তারিখ একনেক কর্তৃক ৩৫৪৪৯.৬৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি তহবিল ৩২৯৭৬.১৮ লক্ষ টাকা এবং মিল্ক ভিটার নিজস্ব তহবিল ২৪৭৩.৫০ লক্ষ টাকা) জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পটি অনুমোদন হয়। পরবর্তীতে প্রকল্পের ১ম সংশোধনের ফলে ৩৮৭৪৯.০০ লক্ষ টাকা (ব্যয় ৯.৩১% বৃদ্ধি এবং সময় ১১৬.৬৬%) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে।

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য প্রাইমারি ও সেকেন্ডারি উৎস হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। সংখ্যাগত তথ্যের জন্য দৈবচয়নের ভিত্তিতে প্রকল্পের আওতায় ০৩টি জেলার ০৯টি উপজেলা থেকে মোট ৭২০ জন উপকারভোগীর নিকট থেকে নির্ধারিত প্রশ্নপত্রে KOBO Toolbox এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়াও গুণগত তথ্য সংগ্রহের জন্য কেআইআই, এফজিডি, স্থানীয় পর্যায়ে কর্মশালা এবং মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ সরেজমিন পরিদর্শনের মাধ্যমে তথ্য-উপাত্ত সংগ্রহ, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা সম্পন্ন করা হয়েছে।

অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনায় পণ্য ক্রয়ের ৩২টি, কার্য ক্রয়ের ০৩টি ও সেবা ক্রয়ের ০২টি প্যাকেজ রয়েছে। তন্মধ্যে পণ্য ক্রয়ের মাত্র ১৭টি প্যাকেজের ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া কার্য ও সেবা ক্রয় কার্যক্রম এখনো শুরু করা হয়নি। প্রকল্পের শুরু থেকে এপ্রিল/ ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৯১৬.২৬ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের মাত্র ২০.৪৩%। প্রকল্পের উপকারভোগীদের মাঝে ঋণ কার্যক্রম বাস্তবায়নে একটি উপযুক্ত ঋণ পরিচালন নীতিমালা তৈরি না করে ঋণ বিতরণ করা হয়েছে মোট ৬৪১৭.৬০ লক্ষ টাকা, তন্মধ্যে আদায়যোগ্য ঋণের পরিমাণ ৩৯৮৫.৩৩ লক্ষ টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ২২৭৩.৯৫ লক্ষ টাকা বা ৫৭.০৬%। প্রকল্পকালীন সময়ে উপকারভোগীদেরকে নামসর্বস্ব প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত ৬ বছরের অধিক সময়কালে বর্ণিত প্রকল্পের মোট ০৭ জন প্রকল্প পরিচালককে দায়িত্ব প্রদান করা হয়েছে। এছাড়াও প্রকল্পের মোট ৯৪ জন জনবলের মধ্যে ৫৯ জন জনবল পদায়ন করা হয়নি ফলে প্রকল্পের কার্যক্রম ধীরগতি পরিলক্ষিত হয়েছে।

সমীক্ষায় প্রকল্পভুক্ত এলাকার ৭২০ জন উপকারভোগী থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। উত্তরদাতাদের মধ্যে ৬২.৬৪% উপকারভোগীর গাভী আছে ০১-০২টা, ১৩.১৯% উপকারভোগীর গাভী আছে ৩-৪টা এবং ৪ এর বেশি গাভী রয়েছে এমন উপকারভোগী ৫.১৪%। বর্তমানে গাভী নেই এমন উপকারভোগীর সংখ্যা ১৯.০৩%। উপকারভোগী সদস্যদগণ তাদের উৎপাদিত দুধ মিল্কভিটা, অগ্রণী ডেইরি, আড়ং, আফতাব, স্থানীয় বাজার এবং অন্যান্য স্থানে দুধ বিক্রয় করে থাকেন। এছাড়া শতভাগ উত্তরদাতা জানিয়েছেন যে, মিল্ক ভিটা থেকে দুধের সঠিক দাম পাচ্ছেন না। বর্তমানে প্রতি লিটার দুধের গড় মূল্য নূন্যতম ৫০-৫৫ টাকা নির্ধারণ করা প্রয়োজন বলে জানান।

প্রকল্পের সবল দিকগুলো হলো দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণের জন্য সঠিক প্রকল্প এলাকা নির্বাচন; বাস্তবায়নকারী সংস্থা (মিল্ক ভিটা) কর্তৃক সমজাতীয় প্রকল্প বাস্তবায়নের দীর্ঘ দিনের অভিজ্ঞতা এবং মিল্ক ভিটার নিজস্ব জমিতে কারখানা স্থাপন। প্রকল্পের সুযোগসমূহ হলো দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধান; গবাদিপশুর জাত উন্নয়ন ও চারণ ভূমি উন্নয়নের মাধ্যমে অধিক দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্য উৎপাদন; গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের সুযোগ এবং শিক্ষিত যুব মহিলাদের কর্মসংস্থান। প্রকল্পের দুর্বল দিকসমূহ হলো ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন, প্রয়োজনীয় জনবল নিয়োগ না করা, বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তদারকি না থাকা এবং মাঠ পর্যায়ে সমবায়ীদের জন্য ঋণ কার্যক্রম বাস্তবায়নে একটি উপযুক্ত ঋণ পরিচালন নীতিমালা না থাকা। নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি ও বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধি প্রকল্পের অন্যতম ঝুঁকি।

নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন হবে না বিধায় প্রকল্পের লক্ষ্যমাত্রা ও ব্যয় বরাদ্দ এবং প্রকল্প বাস্তবায়নকাল পুনঃনির্ধারণ করা প্রয়োজন; প্রকল্পের সুষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে পূর্ণকালীন অভিজ্ঞ ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন; প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সমাপ্তকরণের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নসহ প্রকল্পের কাজের গতি বৃদ্ধির জন্য বাস্তবায়নকারী সংস্থা, মন্ত্রণালয়/বিভাগের তদারকি বৃদ্ধি করা; ঋণের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরণের জন্য একটি বাস্তবভিত্তিক পরিপূর্ণ ঋণ পরিচালন নীতিমালা প্রণয়ন করা আবশ্যক; প্রকল্পের বিতরণকৃত অনাদায়ী ঋণের টাকা (আউটস্টেন্ডিং) আদায়ের জন্য প্রকল্প সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। অনাদায়ী ঋণ আদায়ে ব্যর্থতায় সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন; ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের পূর্বে বস্তুনিষ্ঠভাবে কারিগরি সম্ভাব্যতা যাচাই করা আবশ্যক; মিল্কভিটা দুধের প্রাপ্যতা নিশ্চিত করার লক্ষ্যে ঋণপ্রাপ্ত উপকারভোগীদের মোটিভেশনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা এবং প্রকল্পের উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণ ও উপকরণ সহায়তা সেবা অব্যাহত রাখা যেতে পারে; প্রকল্পের চ্যালেঞ্জসমূহ নিয়মিত উদ্যোগী মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশন/আইএমইডিকে অবহিত করা এবং তা উত্তরণের জন্য বাস্তবায়নকারী সংস্থা, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, অনুমোদনকারী কর্তৃপক্ষের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা এবং অনিষ্পত্তিকৃত অডিট আপত্তিসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

বর্ণিত প্রকল্পটি বাস্তবায়িত হলে বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকার গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার, দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী সরবরাহ বৃদ্ধি পাবে এবং দুগ্ধের ন্যায্যমূল্য নিশ্চিতকরণের মাধ্যমে সমবায়ী কৃষকগণ অর্থনৈতিকভাবে উপকৃত হবেন।

Acronyms and Abbreviations

ADP	Annual Development Programme
BCR	Benefit Cost Ratio
BIM	Bangladesh Institute of Management
BoQ	Bill of Quantities
BPPA	Bangladesh Public Procurement Authority
DPP	Development Project Proposal
DPM	Direct Procurement Method
DoFP	Delegation of Financial Power
EPB	Export Promotion Bureau
FGD	Focus Group Discussion
GoB	Government of Bangladesh
IMED	Implementation Monitoring and Evaluation Division
IRR	Internal Rate of Return
KII	Key Informant Interview
NAPD	National Academy for Planning and Development
NOA	Notification of Award
NPV	Net Present Value
OTM	Open Tendering Method
PD	Project Director
PPA	Public Procurement Act-2006
PPR	Public Procurement Rules-2008
PIC	Project Implementation Committee
PMU	Project Monitoring Unit
PSC	Project Steering Committee
QCBS	Quality and Cost Based Selection
RDPP	Revised Development Project Proposal
RFQ	Request For Quotation
RoI	Return on Investment
SPSS	Statistical Package for Social Science
SWOT	Strengths, Weaknesses, Opportunities and Threats
ToR	Terms of Reference

শব্দকোষ (Glossary)

মিল্ক প্রোটিন (Milk Protein):

মিল্ক প্রোটিন হলো দুধে থাকা একটি জটিল রাসায়নিক পদার্থ, যা হাইড্রোলাইসিস করার সময় অ্যামিনো অ্যাসিডে ভেঙ্গে যায়। দুধের প্রোটিনগুলি প্রয়োজনীয় অ্যামিনো অ্যাসিডের একটি চমৎকার উৎস এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ কারণ তারা পনিরের ফলন বাড়ায় এবং দুধের স্বাদ বাড়ায়।

দুগ্ধজাত পণ্য (Dairy Products):

দুধের যে কোনো প্রক্রিয়াকরণের মাধ্যমে প্রাপ্ত একটি পণ্য, যাতে খাদ্য সংযোজন এবং প্রক্রিয়াকরণের জন্য কার্যকরীভাবে প্রয়োজনীয় অন্যান্য উপাদান থাকতে পারে (কোডেক্স অ্যালিমেন্টারিউস)।

মিল্ক চিলিং প্ল্যান্ট (Milk Chilling Plant):

মিল্ক চিলিং প্ল্যান্ট, যা মিল্ক কুলিং প্ল্যান্ট নামেও পরিচিত, এটি এমন একটি সুবিধা যা একটি নিয়ন্ত্রিত তাপমাত্রায় তাজা দুধকে দ্রুত ঠান্ডা করে এবং সংরক্ষণ করে। চিলিং বা শীতলীকরণ প্ল্যান্ট এর উদ্দেশ্য হল ব্যাকটেরিয়ার বিকাশ রোধ করে এবং এর পুষ্টি উপাদান সংরক্ষণ করে দুধের সতেজতা এবং গুণগতমান রক্ষা করা।

ফ্লেবার্ড মিল্ক (Flavored Milk):

ফ্লেবার্ড দুধ হল একটি মিষ্টি দুগ্ধ পানীয় যা দুধ, চিনি, স্বাদ এবং কখনও কখনও খাবারের রঙ দিয়ে তৈরি। এটি একটি পাস্তুরিত, রেফ্রিজারেটেড পণ্য হিসেবে বা একটি অতি-উচ্চ-তাপমাত্রা (UHT) চিকিৎসা পণ্য হিসেবে বিক্রি করা যেতে পারে, যার জন্য হিমায়নের প্রয়োজন হয় না।

গুঁড়ো দুধ (Powder Milk):

গুঁড়ো দুধ হলো দুগ্ধজাত দ্রব্য যা দুধ থেকে পানি আংশিক অপসারণের মাধ্যমে পাওয়া যায়। দুধের চর্বি অথবা প্রোটিন সামগ্রী দুধের উপাদানগুলি যোগ অথবা প্রত্যাহার করে এমনভাবে সামঞ্জস্য করা হয় যাতে সমন্বয় করা দুধের কেসিন অনুপাতের সাথে প্রোটিন পরিবর্তন না হয়)।

কবো টুলবক্স (KoBo Toolbox):

KoBo toolbox কাগজবিহীন গবেষণা পরিচালনার সুবিধা প্রদান করে। সাধারণত মোবাইল ডিভাইসে ডেটা সংগ্রহ করতে Kobo toolbox অ্যাপ ব্যবহার করা হয়। KoboToolbox অ্যাকাউন্ট থেকে সহজেই ফর্ম যোগ করা যায় এবং KoboToolbox-এ সংগৃহীত ডেটা সহজেই স্থানান্তর করা যায়। জটিল ফরম্যাটে ডেটা রেকর্ড করতে সক্ষম যেমন সংখ্যাসূচক ডেটা, বর্ণনামূলক ডেটা, ফটো, ভিডিও, শব্দ, স্থানাঙ্ক এবং অন্যান্য ডেটা, গবেষণা পরিচালনা করার সময় গতিশীলভাবে ফর্ম পরিবর্তন করে এবং ইন্টারেক্টিভ অ্যাপ্লিকেশনগুলো প্রদর্শন করে।

প্রথম অধ্যায়

প্রকল্পের বিস্তারিত বিবরণ

১.১ প্রকল্পের পটভূমি

বাংলাদেশ ভূ-খন্ডে ১৯৪৬ সালে কারখানাভিত্তিক দুগ্ধ শিল্প গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। পাবনা-সিরাজগঞ্জ জেলায় নামমাত্র মূল্যে দুধ বিক্রয় হতো, দুগ্ধ ব্যবসায়ীরা কলকাতা-কে মার্কেট হিসাবে চিহ্নিত করে "ন্যাশনাল নিউট্রিশন কোম্পানির" নামে একটি সর্বভারতীয় প্রতিষ্ঠান গড়ার অভিপ্রায়ে সিরাজগঞ্জ জেলার লাহিড়ী মোহনপুর এলাকায় দুগ্ধ কারখানা স্থাপন করার জন্য মেশিনারিজ নিয়ে আসে। কারখানার স্থাপনা কার্যক্রম শুরু হলেও দেশ বিভক্তির কারণে ১৯৪৭ সালে এ উদ্যোগ বন্ধ হয়ে যায়। পরবর্তীতে ১৯৪৮ সালে জনাব মুখলেছুর রহমান তাঁর নিজস্ব সম্পদ বিনিময় সূত্রে কারখানাটির মালিকানা গ্রহণ করেন। কারখানাটির নাম পরিবর্তন করে "ইষ্টার্ন মিল্ক প্রোডাক্টস" দেয়া হয় এবং স্থাপনা কাজ ১৯৫২ সালে সমাপ্ত করা হয়। কারখানা হতে তখন দুধ, ঘি, মাখন ইত্যাদি দুগ্ধজাত পণ্য সামগ্রী উৎপাদন করে কলকাতা শহরে স্বল্প পরিসরে কিছু দিন মিল্ক ভিটা নামে বাজারজাত করা হতো।

১৯৬৬ সালে প্রতিষ্ঠানটি সমবায় ব্যবস্থাপনায় এনে সমবায় ভিত্তিক প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমিতি গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয় এবং পুরানো নাম সংশোধন করে প্রতিষ্ঠানটির নাম রাখা হয় "ইষ্টার্ন মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ ইউনিয়ন লিমিটেড" প্রাথমিকভাবে সমবায় ব্যবস্থাপনা পদ্ধতি ফলপ্রসূ না হওয়ায় ১৯৬৮ সালে সমবায় মার্কেটিং সোসাইটি কর্তৃক উক্ত কারখানাটির দায়িত্বভার গ্রহণ করা হয়। একই সময়ে আর্থিকভাবে দেউলিয়াত্বের কারণে ঢাকার তেজগাঁতে "অষ্টো ডেইরি" নামে বোতলজাত দুগ্ধ উৎপাদন ও বিপণনের আরেকটি প্রতিষ্ঠান সমবায় মার্কেটিং সোসাইটি কর্তৃক দায়িত্বভার গ্রহণ করা হয়। সমবায় মার্কেটিং সোসাইটি ও প্রতিষ্ঠান দু'টির আর্থিক অবস্থার উন্নতি অর্জনে চরমভাবে ব্যর্থ হয়। প্রতিষ্ঠান দু'টি সীমিতভাবে কিছুদিন উৎপাদন ও বিপণন কর্মকান্ড পরিচালনা হলেও সঠিক ব্যবস্থাপনা ও আর্থিক সহযোগিতার অভাবে ১৯৭০ সালের প্রথমদিকে কারখানা দু'টির উৎপাদন ও বিপণন কার্যক্রম বন্ধ হয়ে যায়।

স্বাধীনতার মহান স্থপতি, কৃষক-শ্রমিকের অকৃত্রিম বন্ধু, মেহনতি জনতার কণ্ঠস্বর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পরেই মেহনতি মানুষের ভাগ্যের উন্নয়ন, কৃষকের উৎপাদিত দুধের ন্যায্য মূল্য এবং শহরের ভোক্তা শ্রেণির মধ্যে নিরাপদ ও স্বাস্থ্য সম্মত দুগ্ধ সরবরাহের নিমিত্ত নিজস্ব উৎপাদন ক্ষেত্র দিয়ে দুগ্ধ চাহিদা মেটানোর লক্ষ্যে ভারতের "আমূল" পদ্ধতি অনুসরণ পূর্বক দুগ্ধ শিল্প গড়ে তোলার জন্য নির্দেশনা প্রদান করেন। তারই ফলশ্রুতিতে দেশের জনগণের পুষ্টি চাহিদা পুরণে দুগ্ধ সংকট নিরসনের পদ্ধতি নিরূপণের জন্য ১৯৭৩ সালে জাতিসংঘ উন্নয়ন সংস্থা (ইউএনডিপি) ও ডেনমার্ক এর আন্তর্জাতিক উন্নয়ন এজেন্সি ড্যানিডা এর সহায়তায় দুই পরামর্শক যথাক্রমে মি. ক্যাসট্রপ ও মি. নেলসন কর্তৃক এ দেশের দুগ্ধ শিল্প নিয়ে স্টাডি করা হয়। বাংলাদেশ সরকার স্টাডি দুটির সুপারিশ বিবেচনা করে পূর্বতন কারখানা দুটির দায়-দেনা পরিশোধ করে নতুন এলাকায় সমবায় দুগ্ধ প্রকল্প নামে ১৯৭৩ সালে একটি দুগ্ধ শিল্প উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়। দুগ্ধ উৎপাদনকারী কৃষকদের স্বার্থ সংরক্ষণ করে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির নিমিত্তে সরকারের ১৩.১২ কোটি টাকা ঋণ সহায়তায় দেশের পাঁচটি দুগ্ধ এলাকায় নিম্নোক্ত দুটি মৌলিক আদর্শ বাস্তবায়নের লক্ষ্যে কারখানা স্থাপন করা হয়। পরবর্তীতে নাম পরিবর্তন করে ১৯৭৭ সালে "বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড" নামকরণ করা হয়।

১.২ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

প্রকল্পের নাম	:	বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)		
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।		
বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা)।		
বাস্তবায়নকাল	:			
		(ক) মূল	:	আরম্ভ: জানুয়ারি, ২০১৮ সমাপ্ত: ডিসেম্বর, ২০২১
		(খ) ১ম সংশোধিত প্রকল্প	:	আরম্ভ: জানুয়ারি, ২০১৮ সমাপ্ত: জুন, ২০২৫

১.২.১ প্রকল্পের লক্ষ্য

- দারিদ্র্য বিমোচন;
- আয়বর্ধন সংক্রান্ত কার্যক্রম সম্প্রসারণ এবং স্বাস্থ্যসম্মত টাটকা পাস্তুরিত তরল দুগ্ধ সরবরাহের মাধ্যমে পুষ্টিমান উন্নয়ন;
- তরল দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণ করা এবং গুঁড়ো দুধের আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা;

১.২.২ প্রকল্পের উদ্দেশ্য

১. বহুমুখী দুগ্ধ পণ্য উৎপাদন কারখানা স্থাপন;
২. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধানে সহায়তা করা;
৩. গবাদিপশুর জাত উন্নয়ন;
৪. গবাদিপশুর চারণ ভূমি উন্নয়ন এবং
৫. গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি করা।

১.২.৩ প্রকল্পের কার্যক্রম

বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) প্রকল্পের কার্যক্রম নিম্নরূপ:

- জনবল নিয়োগ (প্রেষণে-১, অতিরিক্ত দায়িত্ব-১, সরাসরি নিয়োগ-৮৩জন, আউটসোর্সিং-৯ জন)-৯৪ জন;
- পরামর্শক (২ জন) নিয়োগ;
- আবাসিক বিল্ডিং (রেস্ট হাউজ ও কোয়ার্টার) নির্মাণ;
- অনাবাসিক বিল্ডিং নির্মাণ (কারখানা, অফিস বিল্ডিং, বুল সেড, অভ্যন্তরীণ রাস্তা ও অন্যান্য);
- বিল্ডিং (প্রকৌশলী সেবা ফি) নির্মাণ;
- বিল্ডিং (৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও ১টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপনের জন্য) নির্মাণ;
- জীপ ডাবল কেবিন পিকআপ, ট্রাক (৩টি) ক্রয়;
- মিল্ক ট্যাংকার, আইসক্রিম ফ্রিজিং ভ্যান , ইসুলেটেড মিল্ক কভার্ড ভ্যান ও রেফ্রিজারেটেড কভার্ড ভ্যান) ক্রয়;
- মোটরসাইকেল স্কুটি (স্কুটি মহিলা কর্মকর্তাদের জন্য) ক্রয়;
- বাইসাইকেল (২০টি) ক্রয়;
- ইঞ্জিন চালিত নৌকা (৪টি) ক্রয়/সংগ্রহ;
- বৈদ্যুতিক সরঞ্জামাদি (জেনারেটর ও অন্যান্য) ক্রয়;
- দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের মাননিয়ন্ত্রণ ল্যাব সরঞ্জামাদি ক্রয়;
- ফ্রোজেন সিমেন ল্যাবরেটরী সরঞ্জামাদি ক্রয়;
- কৃত্রিম প্রজনন সরঞ্জামাদি ক্রয়/সংগ্রহ;
- ব্রিডিং বুল ক্রয় (আমেরিকা, ইউরোপ, অস্ট্রেলিয়া)-৫টি ক্রয়/সংগ্রহ;
- মাইক্রো বায়োলজিক্যাল, ডেইরি বায়ো টেকনোলজিক্যাল ল্যাব সরঞ্জামাদি ক্রয়;
- মোবাইল ডায়গনস্টিক ল্যাব সরঞ্জামাদি ক্রয়;
- ফ্রিজিং রুম, কোল্ড রুম ও প্যাকেজিং মেশিনারিজ ক্রয়;
- ঘি, বাটার এবং চিজ প্রোডাকশন সেকশনের মেশিনারিজ ক্রয়;
- ফ্লেবার্ড মিল্ক প্রসেসিং প্ল্যান্ট মেশিনারিজ ক্রয়;
- দই, রসমালাই এবং লাবাং প্রোডাকশন প্যাকিং সেকশন
- ইউএসটি মিল্ক প্ল্যান্ট, অটোমেটিক আইসক্রিম প্ল্যান্ট, চকোলেট ও ক্যান্ডি প্ল্যান্ট, নাইট্রোজেন প্ল্যান্ট ফার্মকুলার প্ল্যান্ট-মেশিনারিজ ক্রয়;
- অটোমেটিক আইসক্রিম প্ল্যান্ট (৫০০০পিস/ঘন্টা) ক্রয়;
- চকোলেট এবং ক্যান্ডি প্ল্যান্টইউটিলিটি সার্ভিস এবং অন্যান্য মেশিনারিজ
- নাইট্রোজেন প্ল্যান্ট- মেশিনারিজ ক্রয়;
- অ্যালুমিনিয়াম মিল্ক ক্যান (৪০ লি. ধারণ ক্ষমতা সম্পন্ন)

- ফার্মকুলার প্ল্যান্ট/মিনি ডেইরি প্ল্যান্ট মেশিনারিজ ক্রয়;
- সফটওয়্যার ডেভেলপমেন্ট;
- ভূমি (দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের জন্য) ক্রয়।

১.২.৪ প্রকল্প এলাকা

প্রকল্পটি ২টি বিভাগের ১১টি জেলা ২০টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। যা নিম্নরূপ:

ক্র.নং	বিভাগ		জেলা		উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা		মন্তব্য
	১ম সংশোধিত	মূল	১ম সংশোধিত	মূল	১ম সংশোধিত	মূল	
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	ঢাকা	ঢাকা	ফরিদপুর	মাদারীপুর	ফরিদপুর	রাজৈর (টেকেরহাট)	মূল কারখানা স্থাপনের স্থান পরিবর্তন হয়েছে।
২			ফরিদপুর	ফরিদপুর	সদর উপজেলা (নর্থচ্যানেল, ডিগ্রির চর এবং চর মাধবদিয়া) চরভদ্রাসন,আলফাডাঙ্গা, বোয়ালমারি	সদর উপজেলা (নর্থচ্যানেল, ডিগ্রির চর এবং চর মাধবদিয়া) চরভদ্রাসন, আলফাডাঙ্গা, বোয়ালমারি	পরিবর্তন হয় নাই
৩			গোপালগঞ্জ	গোপালগঞ্জ	মুকসুদপুর, কোটালীপাড়া, টুঙ্গিপাড়া, কাশিয়ানী	মুকসুদপুর, কোটালীপাড়া, টুঙ্গিপাড়া, কাশিয়ানী	পরিবর্তন হয় নাই
৪			রাজবাড়ী	গোপালগঞ্জ	পাংশা ও গোয়ালন্দের চর	পাংশা ও গোয়ালন্দের চর	পরিবর্তন হয় নাই
৫			মানিকগঞ্জ	গোপালগঞ্জ	চরহরিরামপুর	গোপালগঞ্জ সদর	বাদ দেয়া হয়েছে
৬	খুলনা	খুলনা	খুলনা	খুলনা	শাহাপুর/ডুমুরিয়া	রূপসা, তেরখাদা	স্থান পরিবর্তন হয়েছে।
৭			যশোর	যশোর	কেশবপুর	মনিরামপুর	স্থান পরিবর্তন হয়েছে।
৮			সাতক্ষীরা	সাতক্ষীরা	দুগ্ধ সমৃদ্ধ অঞ্চল	সাতক্ষীরা সদর	স্থান পরিবর্তন হয়েছে।
৯	খুলনা	খুলনা	কুষ্টিয়া	--	কুমারখালী/দুগ্ধ সমৃদ্ধ অঞ্চল	--	পরিবর্তন হয় নাই
১০			নড়াইল	নড়াইল	দুগ্ধ সমৃদ্ধ অঞ্চল	নড়াইল জেলার লোহাগাড়া	পরিবর্তন হয় নাই
১১			মাগুরা	মাগুরা	দুগ্ধ সমৃদ্ধ অঞ্চল	মাগুরা জেলা সদর	পরিবর্তন হয় নাই
১২			চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা	দুগ্ধ সমৃদ্ধ অঞ্চল	চুয়াডাঙ্গা জেলা সদর	পরিবর্তন হয় নাই
১৩			মেহেরপুর	মেহেরপুর	দুগ্ধ সমৃদ্ধ অঞ্চল	মেহেরপুর জেলা সদর	পরিবর্তন হয় নাই

১.৩ প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় "বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা) কর্তৃক বাস্তবায়নাধীন "বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন" শীর্ষক প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি বিবরণী নিম্নের সারণি-১.১ দেয়া হলো-

সারণি-১.১: প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	মোট সময় মাস	অনুমোদনের তারিখ	পরিবর্তন (মূল প্রকল্পের তুলনায়)	
	মোট	জিওবি	মিল্ক ভিটার নিজস্ব তহবিল	অন্যান্য				ব্যয় পরিমাণ (%)	সময় পরিমাণ (%)
মূল ডিপিপি	৩৪৪১৯.২৯	৩২৯১৯.২৯	১৫০০.০০	--	জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১	৩৬	১৬.০১.২০১৮	--	--
সংশোধিত আদেশ অনুযায়ী ডিপিপি	৩৫৪৪৯.৬৮	৩২৯৭৬.১৮	২৪৭৩.৫০	--	জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১	৩৬	২৭.০৫.২০১৯	২.৯৯% বৃদ্ধি	--
১ম সংশোধিত ডিপিপি	৩৮৭৪৯.০০	৩৭২৪৯.০০	১৫০০.০০	--	জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৫	৭৮	২৩.০৫.২০২২	১২.৫৮% বৃদ্ধি	১১৬.৬৬% বৃদ্ধি

উৎসঃ আরডিপিপি

প্রকল্পের মূল ডিপিপি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে মোট ৩৪৪১৯.২৯ লক্ষ টাকা (জিওবি ৩২৯১৯.২৯ লক্ষ টাকা এবং নিজস্ব তহবিল (মিল্কভিটা) ১৫০০.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে বিগত ১৬/০১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। পরিকল্পনা কমিশনের স্মারক নং-০০.০০০০.০০ পত্রমুলে জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে মোট ৩৫৪৪৯.৬৮ লক্ষ টাকা (জিওবি ৩২৯৭৬.১৮ লক্ষ টাকা এবং নিজস্ব তহবিল (মিল্কভিটা) ২৪৭৩.৫০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির ডিপিপি অনুমোদিত হয়। সংশোধিত আদেশ অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩৫৪৪৯.৬৮ লক্ষ টাকা বা মূল প্রকল্পের তুলনায় ২.৯৯% বৃদ্ধি। পরবর্তীতে পরিকল্পনা কমিশনের কৃষি ও পল্লী প্রতিষ্ঠান অনুবিভাগ, পল্লী উন্নয়ন-২ শাখা (পত্র নং-২০.০৪.০০০০.৩৪৩.১৪.০১৩.১৯-১২) কর্তৃক ২৩/০৫/২০২২ তারিখে প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদিত হয়েছে। ১ম সংশোধিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩৮৭৪৯.০০ লক্ষ টাকা বা মূল প্রকল্পের তুলনায় ১২.৫৮% বৃদ্ধি এবং ১১৬.৬৬% সময় বৃদ্ধি হয়েছে।

১.৪ প্রকল্পের বছরভিত্তিক কর্মপরিকল্পনা

প্রকল্পের আরডিপিপিতে বছরভিত্তিক প্রতিটি অঙ্গের কর্মপরিকল্পনা রয়েছে। কর্মপরিকল্পনায় দেখা যায় যে, প্রকল্পের প্রধান কাজ ছিল ভূমি ক্রয়, দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপন, গাভী ঋণ (সমবায় ঋণ), কারখানার জন্য বিভিন্ন যন্ত্রপাতি ও সরঞ্জামাদি স্থাপন, গবেষণাগার সরঞ্জামাদি সংগ্রহ ও স্থাপন, আবাসিক ভবন (রেস্ট হাউজ, কোয়ার্টার), অনাবাসিক ভবন (কারখানা, অফিস ভবন, বুলসেড) অভ্যন্তরীণ রাস্তা, প্রকৌশল সেবা ফি, ৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও ১টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপন ও মোটরযান সংগ্রহ। প্রকল্পের বছরভিত্তিক কর্মপরিকল্পনার ফলাফল তৃতীয় অধ্যায়ে দেয়া হয়েছে। আরডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় বছরভিত্তিক কর্মপরিকল্পনা বিস্তারিত বিবরণ সংযুক্তি- ১ এ দেয়া হয়েছে।

১.৫ প্রকল্পের ক্রয় পরিকল্পনা

আরডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ৩২টি, কার্য ক্রয়ের ৩টি এবং সেবা ক্রয়ের ২টি প্যাকেজ রয়েছে। প্রকল্পের যাবতীয় ক্রয় কার্যক্রম (পণ্য, কার্য ক্রয়, এবং সেবা ইত্যাদি) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী সম্পন্ন করা হয়েছে কিনা এবং ক্রয় পরিকল্পনা পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসারে সম্পাদিত হয়েছিল কি-না তা' সমীক্ষাকালে ক্রয় সংক্রান্ত দলিল/কাগজপত্র পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে। ক্রয় কার্যক্রমের ৩টি কেস স্ট্যাডি প্রতিবেদনের তৃতীয় অধ্যায়ের ৩.৭ অনুচ্ছেদে সন্নিবেশ করা হয়েছে। উল্লেখ্য যে, বিপিপিএ কর্তৃক ফরম্যাট (সংযোজনী-৬) অনুসরণে ক্রয় সংক্রান্ত তথ্যসংগ্রহ করে বিশ্লেষণ, পর্যালোচনা এবং পর্যবেক্ষণ করে প্রতিবেদনে সন্নিবেশ করা হয়েছে। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয়-পরিকল্পনা (পণ্য, কার্য ও সেবা ক্রয়) সংযুক্তি ২ এ দেয়া হয়েছে।

১.৬ আরডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম

সংক্ষিপ্ত বর্ণনা (Narrative Summary)		বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (Objectively Verifiable Indicators)	যাচাইয়ের মাধ্যম (Means of Verifications)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
লক্ষ্য (Goal)	দারিদ্র্য বিমোচন; আয়বর্ধন সংক্রান্ত কার্যক্রম সম্প্রসারণ এবং স্বাস্থ্যসম্মত টাটকা পাস্তুরিত তরল দুগ্ধ সরবরাহের মাধ্যমে পুষ্টিমান উন্নয়ন করা; তরল দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণ করা এবং গুঁড়ো দুধের আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা;	চাহিদার তুলনায় উৎপাদন কম হওয়ায় প্রেক্ষাপটে এশিয়ান ও ইউরোপীয়ান কিছু দেশ থেকে নিম্নমানের গুঁড়োদুধ আমদানি করে দেশের দুধের চাহিদা পূরণ করা হয়। তদুপরি অসাধু ফড়িয়া/ পাইকার/ঘোষ প্রভৃতি মধ্যস্বত্বভোগীরা নিম্নমানের পাউডার দুধ পানির সাথে মিশিয়ে তরল দুধ তৈরি করে। নন-পাস্তুরিত এ সকল তরল দুধের গুণগতমান এবং জীবনকাল নিয়ে আমাদের দেশের ভোক্তাগণ খুবই উদ্বিগ্ন। বর্তমানে বাংলাদেশে দুগ্ধ উৎপাদনকরী সমবায় ইউনিয়ন লিমিটেড এর ৫৭ টি দুগ্ধ এলাকায় সমবায়ী দুগ্ধ উৎপাদনকারী খামারিদের প্রায় ২ লক্ষ ৭৫ হাজার গাভী লালিত পালিত হচ্ছে। যেখানে ৩৫৬৫ টি প্রাথমিক সমবায় সমিতির অধীনে প্রায় ১৩৫৪৪৮ জন সমবায়ী সদস্য এবং প্রায় ৮.০৫ লক্ষ সুবিধাভোগকারী সমবায়ী পরোক্ষ এবং প্রত্যক্ষভাবে জড়িত। এছাড়াও মিল্কভিটায় প্রায় ১০৬১ জন কর্মকর্তা/কর্মচারীর সরাসরি কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। মিল্ক ভিটা বর্তমানে প্রতিদিন প্রায় ২ লক্ষ লিটার পাস্তুরিত তরল দুধ এবং অন্যান্য দুগ্ধজাত পণ্য সামগ্রী বিপণন করে থাকে। সমবায়ী খামারিদের দুগ্ধ উৎপাদন এবং গাভী লালন-পালনের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে সমবায় বান্ধব সরকারের বেকারত্ব দূরীকরণে গাভী লালন-পালনকে অন্যতম টুলস (Tools) হিসেবে গ্রহণ করা হয়েছে। ফলে শিক্ষিত যুব মহিলারা পড়াশুনার পাশাপাশি গাভী লালন পালন/ষাঁড় মোটাতাজাকরণসহ বিভিন্ন off Farm কার্যক্রম গ্রহণের ফলে পূর্বের তুলনায় দুধের উৎপাদন কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। ফলে বর্ণিত প্রকল্প বাস্তবায়িত হলে প্রতিদিন একলক্ষ লিটার দুধ প্রক্রিয়াজাত করা সম্ভবপর হবে।	বর্তমানে দুগ্ধ উৎপাদনের ধারাবাহিকতা বিবেচনা করা; প্রাথমিক সমিতির বাৎসরিক অডিট রির্পোট; প্রাথমিক সমিতির দুগ্ধ খরিদ রির্পোট; প্রকল্প কার্যালয় রির্পোট;	সহজে এবং সাশ্রয়ী মূল্যে পাস্তুরিত তরল দুধের প্রাপ্যতা; তরল দুধের উৎপাদন বৃদ্ধি ও কৃষকের কর্মসংস্থান সৃষ্টি;
উদ্দেশ্য (Purpose/ outcome)	১. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির অভাব কমিয়ে আনা এবং আমদানি নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা; ২. নিম্নমানের ভেজাল দুধ না খাওয়ার জন্য জনসচেতনতা তৈরি করা; ৩. গুণগতমানের টাটকা দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে	১. সারা বৎসর দুধের ন্যায্যমূল্য পরিশোধ করা এবং সমবায়ীদের আর্থ-সামাজিক উন্নয়ন বিবেচনা করা; ২. সমবায়ী খামারিদেরকে গাভী লালনপালন, দুগ্ধ দোহন, দুগ্ধ সংরক্ষণ এবং কোল্ড চেইন মেইনটেন ইত্যাদি বিষয় সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা; ৩. দুগ্ধ সমবায় সমিতি এবং ছোট ছোট খামার স্থাপনের মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করা; ৪. উৎপাদনের মূল স্তর হিসেবে দুগ্ধ ইন্ডাস্ট্রি স্থাপন সংক্রান্ত উদ্যোক্তা সৃষ্টি	• জরিপ প্রতিবেদন • প্রাথমিক সমিতির বাৎসরিক অডিট রির্পোট; • প্রাথমিক সমিতির দুগ্ধ খরিদ রির্পোট; • আইএমইডি রির্পোট; • প্রকল্প কার্যালয়	প্রকল্পটি পরিচালনা বিষয়ে সুবিধাভোগীগণ আশাবাদী এবং এর মাধ্যমে তারা সঠিকভাবে সময়মতো এবং ন্যায্যমূল্যে কারখানায় দুগ্ধ সরবরাহ করতে পারবে;

সংক্ষিপ্ত বর্ণনা (Narrative Summary)		বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (Objectively Verifiable Indicators)	যাচাইয়ের মাধ্যম (Means of Verifications)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
	কর্মসংস্থান সৃষ্টি করা; ৪. স্বাস্থ্যসম্মত দুগ্ধ খামার স্থাপন করা, গাভী লালন পালন, স্বাস্থ্যসম্মত দুগ্ধ দোহন, ঘাস চাষ, দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ, দুগ্ধ পরিবহনসহ আর্থ-সামজিক উন্নয়ন দক্ষতার জন্য প্রশিক্ষণ প্রদান করা; ৫. স্থানীয়ভাবে গবাদি প্রাণীর সংখ্যা বৃদ্ধির মাধ্যমে দুগ্ধ ও দুগ্ধ পণ্য উৎপাদন বৃদ্ধি এবং ঘাস চাষ। সম্প্রসারণমূলক কার্যক্রম জোরদারকণ করা;	করা; ৫. বাজারে তরল দুধ, ঘি এবং মাখনের চাহিদা ও জোগান মধ্যে সমতা সৃষ্টি করা; ৬. কম পরিমাণে গুঁড়োদুধ আমদানি করে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা; ৭. দুধের উৎপাদন বৃদ্ধি করার জন্য দুগ্ধ কারখানা স্থাপন করা;	রির্পোট;	
আউটপুট (Output)	• সময় মত প্ল্যান্ট মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা; • সময়মতো জমি ক্রয় ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা; • সময় মত নির্মাণ কাজ সম্পন্ন করা; • গাড়ি, আসবাবপত্র এবং অফিস যন্ত্রপাতি ক্রয় করা • ৩৯৫০ খামারির প্রশিক্ষণ গ্রহণ; • ৭৯২০ টি বকনা/গাভী বিতরণ;	• প্রায় ২ লক্ষ ৭৫ হাজার গাভী পালনকারী মিল্ক ইউনিয়নে দুগ্ধ সরবরাহের সুবিধা পাবে; • প্রায় ১৩৫৪৪৮ জন সমবায়ী সদস্য তাদের দুগ্ধ উৎপাদন বৃদ্ধি এবং দুধের ন্যায্যমূল্য প্রাপ্তির মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন সুযোগ পাবে;	• প্রাথমিক সমিতির বাৎসরিক অডিট রির্পোট; • প্রাথমিক সমিতির দুগ্ধ খরিদ রির্পোট; • আইএমইডি রির্পোট; • প্রকল্প কার্যালয় রির্পোট; • প্রকল্পের মনিটরিং রির্পোট;	• সঠিকভাবে সঠিক সময়ে ন্যায্যমূল্যে গুণগত মানসম্পন্ন দুগ্ধ সরবরাহ করা যাবে;
ইনপুট (Input)	• আধুনিক মানের পাস্তুরাইজার, হোমোজিনাইজার, ক্রিম সেপারেটর, বাটার, পনির এবং ঘি তৈরির মেশিন স্থাপন করা; • সময়মতো জমি ক্রয় উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা; • সময়মতো মেশিনারিজ ক্রয় করা; • সময়মতো নির্মাণ কাজ সম্পন্ন করা; • সময়মতো দুগ্ধ খামারিগণকে প্রশিক্ষণ প্রদান করা;	• প্ল্যান্ট মেশিনারিজ ও যন্ত্রপাতি এবং অফিসের আসবাপপত্র ক্রয়কাজ সম্পন্ন করা; • সমিতির ৩৯৫০ জন সদস্যকে প্রশিক্ষণ এবং ১টি সেমিনার/ওর্য়াকসপ অনুষ্ঠান করা;	• প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন • সমিতির সদস্যদের সাক্ষাৎকার গ্রহণ	•নির্ভেজাল গুণগতমান সম্পন্ন দুধ; •প্রকল্পের মনিটরিং রির্পোট; •দুগ্ধ সংরক্ষণ পদ্ধতি

উৎস: আরডিপিপি

১.৭ প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা

প্রকল্পের Exit Plan সম্পর্কে ডিপিপি/আরডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ শেষে প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন, মেশিনারিজ, কম্পিউটার সামগ্রী, আসবাবপত্র ও নিয়োগকৃত জনবল এবং এর আয়-ব্যয় ও দায়-দেনা মিল্ক ইউনিয়নের অধীনে ন্যস্ত হবে এবং পরিচালিত হবে, ফলে সরকারের রাজস্ব খাত হতে কোন পরিচালন ব্যয়ের প্রয়োজন হবে না।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র তথ্য থেকে জানা গেছে প্রায় ২৮ লক্ষ পরিবার সরাসরি গবাদিপশু লালন-পালন করে থাকে। প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফল হলো প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় ৩০০০ জন কৃষকের প্রতি জনকে দুইটি করে দুগ্ধবতী গাভী প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা এবং পরিবারের পুষ্টির চাহিদা পূরণের পাশাপাশি আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা।

প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফল যাতে টেকসই হয় তার জন্য কৃষকের গাভীগুলো নিয়মিত বিনামূল্যে কৃত্রিম প্রজনন, ভ্যাকসিনেশন, চিকিৎসা এবং ন্যায্যমূল্যে দানাদার গো-খাদ্য সরবরাহ কার্যক্রম অব্যাহত থাকবে। গবাদিপশুকে সারা বৎসর অব্যাহতভাবে কাঁচা ঘাস সরবরাহের লক্ষ্যে প্রতিটি কৃষককে ঘাস চাষে উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে উন্নতজাতের ঘাসের বীজ/কাটিং সরবরাহ করা হবে। কৃষকের উৎপাদিত দুগ্ধ ন্যায্যমূল্যে নিয়মিত দিনে দুই বেলা বাজারজাত নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে সার্বক্ষণিক দুগ্ধ বিক্রির নিশ্চয়তা থাকবে।

সর্বোপরি সমিতির কোন সদস্যের গাভী মারা গেলে, তিনি যাতে ঝুঁকি মোকাবেলা করতে পারেন তার জন্য সমিতির সদস্যদের নিকট হতে ০.১% টাকা কর্তন করে গাভী ক্রয়ের জন্য একটি রিভলবিং তহবিল গঠন করা হবে। এই তহবিল সমিতির ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে পরিচালিত হবে। এভাবেই দেশের দুগ্ধ পণ্যের ক্রমবর্ধমান চাহিদার আলোকে উৎপাদিত বিভিন্ন পণ্যের সরবরাহ বর্ধিত করা আবশ্যক। বর্তমান প্রকল্পটি নিশ্চিতভাবেই পুষ্টি সমৃদ্ধ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী সরবরাহ সম্পন্ন করবে বিধায় তা এ দেশের দুগ্ধ ও দুগ্ধপণ্য উৎপাদন বৃদ্ধিকে সহায়তা প্রদান করবে এর ফলে একাধারে যেমন শহরবাসীরা অধিকতর দুগ্ধ পণ্যের সরবরাহ পেতে সক্ষম হবে, অন্যদিকে গ্রামীণ সমবায়ী কৃষকগণও তাদের উৎপাদিত দুগ্ধের ন্যায্যমূল্য পেয়ে অর্থনৈতিকভাবে উপকৃত হবে এবং সে সাথে গুঁড়াদুধের আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে ব্যাপক ভূমিকা রাখবে। বস্তুত:পক্ষে প্রকল্পটি দেশের উৎপাদনমূখী কার্যক্রমকে আরো গতিসম্পন্ন করবে।

(তথ্য সূত্র: আরডিপিপি)।

দ্বিতীয় অধ্যায়
নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

২.১ ভূমিকা

পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অন্তর্ভুক্ত চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম তদারকির পাশাপাশি গুরুত্বপূর্ণ চলমান উন্নয়ন প্রকল্পের "নিবিড় পরিবীক্ষণ" এবং সমাপ্ত প্রকল্পের "প্রভাব মূল্যায়ন" করে থাকে। অন্যান্য বৎসরের ন্যায় চলতি ২০২৩-২০২৪ অর্থ-বছরে আইএমইডি নিবিড় পরিবীক্ষণ ও প্রভাব মূল্যায়ন সমীক্ষা করার জন্য চলমান ও সমাপ্ত উভয় ধরনের প্রকল্প নির্বাচন করেছে। এ প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা) কর্তৃক বাস্তবায়নাধীন "বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনা করার জন্য এএসডি কনসালটেন্সি সার্ভিস-কে নির্বাচন করেছে। নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার পরিপত্র অনুযায়ী প্রতিবেদন তৈরি করা হয়েছে।

২.২ নিবিড় পরিবীক্ষণ কাজের পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের সুষম ও টেকসই উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন এবং উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার লক্ষ্যে বিভিন্ন উন্নয়নমূলক কাজ ডিপিপি প্রণয়ন করে পরিকল্পনা মন্ত্রণালয়ের একনেক সভায় ডিপিপি অনুমোদন করা হয়। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সরকারের বিভিন্ন সংস্থা ও বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ও বাস্তবায়িত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অর্ন্তভুক্ত প্রকল্পসমূহের কার্যক্রম নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়ন করে থাকে। চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রধান সমস্যা চিহ্নিত করা, প্রকল্পের কাজ টেকসই করার পরিকল্পনা যাচাই ও সমস্যাসমূহ উত্তরণের উপায় নির্ধারণ এবং সরকার ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা/বিভাগসমূহকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান যাতে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগসমূহ যথাযথভাবে প্রকল্প বাস্তবায়ন এবং ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের সময় এ বিষয়ে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করে। এ উদ্দেশ্যে আইএমইডি'র, সেক্টর-৮ কর্তৃক বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা) কর্তৃক বাস্তবায়নাধীন "বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণের জন্য এএসডি কনসালটেন্সি সার্ভিস-কে নিয়োজিত করেছে। কার্যপরিধির আলোকে নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের জন্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

২.৩ নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য

- অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা পর্যালোচনার মাধ্যমে যাচাই করা;
- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি লক্ষ্য, উদ্দেশ্য, অনুযায়ী ইনপুট ও আউটপুট কতটুকু অর্জন করতে সক্ষম হবে তা বিশ্লেষণ ও পর্যালোচনা করা;
- প্রকল্প ব্যবস্থাপনা ও নির্মাণ কাজের গুণগতমান যাচাই; এবং
- প্রকল্পের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার জন্য সুপারিশ প্রদান করা।

২.৪ নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি:

১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদনের অবস্থা, অর্থায়নের বিষয়, প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতা ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;

২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, অর্থছাড় ও ব্যয়, ধীর গতি কারণ এবং প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা। এছাড়া ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগফ্রেমের আলোকে আউটপুট পর্যায়ে অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্ছনীয়; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহিতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেশিফিকেশন/BoQ/ToR, গুণগতমান পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮) প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর প্রযোজ্য ক্ষেত্রে সুফল সৃষ্টি হয়েছে কিনা কিংবা প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন সম্ভব কিনা সে বিষয়ে মাঠ পর্যায় হতে প্রাইমারি ডাটা সংগ্রহ ও তা বিশ্লেষণের মাধ্যমে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করতে হবে;

৯) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা;

১০) প্রকল্পের সকল পূর্তকাজ যেমন: শীতলীকরণ কেন্দ্র ও মিনি ডেইরী প্ল্যান্ট স্থাপন, অনাবাসিক ভবন ও আবাসিক ভবন নির্মাণসহ অন্যান্য কাজের হালনাগাদ অবস্থার বিশ্লেষণ ও গুণগত মান যাচাই;

১১) প্রকল্পের অধীন গাভী ঋণ (সমবায় ঋণ) ৯০০০.০০ লক্ষ টাকা বিতরণের হালনাগাদ অবস্থা বিশ্লেষণ, ঋণবিতরণ নীতিমালা অনুসরণ পর্যালোচনা ও বিশ্লেষণ এবং তার ব্যত্যয় হলে কারণ পর্যালোচনা;

১২) ডিপিপির সংস্থান অনুযায়ী সকল গবেষণাগার সরঞ্জামাদি ও অন্যান্য সম্পদ সংগ্রহ ও ব্যবহার পর্যালোচনা করা। তার ব্যত্যয় হলে কারণ পর্যালোচনা;

১৩) ডিপিপি'র সংস্থান অনুযায়ী কত জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণপ্রাপ্তদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের কার্যকারিতা পর্যালোচনা;

১৪) প্রকল্প এলাকা নির্বাচনের যৌক্তিকতা, উক্ত এলাকায় দুধের প্রাপ্যতা আছে কিনা অর্থাৎ নির্মাণাধীন বিভিন্ন প্ল্যান্টের চাহিদা ও যোগানে অবস্থা যাচাই করা;

১৫) প্রকল্পটি সংশোধনের ফলে BCR ও IRR পর্যালোচনা ও পর্যবেক্ষণ। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

১৬) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit plan) করার লক্ষ্যে মতামত প্রদান;

১৭) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT বিশ্লেষণ; এক্ষেত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দুর্বলতা বা অসংগতি পর্যালোচনা ও ত্রুটি, দুর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

১৮) প্রকল্পের এক্সটারনাল ও ইন্টারনাল অডিটের বিষয়ে বিস্তারিত বিশ্লেষণ;

১৯) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্তি তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

২০) প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২১) ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২.৫ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি

২.৫.১ কৌশলগত পদ্ধতি

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনার জন্য সকল কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য ও কর্মপরিধির আলোকে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্যকে লক্ষ্য রেখে বর্তমান সমীক্ষার কৌশলগত পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য অর্জনে ৩ (তিন) ধরনের কৌশল অবলম্বন করা হয়েছে, যথা:

১) বিদ্যমান দলিলাদি পর্যালোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ;
২) জরিপের মাধ্যমে প্রকল্প এলাকা হতে সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহ;
৩) সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ, পরীক্ষণ ও বিশ্লেষণ।

২.৫.২ বিশ্লেষণগত কাঠামো

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের নির্দিষ্টকৃত নির্দেশকসমূহের সাথে সংগতি রেখে প্রাপ্ত তথ্যের input-output frame work এমনভাবে স্তর বিন্যাস করা হয়েছে যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন যায়। প্রাপ্ত তথ্যসমূহ SPSS ও MS Excel ডাটাবেজ এর সাহায্যে এন্ট্রি করা হয়েছে এবং SPSS ও MS Excel সফটওয়্যার ব্যবহার করে যথাযথ পরিসংখ্যান পদ্ধতির মাধ্যমে তথ্য বিশ্লেষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

২.৫.৩ সমীক্ষার ধারণা

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের জন্য ToR এ প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহিত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে কোন কোন কার্যক্রম যুগোপৎভাবে সম্পাদিত হয়েছে। কার্যক্রম গ্রহণের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণিত হলো।

প্রথম ধাপ: এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এছাড়া নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, প্রকল্প এলাকায় নমুনা নির্ধারণ ও বিভিন্ন প্রশ্নমালা ও ছক প্রস্তুত করা হয়েছে।

দ্বিতীয় ধাপ: এ ধাপে মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলি ও ছকের ওপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলি ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

তৃতীয় ধাপ:এ ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য/উপাত্ত সংগ্রহ করেছেন। পরামর্শক ও সমীক্ষা টিম কর্তৃক তথ্য সংগ্রহকারীদের কাজের তদারকি করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে দৈবচয়নের ভিত্তিতে নির্বাচিতদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন। এছাড়া প্রকল্প পরিচালকের অফিস হতে সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

চতুর্থ ধাপ: মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্যে ভুল/ত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য/উপাত্ত সংশোধনের পর সেগুলো সাংকেতিক নাম্বার প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে। পরবর্তীতে সংগৃহীত তথ্য/উপাত্তসমূহের পরিসংখ্যানিক বিশ্লেষণ করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল সারণি (টেবিল) আকারে উপস্থাপন করা হয়েছে।

পঞ্চম ধাপ: এ ধাপে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন ও পর্যালোচনার জন্য আইএমইডির নিকট দাখিল করা হয়েছে। খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটি ও সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সুপারিশের ভিত্তিতে খসড়া প্রতিবেদন প্রণয়নপূর্বক জাতীয় কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। কর্মশালা হতে প্রাপ্ত মতামত/ পরামর্শ/ সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হয়েছে।

২.৬ নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন

প্রকল্পের বর্তমান অবস্থা ও পটভূমির সঙ্গে তার নকশা/পরিকল্পনা তথা ডিপিপি'তে বর্ণিত বিষয়সমূহের চলক (Variable) ও নির্দেশকের (Indicator) মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনা করা হয়েছে। নিম্নোক্ত ছয়টি পর্যায়ে চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়েছে-

পরিবীক্ষণের প্রকৃতি	পরীক্ষণীয় বিষয়/ নির্দেশক
(১) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি	➢ প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি বিশ্লেষণ ও পর্যালোচনা; ➢ প্রকল্পের আওতায় প্রধান প্রধান কাজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা: ➢ অর্থ-বছরভিত্তিক কর্ম-পরিকল্পনা পর্যালোচনা; ➢ প্রকল্পের NPV, BCR ও IRR, ইত্যাদি বিষয় কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ ➢ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ; ➢ প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ এবং ➢ প্রকল্পের সম্ভাব্য Exit Plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান।
(২) প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা	➢ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে ক্রয় আইন পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এবং প্রযোজ্য গাইডলাইন অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা; ➢ অডিট সংক্রান্ত পর্যালোচনা (ইন্টারনাল এবং এক্সটারনাল অডিট) ➢ বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ; ➢ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা (যদি থাকে) যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, বিল পরিশোধ বিলম্ব, পরিচালন পদ্ধতিগত দুর্বলতা, পর্যবেক্ষণ ও পর্যালোচনা।

পরিবীক্ষণের প্রকৃতি	পরীক্ষণীয় বিষয়/ নির্দেশক
(৩) প্রকল্পের বর্তমান অবস্থা পর্যালোচনা	➢ প্রকল্পের মূল ডিপিপি অনুযায়ী মেয়াদকাল জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত হলেও পরবর্তীতে ১ম সংশোধিত ডিপিপিতে মেয়াদ জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৫ নির্ধারণ করা হয়েছে। প্রকল্পটি একটি অতি দুর্বল ও ধীরগতির প্রকল্প বলে প্রতীয়মান হওয়ায়, ধীরগতির প্রকৃত কারণ অনুসন্ধান করে প্রয়োজনীয় সুপারিশ প্রদান; ➢ প্রকল্পের প্রায় ৬ বছর অতিক্রান্ত হলেও এর আর্থিক অগ্রগতি ২০.১২% এবং ভৌত অগ্রগতি মাত্র ২১%। প্রকল্পের আর মাত্র ০১ বছর ০৫ মাস অবশিষ্ট রয়েছে। উক্ত সময়ে ৮০% অগ্রগতি অর্জন করা সম্ভব কিনা তা বিশ্লেষণ; ➢ প্রকল্পের লোকেশন স্থানান্তর তথা কারখানা ফরিদপুর সদর হতে রাজৈর (টেকেরহাটে স্থানান্তর), প্রকল্প কতিপয় লোকেশন নতুন অন্তর্ভুক্ত করা এবং মূল ডিপিপি এর কিছু এলাকা বাদ এর কারণে প্রকল্পটি বাস্তবায়নে কী কী জটিলতার সম্মুখীন হয়েছে তা বিশ্লেষণ; ➢ এছাড়া প্রকল্পের প্রকল্প পরিচালক বদলি, প্রকল্পের অন্যান্য জনবল সময়মতো নিয়োগ করতে না পারা এবং ১ম সংশোধনী বিলম্ব হওয়ায় প্রকল্পের গতি মন্থর হয়েছে কিনা তার বিশ্লেষণ ও সুপারিশ প্রদান ইত্যাদি।
(৪) প্রকল্পের আওতায় বিতরণকৃত গাভী ঋণের (সমবায় ঋণ) অবস্থা পর্যবেক্ষণ	➢ প্রকল্পের আওতায় বিতরণকৃত গাভী ঋণের (সমবায় ঋণ) বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করে বাস্তবতার আলোকে সুপারিশ প্রদান; ➢ প্রকল্পের আওতায় বিতরণকৃত গাভী ঋণ বিতরণ ও আদায় ব্যবস্থাপনা এবং ঋণ বিতরণ ও আদায়ের কৌশল, ঋণের সদুহার/সার্ভিস চার্জ, আদায় ব্যবস্থাপনা বিশ্লেষণ ও সুপারিশ প্রদান।
(৫) সার্বিক পরিকল্পনা ও বার্ষিক কর্মপরিকল্পনা পর্যবেক্ষণ	➢ প্রকল্পের ডিপিপি'র সার্বিক পরিকল্পনা ও বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি পর্যালোচনার জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় টুলস ব্যবহার করা হয়েছে: ১. অপর্যাপ্ত পরিকল্পনা (Insufficient planning): ২.স্টেকহোল্ডার সম্পৃক্ততার অভাব (Lack of stakeholder engagement); ৩. সম্পদ সীমাবদ্ধতা (Resource constraints); ৪. ত্রুটির ঝুঁকি বৃদ্ধি (Increased risk of errors); ৫. স্কোপ ক্রিপ (Scope creep): ৬. যোগাযোগ বিচ্ছিন্নতা (Communication breakdown); ৭. অপর্যাপ্ত ঝুঁকি ব্যবস্থাপনা (Inadequate risk management): ৮. মানের সমঝোতা (Quality compromises); ৯. টিম বার্নআউট (Team burnout); ১০. অভিযোজনে অসুবিধা (Difficulty in adaptation) মাঠ পর্যায়ে উর্পযুক্ত সমস্যাগুলি সরেজমিনে বিশ্লেষণের মাধ্যমে সুপারিশ প্রদান করা হয়েছে।
(৬) প্রকল্পের আওতায় সংস্থাকৃত প্রশিক্ষণের কার্যকারিতা পর্যালোচনা	প্রকল্পের আওতায় সংস্থাকৃত প্রশিক্ষণের কার্যকারিতা যাচাইয়ের কৌশল প্রতিবেদন অন্তর্ভুক্ত করা হয়েছে; ১. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে প্রশিক্ষণের সামঞ্জস্যতা বিশ্লেষণ; ২. কোর্সের মান, কার্যকারিতা, এবং প্রশিক্ষকের সক্ষমতা বিশ্লেষণ; ৩. প্রশিক্ষণ কর্মসূচি অংশগ্রহণকারীদের চাহিদা বিশ্লেষণ; ৪. প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন বিশ্লেষণ; ৫. বিনিয়োগের রিটার্ন (RoI) বিশ্লেষণ; ৬. প্রশিক্ষণের ধারাবাহিকতা বিশ্লেষণ; ৭. ডকুমেন্টেশন এবং রিপোর্টিং বিশ্লেষণ ইত্যাদি।

উপরে বর্ণিত পরিবীক্ষণীয় বিষয়/নির্দেশক সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংগ্রহপূর্বক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা করে প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে।

২.৭ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রশ্নমালা ও ছক/চেকলিষ্ট

প্রকল্পের কার্যক্রম, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য, চাহিদা ও মূল্যায়ন নির্দেশক এর উপর ভিত্তি করে নিবিড় পরিবীক্ষণের জন্য নিম্ন লিখিত প্রশ্নমালা ও চেকলিষ্ট প্রস্তুত করা হয়েছে (সংযোজনী ১-৫)।

- উপকারভোগী (Beneficiary) জরিপ প্রশ্নমালা (সংযোজনী-১)

- মুখ্য তথ্যদাতাদের সাক্ষাৎকার (Key Informant Interview) এর প্রশ্নমালা (সংযোজনী-২)
- এফজিডি (FGD) গাইডলাইন (সংযোজনী-৩)
- ভৌত পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ চেকলিষ্ট (সংযোজনী- ৪)
- ক্রয় সংক্রান্ত তথ্য পরিবীক্ষণ ছক/চেকলিষ্ট (সংযোজনী- ৫)

২.৮ সমীক্ষার কর্মপদ্ধতি (Methodology)

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার তথ্য-উপাত্ত সংগ্রহের জন্যে সংখ্যাগত (Quantitative) ও গুণগত (Qualitative) সমীক্ষা এবং Secondary Source হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। নিম্নে এ বিষয়ে আলোচনা করা হলো।

২.৯ প্রাথমিক তথ্য সংগ্রহ:

২.৯.১ সংখ্যাগত সমীক্ষা জরিপ:

যে কোন সুপরিকল্পিত ও সুসমন্বিত সমীক্ষার ক্ষেত্রে সংখ্যাগত জরিপের মাধ্যমে অভিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। প্রকল্প বাস্তবায়ন হলে দেশের দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধানে, গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টি ইত্যাদি তথ্য সংগ্রহের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য কতটুকু অর্জিত হয়েছে তা নির্ণয় করা হয়েছে।

পরিমাণগত নমুনা আকার নির্ধারণ (Quantitative Sample Size Determination)

যেকোনো প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম এবং উদ্দেশ্য বা লক্ষ্যমাত্রা অর্জন কতটুকু সফল হয়েছে তা বাস্তব পরিদর্শন ও সুবিধাভোগীদেরকে প্রশ্ন উত্তরের মাধ্যমে তাদের মতামত গ্রহণ। সরল দৈবচয়নের (Simple Random Sampling) মাধ্যমে সুফলভোগিদের থেকে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়েছে। নমুনা আকার নির্ধারণে নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়েছে:

$$n = \frac{z^2 pq}{e^2} \times deff$$

যেখানে,

n = কাঙ্ক্ষিত নমুনা সংখ্যা
z = the value of standard variety at a given confidence level
p = নমুনা অনুপাত সম্ভাবনা
q = নমুনা অনুপাত বিপরীত সম্ভাবনা
e = Acceptable error (the precision)
deff = Design Effect

নমুনার সংখ্যা নির্ধারণের জন্যে ৯৫% confidence level অনুমান করা হয়েছে। ফলে "z" এর মান হচ্ছে ১.৯৬। তাছাড়া, p এর মান যদি ০.৫ ধরা হয় (যা সর্বোচ্চ নমুনা সংখ্যা নিশ্চিত করে), তবে q এর মান হয় (১-০.৫) =০.৫। e- এর মান ০.০৪ এবং deff এর মান ১.২ ধরা হয়েছে।

$$n = \frac{(1.96)^2 0.5 \times 0.5}{0.04^2} \times 1.2$$

= 720

২.৯.২ সমীক্ষার নমুনা নির্ধারণ বিস্তার

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ঢাকা ও খুলনা বিভাগের ১১টি জেলা এবং ২০টি উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, প্রকল্পের আওতায় শুধুমাত্র ঢাকা বিভাগের ৩টি জেলার ৯টি উপজেলায় প্রকল্পের গাভী ঋণ প্রদান করা

হয়েছে। সুতরাং প্রকল্পের যে এলাকায় ঋণ প্রদান করা হয়েছে উক্ত জেলা/উপজেলাগুলো তথ্য সংগ্রহের জন্য শতভাগ নির্বাচন করা হয়েছে। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার নমুনা এলাকা নিচের সারণি-৩.১ এ প্রদান করা হলো। নমুনা সংগ্রহের জন্য প্রকল্পভুক্ত সমবায়ী খামারিদের আনুপাতিক হারে নির্বাচন করা হয়েছে। অর্থাৎ বাস্তবায়নাধীন ৩টি জেলার ৯টি উপজেলা হতে আনুপাতিক হারে মোট ৭২০ জন উপকারভোগী থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। উপকারভোগীদের জরিপের প্রশ্নপ্রত্র সংযুক্তিতে প্রদান করা হয়েছে। নিম্নের সারণি ২.১ এ নমুনা সংগ্রহের জেলা ও উপজেলা এবং উপকারভোগীর সংখ্যা প্রদান করা হলো-

সারণি-২.১: নমুনা সংগ্রহের বিভাগ, জেলা ও উপজেলা এবং উপকারভোগী

বিভাগ	জেলা	উপজেলা	গাভী ঋণ বিতরণের স্থান	মোট ঋণ প্রাপ্ত উপকারভোগীর সংখ্যা	নমুনা ঋণ প্রাপ্ত উপকারভোগীর সংখ্যা
ঢাকা	১. ফরিদপুর	১. সদর	১. নর্থচ্যানেল	৪৫০	১১৮
			২. ডিগ্রিরচর	৪৫০	১১৮
			৩.চর মাধবদিয়া	৪৫০	১১৮
		২. চরভদ্রাসন	৪. চরভদ্রাসন	২০২	৫৩
		৩. বোয়ালমারী	৫. বোয়ালমারী	২০০	৫৩
		৪. আলফাডাঙ্গা	৬. আলফাডাঙ্গা	২০০	৫৩
	২. গোপালগঞ্জ	৫. কাশিয়ানী	৭. কাশিয়ানী	১৯০	৫০
		৬. কোটালীপাড়া	৮. কোটালীপাড়া	১০০	২৬
		৭. টুঙ্গিপাড়া	৯. টুঙ্গিপাড়া	২০০	৫৩
	৩. রাজবাড়ী	৮. পাংশা	১০. পাংশা	১৫০	৩৯
		৯. গোয়ালন্দ	১১. গোয়ালন্দ	১৫০	৩৯
মোট				২৭৪২	৭২০

২.৯.৩ গুণগত তথ্য সংগ্রহ পদ্ধতি:

ক) মুখ্য তথ্যদাতাদের সাক্ষাৎকার (Key Informant Interview)

প্রকল্পের কার্যকারিতা, প্রকল্প বাস্তবায়নে অসুবিধা, বছরভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন, পণ্য, কার্য ও সেবা ক্রয় পরিকল্পনা, অডিট (ইন্টারনাল, এক্সটারনাল) সংক্রান্ত, প্রকল্পের বর্তমান অবস্থা, নির্মাণ কাজের গুণগতমান, প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা, সমস্যা, ঝুঁকি, দুর্বলতা, সম্ভাবনা ইত্যাদি তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য প্রকল্প পরিচালক এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ পরিকল্পনা অনুবিভাগ সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা, মিল্কভিটা কর্মকর্তা, ডেইরি ফার্ম ব্যবসায়ী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যান, দুধ ব্যবসায়ীসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সাথে নিবিড় আলোচনা করা হয়েছে। নিবিড় আলোচনার ফলাফল তৃতীয় অধ্যায়ের ৩.১৭ অনুচ্ছেদে দেয়া হয়েছে। নিবিড় আলোচনার জন্য নির্বাচিত ব্যক্তিবর্গ এবং কেআইআই এর চেকলিষ্ট সংযোজনী-২ এ প্রদান করা হয়েছে।

সারণি- ২.২: মুখ্য তথ্যদাতাদের সংখ্যা

পদ্ধতি	উত্তরদাতা	পরিমাণ
কেআইআই	প্রকল্প পরিচালক	১
	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর প্রতিনিধি	১
	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রতিনিধি	১
	পরিকল্পনা কমিশন এবং আইএমইডি প্রতিনিধি	২
	মিল্কভিটা প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা	১০
	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	১০
	ডেইরি ফার্ম ব্যবসায়ী	১৫
	দুধ ব্যবসায়ী	১০
	উপজেলা নির্বাহী অফিসার	৫
	প্রকল্পের অন্যান্য স্টেকহোল্ডারগণ	১৫
	মোট	৭০

খ) এফজিডি আলোচনা (Focus Group Discussion)

চলমান প্রকল্প বাস্তবায়নের ফলে সুফলভোগিরা কিভাবে উপকৃত হবে, আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্প কতটুকু ভূমিকা রাখবে, কৃষি ও অকৃষি ক্ষেত্রে কতটুকু পরিবর্তন হবে, দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধানে কতটুকু ভূমিকা অন্যান্য ইত্যাদি বিষয় নিরূপণ করার জন্য প্রকল্পের আওতায় সর্বমোট ৫টি এফজিডি পরিচালনা করা হয়েছে। প্রতি এফজিডি পরিচালনার জন্য ১ জন সঞ্চালক এবং ১ জন রেপোটিয়ার ছিলেন। এফজিডিতে উপকারভোগী (সমবায়ী খামারী), নারী প্রতিনিধি, স্থানীয় দুধ ব্যবসায়ী, চেয়ারম্যান, মেম্বার, শিক্ষক, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গকে নিয়ে এফজিডি করা হয়েছে। প্রতিটি এফজিডি'তে ১৫ জন সদস্য উপস্থিত ছিলেন। এফজিডি আলোচনার ফলাফল তৃতীয় অধ্যায়ের ৩.১৬ অনুচ্ছেদে দেয়া হয়েছে। এফজিডি'র চেকলিষ্ট সংযোজনী-৩ এ প্রদান করা হয়েছে।

সারণি-২.৩: এফজিডি'র জেলা ও উপজেলার তালিকা

ক্র. নং	জেলা	উপজেলা	সংখ্যা
১	২	৩	৪
১.	ফরিদপুর	সদর	১
		চরভদ্রাসন	১
		আলফাডাঙ্গা	১
২.	গোপালগঞ্জ	কোটালীপাড়া	১
৩.	রাজবাড়ী	পাংশা	১
মোট			৫টি

গ) সরেজমিনে প্রকল্পের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)"প্রকল্পের আওতায় শুধুমাত্র ঋণ কার্যক্রম এবং খামারিদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় উপকারভোগীগণ ঋণ গ্রহণের ফলে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন এবং প্রশিক্ষণ গ্রহণের ফলে তাদের দক্ষতা উন্নয়ন পরিদর্শন করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনের ফলাফল তৃতীয় অধ্যায়ের ৩.১২ অনুচ্ছেদে দেয়া হয়েছে।

- গাভী ঋণ (সমবায় ঋণ) ৭২০টি কার্যক্রম পরিদর্শন:
- ৩৯৫০ খামারির প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন।

ঘ) স্থানীয় পর্যায়ে কর্মশালা

প্রকল্পের আওতায় আইএমইডি'র পরামর্শক্রমে গত ১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে একটি স্থানীয় পর্যায়ে কর্মশালা করা হয়েছে। উক্ত কর্মশালায় আইএমইডি'র প্রতিনিধি, প্রকল্প পরিচালক, প্রকল্প ম্যানেজার, মিল্কভিটা কর্মকর্তা, প্রকল্পের আওতায় সুবিধাভোগী (সমবায়ী খামারি), উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যান, ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, নারী প্রতিনিধি, শিক্ষক, ইউপি সদস্য, দুধ ব্যবসায়ীসহ অন্যান্য স্টেকহোল্ডারগণসহ মোট ৫০ জন স্টেকহোল্ডার উপস্থিত ছিলেন। পরামর্শক দলের টিম লিডার উপস্থিত সকলকে কর্মশালার শুরুতে প্রকল্প এবং কর্মশালার উদ্দেশ্য সম্পর্কে উপস্থিত সকলকে অবগত করেন। কর্মশালার ফলাফল অনুচ্ছেদ তৃতীয় অধ্যায়ের ৩.১৮ এ দেয়া হয়েছে।

সারণি-২.৪: তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণ

ক) পরিমাণগত তথ্যসংগ্রহের উৎস এবং আকার

ক্রঃ নং	তথ্য সংগ্রহ উপকরণ	তথ্যসংগ্রহের স্থান	তথ্যদাতা	তথ্যদাতার সংখ্যা
০১	সমীক্ষা প্রশ্নপত্র	প্রকল্প এলাকা	প্রকল্পের উপকারভোগী	৭২০ জন
মোট উপকারভোগী				৭২০ জন
(খ) গুণগত তথ্যসংগ্রহের উৎস এবং আকার				
০২	কেআইআই চেকলিষ্ট	• প্রকল্প পরিচালক-১ জন, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর প্রতিনিধি-১ জন, স্থানীয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও অন্যান্য কর্মকর্তা ১ জন এবং পরিকল্পনা কমিশন এবং আইএমইডি প্রতিনিধি- ২ জনসহ মোট-৫ জন;		৭০ জন

ক্রঃ নং	তথ্য সংগ্রহ উপকরণ	তথ্যসংগ্রহের স্থান	তথ্যদাতা	তথ্যদাতার সংখ্যা
		• ৪টি জেলার বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা (মিল্কভিটা প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও ডেইরি ফার্ম ব্যবসায়ী)- ৩০ জন; • উপজেলা নির্বাহী অফিসার, দুধ ব্যবসায়ী এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ (নারী প্রতিনিধি, ইউপি সদস্য, খামারি)- ৩৫ জন।		
০৩	এফজিডি চেকলিষ্ট/ গাইডলাইন	উপকারভোগী (সমবায়ী খামারি), কৃষক, নারী প্রতিনিধি, স্থানীয় দুধ ব্যবসায়ী, ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ নিয়ে প্রকল্পের আওতায় ৩টি জেলায় ৫টি এফজিডি করা হয়েছে। প্রতিটি এফজিডিতে ১৫ জন অংশগ্রহণকারী ছিলেন।		এফজিডিতে ১৫ জন (৫X১৫=৭৫ জন)
০৫	স্থানীয় পর্যায়ে সমীক্ষার বিষয়বস্তু উপস্থাপনাসহ কর্মশালা	আইএমইডি'র প্রতিনিধি, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এর প্রতিনিধি, প্রকল্প পরিচালক, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান, নারী প্রতিনিধি, শিক্ষক, ইউপি সদস্য, দুধ ব্যবসায়ীসহ অন্যান্য স্টেকহোল্ডারগণ এবং প্রকল্পের উপকারভোগী ব্যক্তিবর্গের সমন্বয়ে।		১টি (৫০জন)
০৬	জাতীয় পর্যায়ে কর্মশালা	গত ০৯.০৪.২০২৪ তারিখে আইএমইডি'র সম্মেলন কক্ষে ২য় খসড়া প্রতিবেদনের ওপর জাতীয় পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় পরিকল্পনা কমিশন, আইএমইডি, বিপিপিএ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং জাতীয় পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত হয়েছে।		১টি (১১০ জন)

২.১০ সেকেন্ডারি উৎসের তথ্য সংগ্রহ

প্রকল্পের ডিপিপি/আরডিপিপি, সম্ভাব্যতা জরিপ প্রতিবেদন, আইএমইডি'র ০১, ০২, ০৩, ০৪, ০৫ রিপোর্ট, আইএমইডির পরিদর্শন প্রতিবেদন সংগ্রহ পূর্বক পর্যালোচনা করা হয়েছে এবং ভবিষ্যতে এ ধরনের নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সমস্যা, করণীয় ও সুপারিশসমূহ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদনে প্রতিফলিত করা হয়েছে। এছাড়া মিল্কভিটার ডাটাবেজ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো রিপোর্ট, পত্র-পত্রিকা, রেডিও, টিভিতে প্রকাশিত প্রতিবেদন, মন্ত্রণালয়ের প্রতিবেদন এবং সংশ্লিষ্ট বিভিন্ন ওয়েবসাইট হতে সেকেন্ডারি তথ্য সংগ্রহ করা হয়েছে।

২.১১ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

২.১১.১ জরিপ কার্যক্রম

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কর্মপরিকল্পনা অনুযায়ী জরিপ কাজটি সংখ্যাগত ও গুণগত পদ্ধতির সমন্বয়ে সম্পন্ন করা হয়েছে। ৭২০টি নমুনা সংখ্যার জরিপ, ৫টি এফজিডি, ৭০টি কেআইআই এবং প্রকল্পের ঋণ ও প্রশিক্ষণ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও যাচাইকরণের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারীদের কাজ পরিদর্শন ও সাক্ষাৎকারসমূহ সম্পাদন করা হয়েছে।

২.১১.২ তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ

সমীক্ষার জন্য মোট ৭২০ জন উপকারভোগীর নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। ১ জন তথ্য সংগ্রহকারী দৈনিক গড়ে ০৬-০৭ জনের তথ্য সংগ্রহ করেন। মোট ১০ জন তথ্য সংগ্রহকারী ২ সপ্তাহ সময়ের মধ্যে উপকারভোগীদের নিকট থেকে তথ্য সংগ্রহ করেন। তথ্য সংগ্রহকারীকে নিবিড় পর্যবেক্ষণের জন্য ০৪ জন সুপারভাইজার নিয়োগ দেয়া হয়। সুপারভাইজারগণ তথ্য সংগ্রহকারীদের follow-up করেন এবং KII ও FGD পরিচালনা করেন এবং তথ্য সংগ্রহকারীগণ এ কাজে তাদের সাহায্য

করেন। তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজরগণকে গত ১৯.০১.২০২৪ তারিখে পরামর্শক প্রতিষ্ঠানের অফিসে ১ দিনের প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণের সময় আইএমইডির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। আইএমইডি কর্তৃক প্রশ্নপত্র চূড়ান্ত অনুমোদনের পর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শুরু করা হয়।

২.১১.৩ সাক্ষাৎকার গ্রহণ

নির্ধারিত প্রশ্নপত্রে KOBO Toolbox এর সাহায্যে উত্তরদাতাগণের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণ KOBO Toolbox এ উত্তর লিপিবদ্ধ করেন। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন, প্রকল্পের স্থির চিত্র সংগ্রহ ও নিবিড় আলোচনা, এফজিডি ইত্যাদির জন্য সংশ্লিষ্ট চেকলিষ্ট/গাইডলাইন অনুসরণ করা হয়েছে। প্রয়োজনে অনুমতি সাপেক্ষে নিবিড় আলোচনা রেকর্ড করা হয়েছে।

স্মার্ট ফোন ব্যবহার করে উপকারভোগীর কাছ থেকে সরাসরি সাক্ষাৎ গ্রহণের মাধ্যমে তথ্য সংগ্রহ:

- চূড়ান্ত প্রশ্নপ্রত্র অনলাইন সার্ভে টুলস (KoBo Tool box) এ আপলোড করা হয়;
- আপলোডকৃত প্রশ্নাবলি ট্যাব/স্মার্ট ফোনের মাধ্যমে প্রকল্প এলাকায় গিয়ে তথ্য সংগ্রহকারীগণ উপকারভোগীদের কাছ থেকে তথ্য সংগ্রহ করেন;
- তথ্য সংগ্রহের সময় প্রকল্প এলাকায় উপকারভোগীর অবস্থা (অক্ষাংশে ও দ্রাঘিমাংশে) নির্ণয় করা হয়;
- পূরণকৃত প্রশ্নাবলি সাথে সাথে অনলাইনে জমা হয়; এবং
- জমাকৃত প্রশ্নাবলি সময় সময় পর্যবেক্ষণ করা হয়।

ট্যাবে বা স্মার্ট ফোনে তথ্য সংগ্রহের পুরো প্রক্রিয়াটি নিম্নে আলোচনা করা হলো:

১) প্রশ্নপত্র প্রস্তুতকরণ;
২) প্রশ্নপত্র KoBo Toolbox আপলোডকরণ;
৩) KoBo Tool box-এ প্রশ্নপত্র পরীক্ষাকরণ ও লজিক ঠিক করা;
৪) ডাটাশীট প্রস্তুতকরণ;
৫) তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ;
৬) ট্যাবের মাধ্যমে উপকারভোগীদের সরাসরি সাক্ষাৎ-এর মাধ্যমে তথ্য সংগ্রহ;
৭) অফিসে বসে তাৎক্ষণিক প্রেরিত তথ্য যাচাইকরণ;
৮) তথ্য অনলাইন সার্ভার থেকে ডাউনলোড।

২.১১.৪ গৃহীতব্য তথ্য-উপাত্তের মান নিয়ন্ত্রণ (Quality Control)

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের সময় KoBo Toolbox Expert প্রতিটি প্রশ্নপত্র ও চেকলিষ্ট ঠিকমতো পূরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করেন। প্রশ্নপত্র পূরণে কোন প্রকার ভুল/ত্রুটি দেখা গেলে সমাধানের জন্য তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করেন। পরামর্শক দলের সদস্যগণ মাঠ পর্যায়ে দৈবচয়নের মাধ্যমে তথ্য -উপাত্ত যাচাই করেন।

২.১১.৫ তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ

মাঠ হতে সংগৃহীত তথ্য-উপাত্ত পরিশুদ্ধ করা হয় এবং সেগুলো কম্পিউটারে এন্ট্রির মাধ্যমে রেকর্ড করা হয়। উপাত্ত প্রক্রিয়ার জন্য প্রধানত SPSS 25.0 version এবং ক্ষেত্র বিশেষে Microsoft Access ও Microsoft Excel ব্যবহার করা হয়েছে। যথাযথ Tabulation-এর সাহায্যে প্রক্রিয়াকৃত উপাত্ত ও ফলাফল সারণি, গ্রাফ ও চার্ট আকারে উপস্থাপন করা হয়েছে এবং সেগুলো সমীক্ষার বিশ্লেষণ ও ব্যাখ্যার জন্য প্রতিবেদনের যথাস্থানে ব্যবহার করা হয়েছে।

২.১২ প্রতিবেদন প্রস্তুতকরণ

সংগৃহীত তথ্য/উপাত্ত বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ করে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রারম্ভিক প্রতিবেদনে টেকনিক্যাল কমিটির সুপারিশ এবং সমীক্ষা তত্ত্বাবধান কমিটির অনুমোদনের জন্য ২৪ কপি জমা দেয়া হয়েছে। সমীক্ষা তত্ত্বাবধান কমিটির অনুমোদনের পর ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুত করে টেকনিক্যাল কমিটির সুপারিশ এবং সমীক্ষা তত্ত্বাবধান কমিটির অনুমোদনের জন্য ২৪ কপি জমা দেয়া হয়েছে।

১ম খসড়া প্রতিবেদনের উপর কমিটির মন্তব্য/সুপারিশ-এর আলোকে ২য় খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং ২য় খসড়া প্রতিবেদন জাতীয় পর্যায়ে আয়োজিত কর্মশালায় উপস্থাপন করার জন্য ১০০ কপি জমা দেয়া হয়েছে। জাতীয় পর্যায়ে বিভিন্ন স্টেকহোল্ডারের সমন্বয়ে আয়োজিত কর্মশালার অংশগ্রহণকারীগণের মন্তব্যগুলো সংযোজন-বিয়োজন করে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

চূড়ান্ত খসড়া প্রতিবেদন পুনরায় টেকনিক্যাল কমিটি সভার মতামত ও অনুমোদনের জন্য আইএমইডিতে ১২ কপি (বাংলা ও ইংরেজি) জমা দেয়া হয়েছে। টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন অনুমোদনের জন্য আইএমইডি'তে প্রেরণ করা হবে। অনুমোদিত চূড়ান্ত প্রতিবেদন এর প্রিন্ট কপি (বাংলা-৪০ কপি ও ইংরেজী-২০ কপি) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, সেক্টর-৮ এর মহাপরিচালক মহোদয়ের নিকট জমা দেয়া হবে।

২.১২.১ প্রতিবেদন দাখিল


নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কাজটি সম্পাদনে টার্মস অফ রেফারেন্স-এর শর্তানুযায়ী বিভিন্ন পর্যায়ে পাঁচটি ধাপে প্রতিবেদন দাখিল করা হবে যা নিম্নে দেওয়া হলো:

ক্রঃনং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১	প্রারম্ভিক প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	১২ কপি টেকনিক্যাল কমিটি সভার জন্য এবং
২	(বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	১২ কপি সমীক্ষা তত্ত্বাবধান কমিটি সভার জন্য (১২+১২)= ২৪ কপি
৩	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	১২ কপি টেকনিক্যাল কমিটি সভার জন্য এবং
৪	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	১২ কপি সমীক্ষা তত্ত্বাবধান কমিটি সভার জন্য (১২+১২) = ২৪ কপি
৫	খসড়া চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	১১০ কপি জাতীয় কর্মশালার জন্য

২.১৩ নিবিড় পরিবীক্ষণ পদ্ধতি:

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুরজাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণে কৌশলগত যে ধাপ অনুসরণ করা হয়েছে তার ছক নিচের চার্টে উপস্থাপন করা হলো

চিত্র: ২.১ নিবিড় পরিবীক্ষণ পদ্ধতি



২.১৪ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

গত ১০/১২/২০২৩ খি. তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, সেক্টর-০৮ এর মহাপরিচালক মহোদয়ের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ১০/০৬/২০২৪ তারিখের মধ্যে নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের একটি সময়ভিত্তিক কর্মপরিকল্পনা দেওয়া হলো-

সারণি-২.৫: সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

ক্র. নং	কার্যাবলী	সময়
১)	চুক্তি স্বাক্ষর	১০ ডিসেম্বর ২০২৩
২)	খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	২৬ ডিসেম্বর ২০২৩
৩)	প্রারম্ভিক প্রতিবেদনের ওপর টেকনিক্যাল কমিটি সভার আলোচনা ও সিদ্ধান্ত	০২ জানুয়ারি ২০২৪
৪)	সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভার জন্য সংশোধিত প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	১০ জানুয়ারি ২০২৪
৫)	সংশোধিত প্রারম্ভিক প্রতিবেদনের ওপর সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্ত	১৫ জানুয়ারি ২০২৪
৬)	প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের জন্য দাখিল	১৬ হতে ১৭ জানুয়ারি ২০২৪
৭)	তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ/তথ্য সংগ্রহ ও কার্যক্রম পরিদর্শন	১৮ জানুয়ারি ২০২৪ হতে ০৫ ফেব্রুয়ারি ২০২৪
৮)	সরেজমিনে পরিদর্শন/মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ	০৬ ফেব্রুয়ারি ২০২৪ হতে ১৭ ফেব্রুয়ারি ২০২৪
৯)	ডাটা এন্ট্রি, ভেরিফিকেশন, ডাটা প্রসেসিং ও ডাটা এনালাইসিস	১৮ ফেব্রুয়ারি ২০২৪ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৪
১০)	১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	০৩ মার্চ ২০২৪
১১)	১ম খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটি সভা কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা	০৫ মার্চ ২০২৪
১২)	সমীক্ষা তত্ত্বাবধান কমিটি সভা কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা	০৬ মার্চ ২০২৪ হতে ২৫ মার্চ ২০২৪
১৩)	১ম খসড়া প্রতিবেদন সংশোধন, দাখিল ও অনুমোদন	২৬ মার্চ ২০২৪ হতে ০৮ এপ্রিল ২০২৪
১৪)	২য় খসড়া প্রতিবেদন জাতীয় কর্মশালায় উপস্থাপন	০৯ এপ্রিল ২০২৪
১৫)	কর্মশালার মতামতের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ ও দাখিল	১০ এপ্রিল ২০২৪ হতে ২৫ মে ২০২৪
১৬)	টেকনিক্যাল কমিটি সভা কর্তৃক চূড়ান্ত খসড়া প্রতিবেদন পর্যালোচনা	২৬ মে ২০২৪ হতে ২৯ মে ২০২৪
১৭)	খসড়া চূড়ান্ত প্রতিবেদন চূড়ান্তকরণ, প্রিন্ট ও দাখিল	৩০ মে ২০২৪ হতে ১০ জুন ২০২৪

তৃতীয় অধ্যায়
ফলাফল পর্যালোচনা

৩.১ প্রকল্পের অর্থবছর ভিত্তিক এডিপি/আরএডিপি'তে অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয়

প্রকল্পের অনুকূলে বছরভিত্তিক অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় নিম্নের সারণি ৩.১ প্রদান করা হয়েছে।

সারণি: ৩.১ বছরভিত্তিক অর্থ-বরাদ্দ ছাড় ও প্রকৃত ব্যয় বিশ্লেষণ **(লক্ষ টাকা)**

অর্থবছর	আরডিপিপি অনুযায়ী সংস্থান			এডিপি/আরএডিপি'তে বরাদ্দ			অবমুক্তি (জিওবি)	প্রকৃত ব্যয় (%)	মোট প্রাক্কলিত ব্যয়ের %
	মোট	টাকা	নিজস্ব অর্থায়ন	মোট	টাকা	নিজস্ব অর্থায়ন			
২০১৭-১৮	--	--	--	--	--	--	--	--	--
২০১৮-১৯	৫৩৮৩.৫০	৫৩৮৩.৫০	--	৫৩৮৩.৫০	৫৩৮৩.৫০	--	৫৩৮৩.৫০	৫৩৮৩.৫০ (১০০%)	১৩.৮৯%
২০১৯-২০	১৪১৬.৩৪	১৪১৬.৩৪	--	১৪১৬.৩৪	১৪১৬.৩৪	--	১৪১৬.৩৪	১৪১৬.৩৪	৩.৬৫%
২০২০-২১	৩৬৬.৮০	৩৬৬.৮০	--	৩৬৬.৮০	৩৬৬.৮০	--	৩৬৬.৮০	৩৬৬.৮০ (১০০%)	০.৯৫%
২০২১-২২	৪৬৫.৬২	৪৬৫.৬২	--	৪৬৫.৬২	৪৬৫.৬২	--	৪৬৫.৬২	৪৬৫.৬২ (১০০%)	১.২০%
২০২২-২৩	২৮৪.০০	২৮৪.০০	--	২৮৪.০০	২৮৪.০০	--	২৮৪.০০	২৮৪.০০ (১০০%)	০.৭৩%
২০২৩-২৪	১৪৪৯৪.৯৭	১৩৯৯৫.৯৭	৪৯৯.০০	১২৫০০.০০	১২৫০০.০০	--	--	--	--
২০২৪-২৫	১৬৩৩৭.৭৭	১৫৩৩৬.৭৭	১০০১.০০	--	--	--	--	--	--
মোট	৩৮৭৪৯.০০	৩৭২৪৯.০০	১৫০০.০০	২০৪১৬.২৬	২০৪১৬.২৬	--	৭৯১৬.২৬	৭৯১৬.২৬	২০.৪৩%

সূত্র: প্রকল্প পরিচালকের কার্যালয় (এপ্রিল/২০২৪ পর্যন্ত)

পর্যালোচনা:

আরডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩৮৭৪৯.০০ লক্ষ টাকা এর মধ্যে জিওবি ৩৭২৪৯.০০ লক্ষ টাকা এবং মিল্কভিটা এর নিজস্ব অর্থায়ন ১৫০০.০০ লক্ষ টাকা। সমীক্ষাকালীন দেখা যায় যে, ২০১৮-১৯ অর্থ-বছরে অর্থ ছাড় হয়েছে-৫৩৮৩.৫০ লক্ষ টাকা, ২০১৯-২০ অর্থ-বছরে অর্থ ছাড় হয়েছে-১৪১৬.৩৪ লক্ষ টাকা, ২০২০-২১ অর্থ-বছরে অর্থ ছাড় হয়েছে-৩৬৬.৮০ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ-বছরে অর্থ ছাড় হয়েছে-৪৬৫.৬২ লক্ষ টাকা, ২০২২-২৩ অর্থ-বছরে ২৮৪.০০ লক্ষ টাকাসহ মোট ৭৬৩২.২৬ লক্ষ টাকা (জিওবি-৭৬৩২.২৬ এবং নিজস্ব-০০.০০) অর্থ ছাড় হয়েছে যা মোট প্রাক্কলিত ব্যয়ের ১৯.৬৯%। চলতি ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি/আরএডিপি'তে বরাদ্দ ১২৫০০.০০ লক্ষ টাকা যা মোট বরাদ্দের ৩৩.২২% কিন্তু এপ্রিল ২০২৪ পর্যন্ত কোন টাকা অবমুক্তি করা সম্ভব হয়নি।

প্রকল্পের আওতায় ২০১৮-১৯ থেকে ২০২২-২৩ এই ৫টি অর্থ-বছরে আরডিপিপি মূলে সংস্থান ছিল ২২৪১১.২৩ লক্ষ টাকা এবং এডিপি/আরএডিপি'তে বরাদ্দ ছিল ২০৪১৬.২৬ লক্ষ টাকা যা আরডিপিপি'র সংস্থান থেকে ১৯৯৪.৯৭ লক্ষ টাকা কম বরাদ্দ পেয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থ-বছরে আরডিপিপি'র সংস্থান রয়েছে ১৪৪৯৪.৯৭ লক্ষ টাকা এবং আরএডিপি'তে বরাদ্দ পেয়েছে ১২৫০০.০০ লক্ষ টাকা যা আরডিপিপি'র সংস্থান থেকে ১৪৯৫.৯৭ লক্ষ টাকা বা ১০.৩২% কম। এছাড়াও আরডিপিপিতে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা) এর নিজস্ব অর্থায়ন ১৫০০.০০ লক্ষ টাকা থাকলেও এপ্রিল ২০২৪ পর্যন্ত কোন অর্থ প্রকল্পের অনুকূলে ছাড় করা হয়নি। অবমুক্তি (জিওবি) ৭৯১৬.২৬ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৭৯১৬.২৬ লক্ষ টাকা। এপ্রিল ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৯১৬.২৬ লক্ষ টাকা বা ২০.৪৩%। প্রকল্পের প্রায় ৭ বছর মেয়াদ অতিবাহিত হলেও এখনো মিল্কভিটার নিজস্ব অর্থায়ন থেকে কোন ব্যয় করা সম্ভব হয়নি। জিওবি'র অর্থায়নের সাথে নিজস্ব অর্থায়ন আনুপাতিক হারে ব্যয় করা প্রয়োজন ছিল। এছাড়া আগামী অর্থবছরে (২০২৪-২৫) প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম সমাপ্তকরণের লক্ষ্যে প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপি'তে প্রয়োজনীয় অর্থ-বরাদ্দ ও ছাড় হওয়া প্রয়োজন।

৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি

আরডিপিপি অনুযায়ী প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩৮৭৪৯.০০ লক্ষ টাকা (জিওবি-৩৭২৪৯.০০ লক্ষ টাকা এবং নিজস্ব অর্থায়ন-১৫০০.০০ লক্ষ টাকা)। বিস্তারিত নিম্নের সারণি ৩.২ এ দেওয়া হলো-

সারণি: ৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন: **(লক্ষ টাকায়)**

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা					৩০ জুন ২০২৩ পর্যন্ত অগ্রগতি				২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		চলতি বছরের এপ্রিল/২০২৪ পর্যন্ত অগ্রগতি	
অঙ্গের নাম	একক ও পরিমাণ	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
		জিওবি	নিজস্ব			জিওবি	নিজস্ব					
ক) রাজস্ব ব্যয়												
(রাজস্ব ব্যয়)												
বেতন												
প্রকল্প পরিচালক	১ জন	৫৩.৯১	০.০০	৫৩.৯১		২৮.৭৩	০.০০	২৮.৭৩		৫২.০০		০০.০০
পূর্ত প্রকৌশলী	১ জন	১৬.২৩	০.০০	১৬.২৩		৭.০৭	০.০০	৭.০৭		০০.০০		০০.০০
যান্ত্রিক প্রকৌশলী	২ জন	১২.৩২	০.০০	১২.৩২		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
তড়িৎ প্রকৌশলী	১ জন	৬.১৬	০.০০	৬.১৬		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
উৎপাদন কর্মকর্তা	৩ জন	১৮.৪৮	০.০০	১৮.৪৮		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
মাননিয়ন্ত্রণ কর্মকর্তা	৩ জন	১৮.৪৮	০.০০	১৮.৪৮		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
বিপণন কর্মকর্তা	৪ জন	২৪.৬৪	০.০০	২৪.৬৪		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
সমিতি সম্প্রসারণ কর্মকর্তা	৬ জন	৯৫.০২	০.০০	৯৫.০২		৪২.০৬	০.০০	৪২.০৬		০০.০০		০০.০০
প্রাণী চিকিৎসক	৪ জন	৫৬.৩৮	০.০০	৫৬.৩৮		২৬.৭৪	০.০০	২৬.৭৪		০০.০০		০০.০০
প্রাণী পুষ্টিবিদ	১ জন	৬.১৬	০.০০	৬.১৬		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
প্রাণী প্রজনন কর্মকর্তা	২ জন	২৩.১৭	০.০০	২৩.১৭		৮.২১	০.০০	৮.২১		০০.০০		০০.০০
খাদ্য বিশেষজ্ঞ	১ জন	৬.১৬	০.০০	৬.১৬		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
সহকারী প্রোগ্রামার	১ জন	১০.১১	০.০০	১০.১১		৩.৯৫	০.০০	৩.৯৫		০০.০০		০০.০০
কর্মচারীদের বেতন												
গাড়ি চালক (গ্রেড ১৪)	১ জন	৪.৩২	০.০০	৪.৩২		০.০০	০.০০	০.০০		২৪.০০		০০.০০
	১১ জন	৩১.৭২	০.০০	৩১.৭২		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
ল্যাব টেকনিশিয়ান (গ্রেড ১৬)	১ জন	৫.৩৯	০.০০	৫.৩৯		২.৭৫	০.০০	২.৭৫		০০.০০		০০.০০
	৪ জন	১০.৫২	০.০০	১০.৫২		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
এল এফ এ আই (গ্রড-১৬)	১০ জন	৬১.৫২	০.০০	৬১.৫২		২৫.৬৯	০.০০	২৫.৬৯		০০.০০		০০.০০
হিসাব সহকারী (গ্রড-১৬)	১ জন	২.৬৮	০.০০	২.৬৮		০.০৪	০.০০	০.০৪		০০.০০		০০.০০
স্টোর কিপার (গ্রড-১৬)	২ জন	১৪.১০	০.০০	১৪.১০		৬.২১	০.০০	৬.২১		০০.০০		০০.০০
অফিস সহকারী কাম কম্পিউটার (গ্রড-১৬)	১ জন	৭.০১	০.০০	৭.০১		৩.১৪	০.০০	৩.১৪		০০.০০		০০.০০
মেকানিক (গ্রড-১৬)	৪ জন	১০.৫২	০.০০	১০.৫২		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
মেশিন অপারেটর (গ্রড-১৬)	৪ জন	১০.৫২	০.০০	১০.৫২		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
গাড়ি চালক সহকারী (গ্রড-২০)	১০ জন	২৩.২৪	০.০০	২৩.২৪		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
প্যাকার (গ্রড-২০)	৫ জন	১১.৬২	০.০০	১১.৬২		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
ভাতাদি										০০.০০		
দায়িত্বতার ভাতা (মূল বেতনের ২০% উপ প্রকল্প পরিচালক	১ জন	১.২৪	০.০০	১.২৪		০.৬০	০.০০	০.৬০		০.১৮		০০.০০
যাতায়াত/ভ্রমণ ভাতা	থোক	৭০.০০	০.০০	৭০.০০		৮.৫৬	০.০০	৮.৫৬		১৮.০০		০০.০০
শিক্ষা ভাতা	থোক	১.৪৫	০.০০	১.৪৫		০.১২	০.০০	০.১২		০.৩০		০০.০০
বাড়িভাড়া	৮৪ জন	২৭২.৪৪	০.০০	২৭২.৪৪		৬৮.৪৪	০.০০	৬৮.৪৪		৮১.০০		০০.০০
চিকিৎসা ভাতা	৮৪ জন	৫৪.৫২	০.০০	৫৪.৫২		১২.৭২	০.০০	১২.৭২		১৫.০০		০০.০০
মোবাইল ফোন ভাতা	১ জন	১.৮৫	০.০০	১.৮৫		০.৬১	০.০০	০.৬১		০.২৪		০০.০০
ইন্টারনেটসহ আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা	১ জন	২.৫৭	০.০০	২.৫৭		১.১৩	০.০০	১.১৩		০.৪১		০০.০০
টিফিন ভাতা	৫৪ জন (থোক)	৪.৬২	০.০০	৪.৬২		০.৭২	০.০০	০.৭২		২.০০		০০.০০
উৎসব ভাতা	৮৪ জন	৯৫.১৫	০.০০	৯৫.১৫		৩০.১৫	০.০০	৩০.১৫		৩২.০০		০০.০০
অধিকাল ভাতা	থোক	৪৪.৯৬	০.০০	৪৪.৯৬		২.৩০	০.০০	২.৩০		১৭.০০		০০.০০
শ্রান্তি বিনোদন ভাতা	১ জন	১৩.৯১	০.০০	১৩.৯১		০.৬৬	০.০০	০.৬৬		৬.০০		০০.০০
আপ্যায়ন ভাতা	১ জন	০.৬৭	০.০০	০.৬৭		০.২৫	০.০০	০.২৫		০.০৯		০০.০০
সম্মানী ভাতা/ফি	থোক	২৫.০০	০.০০	২৫.০০		৫.১৭	০.০০	৫.১৭		০.০০		০০.০০
বাংলা নববর্ষ ভাতা	৮৪ জন	১১.২৯	০.০০	১১.২৯		১.৭৮	০.০০	১.৭৮		৩.৩০		০০.০০
সরবরাহ ও সেবা												

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা					৩০ জুন ২০২৩ পর্যন্ত অগ্রগতি				২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		চলতি বছরের এপ্রিল/২০২৪ পর্যন্ত অগ্রগতি	
অঙ্গের নাম	একক ও পরিমাণ	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
		জিওবি	নিজস্ব			জিওবি	নিজস্ব					
পুরস্কার (সমবায়ীদের জন্য)	থোক	৩.০০	০.০০	৩.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
আপ্যায়ন ব্যয়	থোক	২৬.০০	০.০০	২৬.০০		৩.৪১	০.০০	৩.৪১		০০.০০		০০.০০
যানবাহন ব্যবস্থার চুক্তিভিত্তিক	থোক	৫৬.৬৪	০.০০	৫৬.৬৪		১১.০১	০.০০	১১.০১		০০.০০		০০.০০
সকুল্য বেতন (সরকারী কর্মচারী ব্যতীত)	থোক	২০.০০	০.০০	২০.০০		১৩.৩২	০.০০	১৩.৩২		৩.০০		০০.০০
বিদ্যুৎ বিল	থোক	১২৬.০০	০.০০	১২৬.০০		২.২৭	০.০০	২.২৭		২০.০০		০০.০০
বিদ্যুৎ সংযোগ ব্যয়	থোক	৭৬.২৪	০.০০	৭৬.২৪		১.২৪	০.০০	১.২৪		১৫.০০		০০.০০
ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	থোক	৬.৭৪	০.০০	৬.৭৪		০.৩৮	০.০০	০.৩৮		২.৫০		০০.০০
পোষ্টেজ/ডাক মাসুল	থোক	৫.২৮	০.০০	৫.২৮		০.০৬	০.০০	০.০৬		২.০০		০০.০০
টেলিফোন বিল	থোক	৬.৫৯	০.০০	৬.৫৯		১.৮৪	০.০০	১.৮৪		১.৭০		০০.০০
প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	থোক	৬০.০০	০.০০	৬০.০০		১০.০৮	০.০০	১০.০৮		১৮.০০		০০.০০
বইপত্র ও সাময়িকী	থোক	২.০০	০.০০	২.০০		০.০০	০.০০	০.০০		০.৮০		০০.০০
অফিস ভবন ভাড়া	থোক	১০০.৭৬	০.০০	১০০.৭৬		৪২.০৪	০.০০	৪২.০৪		৩০.০০		০০.০০
আউটসোর্সিং	৯ জন	৬৩.১৮	০.০০	৬৩.১৮		০.০০	০.০০	০.০০		৩০.০০		০০.০০
ভেন্যু	থোক	২.৩৭	০.০০	২.৩৭		০.০০	০.০০	০.০০		১.০০		০০.০০
ফায়ার সার্ভিস লাইসেন্স ফি	থোক	৩.০০	০.০০	৩.০০		০.০০	০.০০	০.০০		১.০০		০০.০০
পৌরসভা/ইউনিয়ন পরিষদের লাইসেনন্স ফি	থোক	৩.০০	০.০০	৩.০০		০.০০	০.০০	০.০০		১.০০		০০.০০
পরিবেশ অধিদপ্তরের লাইসেন্স ফি	থোক	৬.০০	০.০০	৬.০০		০.০০	০.০০	০.০০		২.০০		০০.০০
প্রাক জাহাজিকরণ পরিদর্শন ফি/প্রি শিপমেন্ট ইন্সপেকশন ফি	থোক	৬৮.০০	০.০০	৬৮.০০		০.০০	০.০০	০.০০		২৫.০০		০০.০০
রেজিস্ট্রেশন ফি (গাড়ি ও মটরসাইকেল ও অন্যান্য	৩৭টি	১৩০.০০	০.০০	১৩০.০০		৩.০৮	০.০০	৩.০৮		৫০.০০		০০.০০
ভূমি রেজিষ্ট্রেশন ফি (শুধুমাত্র চিলিং প্লান্টের জন্য	থোক	২০.০০	০.০০	২০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
পরিবহণ ব্যয়	থোক	৭.০০	০.০০	৭.০০		০.৩৬	০.০০	০.৩৬		৫৪.৭৮		০০.০০
ব্যাংক চার্জ	থোক	১০.০০	০.০০	১০.০০		৩.২৮	০.০০	৩.২৮		২১.০০		০০.০০
ব্যবস্থাপনা ব্যয় (অন্যান্য অফিস খরচ)	থোক	১৬.০০	০.০০	১৬.০০		৫.৪২	০.০০	৫.৪২		৭.০০		০০.০০
বৈদেশিক প্রশিক্ষণ (কর্মকর্তাদের জন্য)	থোক	২০.০০	০.০০	২০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
অভ্যন্তরীণ প্রশিক্ষণ সমবায়ীদের জন্য	৩৯৫০ জন	৬৭.৮৬	০.০০	৬৭.৮৬		২০.২২	০.০০	২০.২২		৩৫.০০		০০.০০
অভ্যন্তরীণ প্রশিক্ষণ (কর্মকার্তা-কর্মচারীদের জন্য)	৩০ জন	৭.৯৪	০.০০	৭.৯৪		০.০০	০.০০	০.০০		২০.০০		০০.০০
বৈদেশিক শিক্ষা সফর	১০ জন	৭৫.০০	০.০০	৭৫.০০		০.০০	০.০০	০.০০		৭০.০০		০০.০০
জ্বালানি (পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট)	থোক	১০০.০	০.০০	১০০.০		১৭.৪৫	০.০০	১৭.৪৫		৩৫.০০		০০.০০
জ্বালানী (জেনারেটরের জন্য)	থোক	৬০.০০	০.০০	৬০.০০		০.০০	০.০০	০.০০		২০.০০		০০.০০
প্রাণীটিকা ও ঔষধ	থোক	২০০.০	০.০০	২০০.০		৭০.৭৯	০.০০	৭০.৭৯		৮০.০০		০০.০০
সার ক্রয়	থোক	১০.০	০.০০	১০.০		৩.১২	০.০০	৩.১২		২.৫০		০০.০০
মৎস্য ও প্রাণী খাদ্য ব্রিডিং বুলের জন্য দানাদার খাদ্য	থোক	৮০.০	০.০০	৮০.০		০.০০	০.০০	০.০০		৮০.০০		০০.০০
বীজ ও চারা অস্ট্রিলিয়ান সুইট জাম্বু ঘাসের জন্য	১২ জন	৩০.০০	০.০০	৩০.০০		১০.৯০	০.০০	১০.৯০		৮.০০		০০.০০
বীজ হিমাহিত সিমেন ক্রয়	৬০০০ ডোজ	১০.০	০.০০	১০.০		৪.০০	০.০০	৪.০০		২.০০		০০.০০
কম্পিউটার সামগ্রী	থোক	৫.০০	০.০০	৫.০০		০.১০	০.০০	০.১০		২.০০		০০.০০
মুদ্রণ ও বাঁধাই	থোক	৪.০০	০.০০	৪.০০		০.১১	০.০০	০.১১		১.৩০		০০.০০
স্ট্যাম্প ও সিল	থোক	১.০০	০.০০	১.০০		০.৭৩	০.০০	০.৭৩		০.১০		০০.০০
অন্যান্য মনিহারি	থোক	১০.০০	০.০০	১০.০০		১.৬৮	০.০০	১.৬৮		৩.৫০		০০.০০
রাসায়নিক (তরল নাইট্রোজেন এবং দুধ টেস্ট করার জন্য রাসায়নিক সমূহ)	থোক	১৬.০০	০.০০	১৬.০০		০.০০	০.০০	০.০০		৬.০০		০০.০০
পরামর্শক (৩৬ মাস প্রতি জনের জন্য)	২ জন	১০০.০০	০.০০	১০০.০০		২.৪২	০.০০	২.৪২		৩০.০০		০০.০০
জরিপ/মধ্যমেয়াদি এবং চূড়ান্ত মূল্যায়ন	থোক	১০.০০	০.০০	১০.০০		০.০০	০.০০	০.০০		৮.০০		০০.০০
মেরামত ও সংস্কার												০০.০০

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা					৩০ জুন ২০২৩ পর্যন্ত অগ্রগতি				২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		চলতি বছরের এপ্রিল/২০২৪ পর্যন্ত অগ্রগতি	
অঙ্গের নাম	একক ও পরিমাণ	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
		জিওবি	নিজস্ব			জিওবি	নিজস্ব					
মোটরযান যানবাহন মেরামত ব্যয়	থোক	২৫.০০	০.০০	২৫.০০		৩.৮১	০.০০	৩.৮১		৭.০০		০০.০০
কম্পিউটার মেরামত ব্যয়	থোক	৩.০০	০.০০	৩.০০		০.২৫	০.০০	০.২৫		১.১০		০০.০০
যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	২০.০০	০.০০	২০.০০		০.৪৫	০.০০	০.৪৫		৮.০০		০০.০০
স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ	থোক	৫.০০	০.০০	৫.০০		০.০৪	০.০০	০.০৪		১.৫০		০০.০০
মোটযান রক্ষাণাবেক্ষণ ব্যয়/প্রাধিকারভুক্ত কর্মকর্তার বিশেষ ভাতা	১ জন	২০.২৫	০.০০	২০.২৫		১১.৪০	০.০০	১১.৪০		৬.০০		০০.০০
অন্যান্য বিবিধ ব্যয়							০.০০					০০.০০
বীমা (মেশিনারিজ)	থোক	৩.০০	০.০০	৩.০০		০.০০	০.০০	০.০০		৩৮.০০		০০.০০
বীমা (গাড়ি, মটর সাইকেল ও অন্যান্য)	৩৯ টি	১০০	০.০০	১০০		৯.০০	০.০০	৯.০০		৯৭.০০		০০.০০
মোট রাজস্ব ব্যয়		৩২৩৮.০০		৩২৩৮.০০		৫৪২.০৩	০.০০	৫৪২.০৩		১০০০.০		০০.০০
নির্মাণ ও পূর্ত কাজ												
আবাসিক বিল্ডিং (রেস্ট হাউজ, কোয়ার্টার)	১৪৬৯ ব.মি.	৪৯৫.৩৬	০.০০	৪৯৫.৩৬		০.০০	০.০০	০.০০		৪০০.০০		০০.০০
অনাবাসিক ভবন বিল্ডিং (কারখানা, অফিস বিল্ডিং, বুল সেড অভ্যন্তরীণ রাস্তা অন্যান্য)	৫৯৭৪ ব.মি.	১৯২০.৬৯	০.০০	১৯২০.৬৯		০.০০	০.০০	০.০০		১৪০০.০		০০.০০
বিল্ডিং নির্মাণ (প্রকৌশল সেবা ফি)	থোক	৬০.০০	০.০০	৬০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
বিল্ডিং নির্মাণ (৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও ১ টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপনের জন্য)	থোক	০০.০০	৪৪০.৪৩	৪৪০.৪৩		০.০০	০.০০	০.০০		৬০.০০		০০.০০
মোটরযান												
জীপ ডাবল কেবিন পিকআপ, ট্রাক	৩টি	১৫১.৩০	০.০০	১৫১.৩০	১	৬১.৩০	০.০০	৬১.৩০		২৬০.০০		০০.০০
মিল্ক ট্যাংকার, আইসক্রিম ফ্রিজিং ভ্যান , ইসুলেটেড মিল্ক কভার্ড ভ্যান ও রেফ্রিজারেটেড কভার্ড ভ্যান	১৪টি	৭৫৮.৭০	০.০০	৭৫৮.৭০	৬	৩৫৬.৩০	০.০০	৩৫৬.৩০		০০.০০		০০.০০
মোটরসাইকেল স্কুটি (স্কুটি মহিলা কর্মকর্তাদের জন্য)	২০টি	৩৬.০০	০.০০	৩৬.০০	১০	১৮.০০	০.০০	১৮.০০		০০.০০		০০.০০
বাইসাইকেল	২০ট	৩.০০	০.০০	৩.০০	১০	১.৫০	০.০০	১.৫০		০০.০০		০০.০০
সিডি ভ্যাট	-	৮০.০০	০.০০	৮০.০০		৩৬.৮৬	০.০০	৩৬.৮৬		৫০.০০		০০.০০
ইঞ্জিন চালিত নৌকা	৪টি	১২.০০	০.০০	১২.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি	২৪টি	১৫.৫২	০.০০	১৫.৫২	৬	৪.৫০	০.০০	৪.৫০		০০.০০		০০.০০
সিসি ক্যামেরা ও আনুষঙ্গিক	৫ সেট	২৫.০০	০.০০	২৫.০০	১	১.৩১	০.০০	১.৩১		০০.০০		০০.০০
বৈদ্যুতিক সরঞ্জামাদি (জেনারেটর ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি)	১ লট	১২০.০০	০.০০	১২০.০০	১	২৪.৪১	০.০০	২৪.৪১		০০.০০		০০.০০
অগ্নি নির্বাপক সরঞ্জামাদি	১ লট	২০.০০	০.০০	২০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
গবেষণাগার সরঞ্জামাদি												০০.০০
দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের মাননিয়ন্ত্রণ ল্যাব সরঞ্জামাদি	থোক	৩৮৫.০০	০.০০	৩৮৫.০০		০.০০	০.০০	০.০০		৩৮৫.০		০০.০০
ফ্রোজেন সিমেন ল্যাবরেটরী সরঞ্জামাদি	১ লট	৭১৫.০	০.০০	৭১৫.০		০.০০	০.০০	০.০০		৭১৫.০		০০.০০
কৃত্রিম প্রজনন সরঞ্জামাদি	১ লট	২১৩.০০	০.০০	২১৩.০০		০.০০	০.০০	০.০০		২১৩.০০		০০.০০
	থোক	৭.০০	০.০০	৭.০০		৪.৯৮	০.০০	৪.৯৮				০০.০০
ব্রিডিং বুল ক্রয় (আমেরিকা, ইউরোপ, অস্ট্রেলিয়া)	৫ টি	২৫০.০০	০.০০	২৫০.০০		০.০০	০.০০	০.০০		২৫০.০০		০০.০০
মাইক্রো-বায়োলজিক্যাল ল্যাব সরঞ্জামাদি	১ লট	১১০.০০	০.০০	১১০.০০		০.০০	০.০০	০.০০		১১০.০০		০০.০০
ডেইরি বায়ো টেকনোলজিক্যাল ল্যাব সরঞ্জামাদি	১ লট	৮৮০.০০	০.০০	৮৮০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
মোবাইল ডায়গনস্টিক ল্যাব সরঞ্জামাদি	১ লট	১১০.০০	০.০০	১১০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
গবেষণাগার সরঞ্জামাদি (দুগ্ধ শীতলীকরণ জন্য)	২ লট	১০.০০	০.০০	১০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
গাভীর ট্যাগ মেশিন (গাভী সনাক্তকরণের জন্য)	১ লট	৫.০০	০.০০	৫.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
সিডি ভ্যাট		১০০.০০	০.০০	১০০.০০		০.০০	০.০০	০.০০		১৩০.০০		০০.০০

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা					৩০ জুন ২০২৩ পর্যন্ত অগ্রগতি				২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		চলতি বছরের এপ্রিল/২০২৪ পর্যন্ত অগ্রগতি	
অঙ্গের নাম	একক ও পরিমাণ	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক		মোট	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
		জিওবি	নিজস্ব			জিওবি	নিজস্ব					
অফিস সরঞ্জাম (ফোন মেশিন, ফটোকপিয়ার, পিএবিএক্স, প্রিন্টার, স্ক্যানার, প্রজেক্টর, ডিজিটাল ভিডিও ক্যামেরা, অন লাইট ইউপিএস ইত্যাদি)	থোক	২০.০০	০.০০	২০.০০		৭.৯২	০.০০	৭.৯২		১২.০০		০০.০০
আসবাবপত্র	থোক	৪০.০০	০.০০	৪০.০০		১৯.৯৯	০.০০	১৯.৯৯		২০.০০		০০.০০
চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি	থোক	৫.০০	০.০০	৫.০০		০.০০	০.০০	০.০০		৫.০০		০০.০০
অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি												
ফ্রিজিং রুম, কোল্ড রুম, ও প্যাকেজিং মেশিনারিজ	১ লট	৩৩৬৬.০০	০.০০	৩৩৬৬.০		০.০০	০.০০	০.০০		৪৫০.০০		০০.০০
ঘি, বাটার, এবং চিজ প্রোডাকশন সেকশন	১ লট	২৪২০.০০	০.০০	২৪২০.০০		০.০০	০.০০	০.০০		৯০০.০০		০০.০০
ফ্লেভার্ড মিল্ক প্রসেসিং প্ল্যান্ট	১ লট	০০.০০	৭৭০.০০	৭৭০.০০		০.০০	০.০০	০.০০				০০.০০
মিস্টি দই, রসমালাই এবং লাবাং প্রোডাকশন প্যাকিং সেকশন	১ লট	০০.০০	৩৩০.০০	৩৩০.০০		০.০০	০.০০	০.০০				০০.০০
ইউএইচটি মিল্ক প্ল্যান্ট	১ লট	২৪০০.০০	০.০০	২৪০০.০০		০.০০	০.০০	০.০০		২৪০০.০		০০.০০
অটোমেটিক আইসক্রিম প্ল্যান্ট (৫০০০পিস/ঘন্টা)	১ লট	৫২৫০.০০	০.০০	৫২৫০.০০		০.০০	০.০০	০.০০		৬০০.০০		০০.০০
চকোলেট এবং ক্যান্ডি প্ল্যান্ট	১ লট	১০৫০.০০	০.০০	১০৫০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
ইউটিলিটি সার্ভিস এবং অন্যান্য মেশিনারিজ	১ লট	২৭৫০.০০	০.০০	২৭৫০.০০		০.০০	০.০০	০.০০		৫৫.০০		০০.০০
নাইট্রোজেন প্ল্যান্ট	১ লট	৭১৫.০০	০.০০	৭১৫.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
অ্যালুমিনিয়াম মিল্ক ক্যান (৪০ লি. ধারণক্ষমতাসম্পন্ন)	৫০০ টি	৫৫.০০	০.০০	৫৫.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
ফার্মকুলার প্ল্যান্ট/মিনি ডেইরি প্ল্যান্ট	৮ টি	১৫০.০০	০.০০	১৫০.০০	৮	৩৯.৫৫	০.০০	৩৯.৫৫		১১০.০০		০০.০০
সিডি ভ্যাট	থোক	২০০.০০	০.০০	২০০.০০		০.০০	০.০০	০.০০		১৫০.০০		০০.০০
সফটওয়্যার ডেভেলপমেন্ট ও ডাটাবেজ	থোক	২৫.০০	০.০০	২৫.০০		০.০০	০.০০	০.০০		২৫.০০		০০.০০
সম্পদ সংগ্রহ ও ক্রয়												০০.০০
ভূমি ক্রয় (দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের জন্য)	৩০ একর	০০.০০	৪২.০০	৪২.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
গাভী ঋণ (সমবায় ঋণ)	৭৯২০ টি	৯০০০.০০		৯০০০.০০	৫২৪৮	৬৫১৩.৬০	০.০০	৬৫১৩.৬০		৯৬০.০০		০০.০০
মোট মূলধন		৩৫৫১১.০	১৫০০.০	৩৫৫১১.০		৭০৯০.২২	০.০০	৭০৯০.২২		১১৫০০		০০.০০
প্রাইজ কন্টিজেন্সী		০.০০	০.০০	০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
ফিজিক্যাল কন্টিজেন্সী		০.০০	০.০০	০.০০		০.০০	০.০০	০.০০		০০.০০		০০.০০
মোট (রাজস্ব+মূলধন)		৩৭২৪৯.০০	১৫০০.০০	৩৮৭৪৯.০		৭৬৩২.২৫	০.০০	৭৬৩২.২৫		১২৫০০		০০.০০

(উৎস: আরডিপিপি এবং আইএমইডি প্রতিবেদন)

প্রকল্পের অগ্রগতি প্রতিবেদনে দেখা যায় যে, জুন ২০২৩ পর্যন্ত প্রকল্পের আর্থিক খরচ হয়েছে ৭৯১৬.২৬ লক্ষ টাকা বা ২০.৪৩% (জিওবি-৭৬৩২.২৫ ও নিজস্ব অর্থায়ন ০০.০০)। চলতি ২০২৩-২০২৪ অর্থ-বছরে আরএডিপি'তে প্রকল্পের আর্থিক লক্ষ্যমাত্রা ১২৫০০.০০ লক্ষ টাকা বা ৩২.২৬%। এছাড়া চলতি অর্থ-বছরের এপ্রিল ২০২৪ পর্যন্ত কোন অর্থ ছাড় করা সম্ভব হয়নি। অর্থাৎ, এপ্রিল ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৯১৬.২৬ লক্ষ টাকা (জিওবি-৭৯১৬.২৬ লক্ষ টাকা ও নিজস্ব অর্থায়ন ০০.০০)। এছাড়া প্রকল্পের ৬ বছর মেয়াদ অতিবাহিত হলেও অধ্যাবধি মিল্ক ভিটার নিজস্ব অর্থায়ন থেকে কোন অর্থ ব্যয় করা হয়নি। জিওবি'র অর্থায়নের সাথে নিজস্ব অর্থায়ন আনুপাতিক হারে ব্যয় করা প্রয়োজন। প্রকল্পের অঙ্গভিত্তিক পর্যালোচনায় দেখা যায় যে, ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের কারণে প্রকল্পের কার্যক্রম বিভিন্নভাবে বিঘ্নিত হয়েছে। এছাড়াও প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত হিসাবে প্রকল্পে কর্মরত আছেন। প্রকল্পের আওতায় কারখানা স্থাপনের জন্য ভূমি উন্নয়ন এখন পর্যন্ত সম্পন্ন হয়নি ফলে অবকাঠামো নির্মাণ কাজ এখন পর্যন্ত শুরু করা যায়নি। প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সমাপ্তকরণের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নসহ প্রকল্পের কাজের গতি বৃদ্ধির জন্য বাস্তবায়নকারী সংস্থা, মন্ত্রণালয়/বিভাগের তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন।

৩.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যালোচনা

ডিপিপি এবং আরডিপিপি মূলে প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম হচ্ছে, আবাসিক ভবন (রেস্ট হাউজ ও কোয়ার্টার), অনাবাসিক ভবন নির্মাণ (কারখানা, অফিস বিল্ডিং, বুল সেড, অভ্যন্তরীণ রাস্তা ও অন্যান্য); আধুনিক মানের পাস্তুরাইজার, হোমোজিনাইজার, ক্রিম সেপারেটর, বাটার, পনির এবং ঘি তৈরির মেশিন স্থাপন করা; ভবন (৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও ১টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপনের জন্য) নির্মাণসহ অন্যান্য ফ্রিজিং রুম, কোল্ড রুম ও প্যাকেজিং মেশিনারিজ ক্রয়। কিন্তু ডিপিপি এবং আরডিপিপি মূলে প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম পর্যালোচনায় দেখা যায়, বিগত ২০১৭-১৮ অর্থবছরে প্রকল্পের কাজ শুরু হলেও কোন অর্থ বরাদ্দ না থাকায় প্রকল্পের কোন আর্থিক অগ্রগতি সম্ভব হয়নি। বিগত ২০১৮-১৯ থেকে ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত মোট ৬ বছরে প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় হয়েছে মাত্র ৭৯১৬.২৬ লক্ষ টাকা। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে আরএডিপিতে মোট বরাদ্দ ১২৫০০.০০ লক্ষ টাকা থাকলেও এপ্রিল ২০২৪ পর্যন্ত প্রকল্পের অনুকূলে কোন অর্থ ছাড় করা হয়নি। উল্লেখ্য, প্রকল্পের ব্যয়িত ৭৯১৬.২৬ লক্ষ টাকার মধ্যে ২৭৪২ জন উপকারভোগীদের ঋণ সহায়তার জন্য ৬৪১৭.৬০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট ব্যয়িত অর্থের ৮১.০৭%। এখন পর্যন্ত ভূমি উন্নয়নের কাজ শুরু করা হয়নি। এছাড়া, কার্য ক্রয়ের কোন দরপত্র আহ্বান করা হয়নি ফলে আবাসিক ভবন (রেস্ট হাউজ ও কোয়ার্টার), অনাবাসিক ভবন নির্মাণ (কারখানা, অফিস বিল্ডিং, বুল সেড, অভ্যন্তরীণ রাস্তা ও অন্যান্য); আধুনিক মানের পাস্তুরাইজার, হোমোজিনাইজার, ক্রিম সেপারেটর, বাটার, পনির এবং ঘি তৈরির মেশিন স্থাপন করা; ভবন (৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও ১টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপনের জন্য) নির্মাণ কাজ শুরু করা যায়নি। অর্থাৎ, প্রকল্পের ঋণ কার্যক্রম ব্যতীত কোন কার্যক্রম এখন পর্যন্ত শুরুই করা যায়নি যা প্রকল্পের অন্যতম দুর্বল দিক। বিগত ৬ বছরের অধিক সময়কালে বর্ণিত প্রকল্পে মোট ৭ জন প্রকল্প পরিচালককে দায়িত্ব প্রদান করা হয়েছে। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা অতিরিক্ত দায়িত্বের মাধ্যমে প্রকল্প পরিচালিত হওয়ার কারণে প্রকল্পের কোন কার্যক্রমের দৃশ্যমান অগ্রগতি হয়নি।

৩.৪ অর্থ-বছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা

বিগত অর্থ-বছরগুলোতে ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় বছরভিত্তিক কর্মপরিকল্পনা তৈরি এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন নেয়া হয়নি। প্রকল্পের আওতায় চলতি ২০২৩-২০২৪ অর্থ-বছরের কর্মপরিকল্পনা পর্যালোচনায় দেখা যায় যে, অর্থ-বছরের প্রারম্ভে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে বাস্তবায়নের কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলির কারণে প্রকল্পের কার্যক্রম বিভিন্নভাবে বিঘ্নিত হয়েছে। এছাড়াও প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত হিসাবে প্রকল্পে কর্মরত আছেন। প্রকল্পের আওতায় কারখানা স্থাপনের জন্য ভূমি উন্নয়ন এখন পর্যন্ত সম্পন্ন হয়নি। নির্ধারিত সময়ে সমাপ্তকরণের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নসহ প্রকল্পের কাজের গতি বৃদ্ধির জন্য বাস্তবায়নকারী সংস্থা, মন্ত্রণালয়/বিভাগের তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন।

৩.৫ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা

প্রকল্পের আওতায় গত অর্থ-বছরগুলোতে বার্ষিক ক্রয় পরিকল্পনা তৈরি করা হয়নি। এছাড়া, চলতি অর্থ-বছরেও বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়নি।

প্রকল্পের আওতায় অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনায় পণ্য ক্রয়ের ৩২টি, কার্য ক্রয়ের ০৩টি এবং সেবা ক্রয়ের ০২টি প্যাকেজ রয়েছে। বিশেষভাবে উল্লেখ্য, প্রকল্পের শুরু থেকে এপ্রিল, ২০২৪ পর্যন্ত শুধুমাত্র ১৭টি প্যাকেজের মাধ্যমে পণ্য ক্রয় ব্যতিত আর কোন প্রকার কার্য বা সেবা ক্রয় করা হয়নি। এখন পর্যন্ত কার্য ক্রয়ের কোন দরপত্র আহ্বান করা হয়নি ফলে অবকাঠামো নির্মাণ কাজও শুরু হয়নি। ডিপিপি/আরডিপিপি'তে প্রকল্পের ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক বাস্তবায়নের সময় নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের পণ্য, কার্য ও সেবা ক্রয়ের বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণ নিম্নে দেয়া হলো-

৩.৬ পণ্য ক্রয় পর্যালোচনা:

প্রকল্পের আওতায় ২০১৭-১৮ থেকে এপ্রিল ২০২৪ পর্যন্ত পণ্য ক্রয় সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি: ৩.৩ প্রকল্পের পণ্য ক্রয় বিশ্লেষণ (লক্ষ টাকা)

ক্র. নং	কাজের নাম	একক	সংখ্যা	ক্রয় পদ্ধতি এবং ধরণ	অনুমোদনকারি কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	প্রাক্কলিত মূল্য থেকে চুক্তি মূল্য কম/বেশি	তারিখ নির্দেশিকা		মন্তব্য
										চুক্তি সম্পাদন	চুক্তি শেষ/ সম্পাদনের শেষ তারিখ	
১.	জীপ	সংখ্যা	১	ওটিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৭০.০০	**৬১.৩০**	কম	১৯/০৭/১৮	২৫/১০/১৮	সমাপ্ত
২.	মিল্ক ট্যাংকার ও ইসুলেটেড মিল্ক কভার্ড ভ্যান	সংখ্যা	৬	ওটিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৭৫৮.৭০ লক্ষ টাকা	৩,৭৩,২২৬.০০ ডলার	কম	০১/১২/২১	২৫/০৪/২২	সমাপ্ত
৩.	মোটরসাইকেল	সংখ্যা	১০	ওটিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১৮.০০	**১৮.০০**	সমান	২৪/১২/১৮	১০/০১/১৯	সমাপ্ত
৪.	বাইসাইকেল	সংখ্যা	১০	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	১.৫০	**১.৫০**	সমান	২৬/০৬/১৯	২৯/০৬/১৯	সমাপ্ত
৫.	ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি	সংখ্যা	৬	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	৫.০০	**৪.৫০**	কম	০৬/০১/১৯	১২/০১/১৯	সমাপ্ত
৬.	সিসি ক্যামেরা ও আনুষঙ্গিক	সংখ্যা	১	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	১.৫০	**১.৩১**	কম	১০/০৬/২০	১৪/০৬/২০	সমাপ্ত
৭.	বৈদ্যুতিক সরঞ্জামাদি (জেনারেটর ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি) (15 KVAR PFI Plant, 15 KW LT Panel, 100A Change Over Switch, 50 Watt Solar Panel, Power Cable, Accessories, Electrical Maintenance Equipment)	সংখ্যা	১	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	১৫.০০	৪.৯৮	কম	১৩/০৩/২১	১৮/০৩/২১	সমাপ্ত
৮.	বৈদ্যুতিক সরঞ্জামাদি (জেনারেটর ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি) (15 KVAR PFI Plant, 15 KW LT Panel, 100A Change Over Switch, 50 Watt Solar Panel, Power Cable, Accessories, Electrical Maintenance Equipment)	সংখ্যা	১	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	১৫.০০	৪.৯৮	কম	২১/০৬/২১	২৪/০৬/২১	সমাপ্ত
৯.	এয়ারকন্ডিশনার ও বৈদ্যুতিক যন্ত্রপাতি (এসি ও টিভি)	সংখ্যা	০৫	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	১০.০০	৫.০০	কম	২৬/০৬/১৯	২৯/০৬/১৯	সমাপ্ত
১০.	এয়ারকন্ডিশনার ও বৈদ্যুতিক যন্ত্রপাতি (Stand Fan, Ceilling Fan, Finger	সংখ্যা	২০	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	১০.০০	৫.০০	কম	২৬/০৬/১৯	২৯/০৬/১৯	সমাপ্ত

ক্র. নং	কাজের নাম	একক	সংখ্যা	ক্রয় পদ্ধতি এবং ধরণ	অনুমোদনকারি কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	প্রাক্কলিত মূল্য থেকে চুক্তি মূল্য কম/বেশি	তারিখ নির্দেশিকা		মন্তব্য
										চুক্তি সম্পাদন	চুক্তি শেষ/ সম্পাদনের শেষ তারিখ	
	Print Attendance, Coffe Maker, Water Purifier)											
১১.	বৈদ্যুতিক সরঞ্জামাদি (জেনারেটর ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি) (15 KVAR PFI Plant, 15 KW LT Panel, 100A Change Over Switch, 50 Watt Solar Panel, Power Cable, Accessories)	সংখ্যা	১	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	১৫.০০	২.৩২	কম	১৯/১১/২০	২৬/১১/২০	সমাপ্ত
১২.	কৃত্রিম প্রজনন সরঞ্জামাদি	থোক		আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	৫.০০	৪.৯৮	কম	০৬/০৮/১৯	২০/০৮/১৯	সমাপ্ত
১৩.	অফিস সরঞ্জাম (ফোন মেশিন, ফটোকপিয়ার, পিএবিএক্স, প্রিন্টার, স্ক্যানার, ডিজিটাল ভিডিও ক্যামেরা, অন লাইট ইউপিএস ইত্যাদি)	সংখ্যা	১৬	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	৮.০০	৪.৬৭	কম	২৫/০৬/১৯	২৯/০৬/১৯	সমাপ্ত
১৪.	অফিস সরঞ্জাম (সোলার প্যানেল ও প্রজেক্টর)	সংখ্যা	০২	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	৮.০০	৩.২৪	কম	২৫/০৬/১৯	২৯/০৬/১৯	সমাপ্ত
১৫.	আসবাবপত্র (আলমিরা, চেয়ার, টেবিল, ফাইল কেবিনেট)	সংখ্যা	৩৯	আরএফকিউ	প্রকল্প পরিচালক	জিওবি	২০.০০	৪.৯৮	কম	৩০/০৯/১৮	০৬/১০/১৮	সমাপ্ত
১৬.	আসবাবপত্র (চেয়ার, টেবিল, ফাইল কেবিনেট)	সংখ্যা	১৪৮	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	২০.০০	১৪.৯৯	কম	০২/০৩/১৯	১৮/০৪/১৯	সমাপ্ত
১৭.	ফার্মকুলার প্ল্যান্ট (২০০০ লিটার ধারণক্ষমতাসম্পন্ন)/মিনি ডেইরি প্ল্যান্ট	সংখ্যা	৮	ওটিএম	চেয়ারম্যান	জিওবি	১৫০.০০	৩৯.৫৫	কম	১৩/০৭/২০	৩০/০৬/২০	সমাপ্ত
	মোট						**১১৩০.৭০**	**৫৯১.৮৫**				

পর্যালোচনা ও বিশ্লেষণ:

প্রকল্পের আওতায় শুরু থেকে অর্থাৎ ২০১৮-১৯ থেকে ২০২৩-২৪ অর্থ-বছরে পণ্য ক্রয়ের ১৭টি প্যাকেজের দরপত্র আহ্বান এবং নির্ধারিত সময়ের মধ্যে চুক্তির কাজ সম্পন্ন করা হয়েছে। বর্ণিত অর্থ-বছরে ১৭টি প্যাকেজের মোট ১১৩০.৭০ লক্ষ টাকার প্রাক্কলিত মূল্যের বিপরীতে ৫৭৫.৩৫ লক্ষ টাকার চুক্তি করা হয় যা প্রাক্কলিত মূল্যের মাত্র ৫২.৩৪%। সকল ক্রয় প্রক্রিয়ায় অধিকাংশ ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণ করা হয়নি। যেমন-ডিডিপিতে ক্রয় পদ্ধতি উল্লেখ আছে ওটিএম (বৈদ্যুতিক সরঞ্জামাদি, সিসি ক্যামেরা ইত্যাদি) কিন্তু ক্রয় করা হয়েছে আরএফকিউ পদ্ধতিতে। আবার অটবি ফার্ণিচার থেকে ডিপিএম পদ্ধতিতে আসবাবপত্র ক্রয় করা হয়েছে। অন্যদিকে, একই ধরনের পণ্য ক্রয়ে অনেক ক্ষেত্রে প্যাকেজ ভেঙ্গে (যেমন-বৈদ্যুতিক সরঞ্জামাদি (জেনারেটর ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি) ওটিএম (ডিপিপি মূলে) এর পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে ক্রয় করা হয়েছে যা কোনভাবেও সঠিক হয়নি।

৩.৭ পণ্য ক্রয়ের কেস-স্টাডি

কেস-স্টাডি-১: ০৬ টি বিশেষায়িত গাড়ি (০৪ টি মিল্ক ট্যাংকার ও ০২ টি মিল্ক কাভার্ড ভ্যান ক্রয়:

প্রকল্পের ০৬ টি বিশেষায়িত গাড়ি (০৪ টি মিল্ক ট্যাংকার ও ০২ টি মিল্ক কাভার্ড ভ্যান) ক্রয় সংক্রান্ত বিস্তারিত বিবরণী সারণি: ৩.৪ এ উল্লেখ করা হলো-

সারণি: ৩.৪ প্রকল্পের আওতায় ০৬ টি বিশেষায়িত গাড়ি (০৪ টি মিল্ক ট্যাংকার ও ০২ টি মিল্ক কাভার্ড ভ্যান) ক্রয় সম্পর্কিত

ক্রমি নং	বিষয়	উত্তর/মন্তব্য
১	প্রকল্পের নাম	"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)"
২	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা)।
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং (ক্রমিক অনুসারে)	০৬ টি বিশেষায়িত গাড়ি (০৪ টি মিল্ক ট্যাংকার ও ০২ টি মিল্ক কাভার্ড ভ্যান
৫	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পদ্ধত্বি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (আন্তর্জাতিক)
৬	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় প্রক্রিয়ার ধরণ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (আন্তর্জাতিক)
৭	দরপত্র প্রস্তুত করণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে কিনা?	√১. হ্যাঁ
৮	বিনির্দেশনা প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	√১. হ্যাঁ
৯	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়/আন্তর্জাতিক)	১।পত্রিকার নামঃ (বাংলা) দৈনিক সমকাল; তারিখঃ ১৮/০৬/২০২১খ্রি:
১০	(বাংলা ও ইংরেজি পত্রিকার নামসহ তারিখ এবং ওয়েব সাইট'এর নাম)	২।পত্রিকার নামঃ (ইংরেজি) The Daily Star তারিখঃ ১৮/০৬/২০২১ খ্রি:
১১	দরপত্র বিক্রয় শুরু এবং শেষ তারিখ ও সময়	শুরু ১৯/০৬/২০২১ শেষ ১৪/০৭/২০২১
১২	বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা	০৮ টি
১৩	প্রাপ্ত দরপত্রের সংখ্যা	০৩ টি
১৪	মূল্যায়ন সমাপ্তির তারিখ	২৫/০৭/২০২১
১৫	দরপত্র খোলার তারিখ ও সময়	১৪/০৭/২০২১ সময়ঃ ০৫.০০ টা
১৬	দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা	০৩ জন
১৭	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	০৫/০৮/২০২১ ও ১৪/০৯/২০২১
১৮	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	০৫ জন, বহিঃ সদস্য সংখ্যা ০৩ জন
১৯	উপস্থিত সদস্য সংখ্যা	০৫ জন, বহিঃ সদস্য সংখ্যা ০৩ জন
২০	জামানত রাখা হয়েছিল কি না? (ব্যাংক পে-অর্ডার, চালান ইত্যাদি)	√১. হ্যাঁ
২১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০২ টি
২২	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ	০৩/১১/২০২১
২৩	Notification of Award প্রদানের তারিখ	০৩/১১/২০২১
২৪	প্রস্তাবকৃত মূল্য (ডিপিপি/আরডিপিপি)	৭৫৮.৭০ লক্ষ টাকা
২৫	চুক্তি মূল্য	৩,৭৩,২২৬.০০ ডলার
২৬	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	প্রিন্সিপল: জয়া ইন্ডাস্ট্রিজ, লোকাল: ফুড প্লাস্ট ইন্টারন্যাশনাল
২৭	চুক্তি স্বাক্ষরের তারিখ	০১/১২/২০২১
২৮	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	০১/০৯/২০২৩
২৯	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ	০২/১২/২০২১
৩০	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩০/১২/২০২১
৩১	প্রকৃত কাজ শেষের তারিখ	৩০/০৪/২০২২

ক্রমি নং	বিষয়	উত্তর/মন্তব্য
৩২	সময় বৃদ্ধি করা হয়েছে কি?	হয় নাই
৩৩	সরবরাহকৃত পণ্য/মালামালের ওয়ারেন্টি আছে কিনা ?	হ্যাঁ
৩৪	ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষিত আছে কি না ?	হ্যাঁ
৩৫	ক্রয়কৃত মালামাল রিসিভ পদ্ধতি	গঠিত রিসিভ কমিটি সকল মালামাল রিসিভ করেন

পর্যালোচনা ও বিশ্লেষণ:

মূল ডিপিপি'তে দরপত্র আহ্বানের তারিখ ছিল আগস্ট/২০২০ তারিখ কিন্তু বাস্তবে দরপত্র আহ্বান করা হয়েছে ১৮/০৬/২০২১ তারিখে অর্থাৎ ডিপিপি'র নির্ধারিত সময় থেকে প্রায় ৮ মাস পর দরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র (বাংলা) দৈনিক সমকাল তারিখ: ১৮/০৬/২০২১খ্রি: ও (ইংরেজি) The Daily Star তারিখ: ১৮/০৬/২০২১ খ্রি: এবং পিপিআর ২০০৮ অনুযায়ী ১০/১১/২০২১ তারিখে বিপিপিএ এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ডিপিপি'র ক্রয় পদ্ধতি ছিল উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এবং বাস্তবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) দরপত্র আহ্বান করা হয়েছে। বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা ০৮টি এবং প্রাপ্ত দরপত্রের সংখ্যা ছিল ০৩টি এর মধ্যে রেসপনসিভ হয় ০২টি। গত ০৩/১১/২০২১ তারিখে প্রিন্সিপল: জয়া ইন্ডাস্ট্রিজ, লোকাল: ফুড প্লাস্ট ইন্টারন্যাশনাল (জেভি) ঠিকাদারী প্রতিষ্ঠানকে NOA প্রদান করা হয় এবং ০১/১২/২০২১ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। ডিপিপিতে ১২টি গাড়ি ক্রয়ের জন্য প্রাক্কলিত মূল্য ছিল ৭৫০.০০ লক্ষ টাকা এবং বাস্তবে ০৬টি বিশেষায়িত গাড়ি (০৪টি মিল্ক ট্যাংকার ও ০২টি মিল্ক কাভার্ড ভ্যান) ক্রয়ের জন্য চুক্তি মূল্য ৩,৭৩,২২৬.০০ ডলার। চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ: ০২/১২/২০২১ এবং চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ: ৩০/০৪/২০২২। তবে প্রকৃত কাজ শেষের তারিখ: ২৫/০৪/২০২২। আহ্বান, চুক্তি স্বাক্ষর, চুক্তি অনুমোদন কর্তৃপক্ষ, ক্রয় পদ্ধতি ইত্যাদি পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণ করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

কেস-স্টাডি-২ ফার্ম কুলার মেশিনারিজ ক্রয়:

প্রকল্পের ফার্ম কুলার মেশিনারিজ **ক্রয় সংক্রান্ত বিস্তারিত বিবরণী** সারণি: ৩.৫ এ উল্লেখ করা হলো-

সারণি: ৩.৫ প্রকল্পের আওতায় ফার্ম কুলার মেশিনারিজ ক্রয় সম্পর্কিত:

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
১	প্রকল্পের নাম	"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)"
২	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা)।
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং (ক্রমিক অনুসারে)	ফার্ম কুলার মেশিনারিজ
৫	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৬	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় প্রক্রিয়ার ধরণ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৭	দরপত্র প্রস্তুত করণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে কিনা?	√১. হ্যাঁ
৮	বিনির্দেশনা প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	√১. হ্যাঁ
৯	(বাংলা ও ইংরেজি পত্রিকার নামসহ তারিখ এবং ওয়েব সাইট'এর নাম)	১। পত্রিকার নামঃ (বাংলা) দৈনিক সমকাল তারিখঃ ০৭/০৬/২০২০খ্রি:
১০	২।পত্রিকার নামঃ (ইংরেজি)	২। পত্রিকার নামঃ (ইংরেজি) The Daily Observer তারিখঃ ০৭/০৬/২০২০ খ্রি:
১১	মূল্যায়ন সমাপ্তির তারিখ	২২/০৬/২০২০
১২	দরপত্র খোলার তারিখ ও সময়	তারিখঃ ২০/০৬/২০২০, সময়: ২.০০ ঘটিকা
১৩	দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা	০৩ জন

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
১৪	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	২২/০৬/২০২০
১৫	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	০৫ জন, বহিঃ সদস্য সংখ্যা ০৩ জন
১৬	উপস্থিত সদস্য সংখ্যা	০৫ জন, বহিঃ সদস্য সংখ্যা ০৩ জন
১৭	জামানত রাখা হয়েছিল কি না? (ব্যাংক পে-অর্ডার, চালান ইত্যাদি)	√১. হ্যাঁ
১৮	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০১ টি
১৯	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ	২৫/০৬/২০২০
২০	Notification of Award প্রদানের তারিখ	২৬/০৬/২০২০
২১	প্রস্তাবকৃত মূল্য (ডিপিপি/আরডিপিপি)	১৫০.০০ লক্ষ টাকা
২২	চুক্তি মূল্য	৩৯,৫৫,০০০.০০ টাকা
২৩	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	নবাবগঞ্জ এগ্রো মেশিনারিজ ইন্ডাস্ট্রিজ লি:
২৪	চুক্তি স্বাক্ষরের তারিখ	১৩/০৭/২০২০
২৫	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩০/০৬/২০১৯
২৬	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ	৩০/০৬/২০২০
২৭	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩০/১১/২০২০
২৮	প্রকৃত কাজ শেষের তারিখ	১৫/০৩/২০২১
২৯	সময় বৃদ্ধি করা হয়েছে কি?	প্রযোজ্য নয়
৩০	হলে কতদিন বৃদ্ধি বৃদ্ধি করা হয়েছে?	প্রযোজ্য নয়
৩১	বৃদ্ধির কারণ;	কোভিড-১৯ এর প্রার্দুভাবের কারণে কাঁচামাল ও শীতলীকরণ কেন্দ্র স্থাপনে বিলম্বের জন্য সরবরাহ বিলম্ব হয়।
৩২	সরবরাহকৃত পণ্য/মালামালের ওয়ারেন্টি আছে কিনা ?	√হ্যাঁ
	ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছে কি না ?	√না
৩৩	যদি হয়ে থাকে তবে তার কারণ উল্লেখ করুণ	হয় নাই
৩৪	ক্রয় সংক্রান্ত কোন প্রকার অডিট আছে কিনা?	√না
৩৫	ক্রয়কৃত মালামাল রিসিভ পদ্ধতি	গঠিত রিসিভ কমিটি সকল মালামাল রিসিভ করেন

পর্যালোচনা ও বিশ্লেষণ:

মূল ডিপিপি'তে দরপত্র আহ্বানের তারিখ ছিল আগস্ট/২০১৮ কিন্তু বাস্তবে দরপত্র আহ্বান করা হয়েছে ০৭/০৬/২০২০ খ্রি. তারিখে অর্থাৎ ডিপিপি'র নির্ধারিত সময় থেকে প্রায় ১ বছর ১০ মাস পর দরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র (বাংলা) দৈনিক সমকাল ও (ইংরেজি) The Daily Observer তারিখ ০৭/০৬/২০২০ খ্রি: বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ডিপিপি'র ক্রয় পদ্ধতি ছিল উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এবং বাস্তবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) দরপত্র আহ্বান করা হয়েছে। বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা ০১টি এবং প্রাপ্ত দরপত্রের সংখ্যা ছিল ০১টি এর মধ্যে রেসপনসিভ হয় ১টি। গত ২২/০৬/২০২০খ্রি. তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দরপত্র মূল্যায়ন কমিটির ০৫ জন (বহি: সদস্য সংখ্যা ০৩ জন) উপস্থিত ছিলেন। ২৫/০৬/২০২০খ্রি. তারিখে মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন হলে ২৬/০৬/২০২০খ্রি. তারিখে মেসার্স নবাবগঞ্জ অ্যাগ্রো মেশিনারিজ ইন্ডাস্ট্রিজ লি:-কে Notification of Award প্রদান করা হয়েছে এবং ৩০/০৬/২০২০খ্রি. তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি মোতাবেক ১৫/০৩/২০২১খ্রি. তারিখে মালামাল সরবরাহ করার প্রতিশ্রুতি থাকলেও কোভিড-১৯ এর প্রার্দুভাবের কারণে কাঁচামাল ও শীতলীকরণ কেন্দ্র স্থাপনে সরবরাহ বিলম্ব হয়েছে। ডিপিপিতে ১৫টি ফার্ম কুলার মেশিনারিজ ক্রয়ের জন্য প্রাক্কলিত মূল্য ছিল ১৫০.০০ লক্ষ টাকা এবং বাস্তবে ফার্ম কুলার মেশিনারিজ ক্রয়রে জন্য চুক্তি মূল্য ৩৯,৫৫,০০০.০০ টাকা। চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ: ৩০/০৬/২০২০ এবং চুক্তি অনুযায়ী কাজ

শেষ করার তারিখ: ৩০/১১/২০২০ তবে প্রকৃত কাজ শেষের তারিখ: ১৫/০৩/২০২১। দরপত্র আহ্বান, চুক্তি স্বাক্ষর, চুক্তি অনুমোদন কর্তৃপক্ষ, ক্রয় পদ্ধতি ইত্যাদি পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণ করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

কেস-স্টাডি-৩: প্রাণি টিকা ও ঔষধ ক্রয়:

প্রকল্পের প্রাণি টিকা ও ঔষধ ক্রয় সংক্রান্ত বিস্তারিত বিবরণী সারণি: ৩.৬ এ উল্লেখ করা হলো-

সারণি: ৩.৬ প্রকল্পের আওতায় প্রাণি টিকা ও ঔষধ ক্রয় সম্পর্কিত:

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
১	প্রকল্পের নাম	"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)"
২	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা)।
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং (ক্রমিক অনুসারে)	প্রাণি টিকা ও ঔষধ
৫	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৬	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় প্রক্রিয়ার ধরণ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৭	দরপত্র প্রস্তুত করণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে কিনা?	√১. হ্যাঁ
৮	বিনির্দেশনা প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	√১. হ্যাঁ
	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়/ আন্তর্জাতিক)	জাতীয়
৯	(বাংলা ও ইংরেজি পত্রিকার নামসহ তারিখ এবং ওয়েব সাইট'এর নাম)	১।পত্রিকার নামঃ (বাংলা) প্রতিদিনের সংবাদ তারিখঃ ২৯/০৫/২০২৩খ্রি:
১০	২।পত্রিকার নামঃ (ইংরেজি)	The Business Standard তারিখ: ২৯/০৫/২০২৩ খ্রি:
১১	৩। সিপিটিইউ ওয়েবসাইট পিপিআর ২০০৮ অনুযায়ী প্রযোজ্য নয় তারিখ:	প্রযোজ্য নয়
১২	দরপত্র বিক্রয় শুরু এবং শেষ তারিখ	শুরু ২৯/০৫/২০২৩ শেষ ১১/০৬/২০২৩; তারিখ: ২৮/০৫/২০২৩
১৩	সময়ঃ	১২.৩০ টা
১৪	বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা	০২ টি
১৬	দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর আছে কি না?	√১. হ্যাঁ
১৭	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	১৫/০৬/২০২৩
১৮	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	০৫ জন, বহিঃ সদস্য সংখ্যা ০৩ জন
১৯	উপস্থিত সদস্য সংখ্যা	০৫ জন, বহিঃ সদস্য সংখ্যা ০৩ জন
২০	জামানত রাখা হয়েছিল কি না? (ব্যাংক পে-অর্ডার, চালান ইত্যাদি)	√১. হ্যাঁ
২১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০১ টি
২২	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ	১৭/০৬/২০২৩
২৩	Notification of Award প্রদানের তারিখ	১৭/০৬/২০২৩
২৪	প্রস্তাবকৃত মূল্য (ডিপিপি/আরডিপিপি)	১০,০০,০০০.০০ টাকা
২৫	চুক্তি মূল্য	৯,৫৬,৬৮৫.০০ টাকা
২৬	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	মেসার্স খান ট্রেডার্স
২৭	চুক্তি স্বাক্ষরের তারিখ	২০/০৬/২০২৩

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
২৮	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩০/০৬/২০২৩
২৯	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ	২০/০৬/২০২৩
৩০	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	২৭/০৬/২০২৩
৩১	প্রকৃত কাজ শেষের তারিখ	২৪/০৬/২০২৩
৩২	সময় বৃদ্ধি করা হয়েছে কি?	না
৩৩	সরবরাহকৃত পণ্য/মালামালের ওয়ারেন্টি আছে কিনা ?	√হ্যাঁ
৩৪	ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছে কি না ?	√না
৩৫	ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষিত আছে কি না ?	√১. হ্যাঁ
৩৬	ক্রয়কৃত মালামাল রিসিভ পদ্ধতি	প্রকল্পের ভারপ্রাপ্ত কর্মকর্তা সকল মালামাল রিসিভ করেন

পর্যালোচনা:

আরডিপিপি'তে দরপত্র আহ্বানের তারিখ ছিল অক্টোবর/২০২৩ কিন্তু বাস্তবে দরপত্র আহ্বান করা হয়েছে ২৯/০৫/২০২৩ তারিখে অর্থাৎ আরডিপিপি'র নির্ধারিত সময় থেকে প্রায় ৫ মাস আগে দরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র (বাংলা) দৈনিক প্রতিদিনের সংবাদ ও (ইংরেজি) The Business Standard তারিখ: ২৯/০৫/২০২৩ খ্রি: বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আরডিপিপি'র ক্রয় পদ্ধতি ছিল উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) বাস্তবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) দরপত্র আহ্বান করা হয়েছে। বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা ০২টি এবং প্রাপ্ত দরপত্রের সংখ্যা ছিল ০২টি এর মধ্যে রেসপনসিভ হয় ০২টি। গত ১৫/০৬/২০২৩ খ্রি. তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দরপত্র মূল্যায়ন কমিটির ০৫ জন (বহি: সদস্য সংখ্যা ০৩ জন) উপস্থিত ছিলেন। ১৭/০৬/২০২০খ্রি. তারিখে মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন হলে উক্ত তারিখেই মেসার্স খান ট্রেডার্স কে Notification of Award প্রদান করা হয়েছে এবং ২০/০৬/২০২৩ খ্রি. তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি মোতাবেক ২০/০৬/২০২৩ খ্রি. তারিখে মালামাল সরবরাহ করার প্রতিশ্রুতি থাকলেও ২৭/০৬/২০২৩ তারিখে মালামাল সরবরাহ করা হয়েছে। আরডিপিপিতে প্রাণি টিকা ও ঔষধ ক্রয়ের জন্য প্রাক্কলিত মূল্য রয়েছে ১০,০০,০০০.০০ টাকা এবং বাস্তবে প্রাণি টিকা ও ঔষধ ক্রয়ের জন্য চুক্তি হয়েছে ৯,৫৬,৬৮৫.০০ টাকা যা প্রাক্কলিত মূল্য থেকে ৪.৩৩% কম। চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ: ২০/০৬/২০২৩ এবং চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ: ২৭/০৬/২০২৩ তবে প্রকৃত কাজ শেষের তারিখ: ২৪/০৬/২০২৩। দরপত্র আহ্বান, চুক্তি স্বাক্ষর, চুক্তি অনুমোদন কর্তৃপক্ষ, ক্রয় পদ্ধতি ইত্যাদি পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণ করা হয়েছে।

৩.৮ প্রকল্পের উপকারভোগী সদস্যদের জন্য ঋণ কার্যক্রম

বৃহত্তর ফরিদপুর চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদি পশুর জাত উন্নয়ন ও দুধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণী উপকারভোগীর বিবরণ সারণি: ৩.৭ এ উল্লেখ করা হলো-

সারণি: ৩.৭ সার্ভিস চার্জসহ আদায়যোগ্য ও আদায়কৃত ঋণের বিবরণ

বিভাগ	জেলা	উপজেলা	প্রকল্প এলকা (স্থান)	উপকারভোগী	ঋণ প্রাপ্ত উপকারভোগী	ঋণ পায়নি এমন উপকারভোগী
১	২	৩	৪	৫	৬	৮
ঢাকা	ফরিদপুর	ফরিদপুর সদর	নর্থচ্যানেল	৪৫০	৪৫০	-
			ডিগ্রির চর	৪৫০	৪৫০	-
			চর মাধবদিয়া	৪৫০	৪৫০	-
		চর ভদ্রাসন	চর ভদ্রাসন	২৫০	২০২	৪৮
		বোয়ালমারি	বোয়ালমারি	২২০	২০০	২০
		আলফাডাঙ্গা	আলফাডাঙ্গা	২২০	২০০	২০
	গোপালগঞ্জ	কোটালীপাড়া	কোটালীপাড়া	১০০	১০০	-
		গোপালগঞ্জ সদর	গোপালগঞ্জ সদর	৮০	-	-
		মুকসুদপুর	মুকদুসপুর	৮০	-	-
		টুঙ্গিপাড়া	টুঙ্গিপাড়া	২০০	২০০	-
		কাশিয়ানী	কাশিয়ানী	১৯০	১৯০	-
	রাজবাড়ী	পাংশা	পাংশা	১৫০	১৫০	-
		গোয়ালন্দের চর	গোয়ালন্দের চর	১৫০	১৫০	-
	মাদারীপুর	রাজৈর	রাজৈর	১২০	-	১২০
খুলনা	খুলনা	রূপসা, তেরখাদা	রূপসা, তেরখাদা	৯০	-	৯০
	যশোর	মনিরামপুর	মনিরামপুর	৯০	-	৯০
	সাতক্ষীরা	সাতক্ষীরা সদর	সাতক্ষীরা সদর	১০০	-	১০০
	নড়াইল	লোহাগাড়া	লোহাগাড়া	৯০	-	৯০
	মাগুরা	মাগুরা সদর	মাগুরা সদর	৯০	-	৯০
	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর	চুয়াডাঙ্গা সদর	৯০	-	৯০
	মেহেরপুর	মেহেরপুর সদর	মেহেরপুর সদর	৯০	-	৯০
মোট (উপকারভোগী সংখ্যা)				৩৭৫০	২৭৪২	১০০৮

এপ্রিল ২০২৪ পর্যন্ত সার্ভিস চার্জসহ (৫%) আদায়যোগ্য ও আদায়কৃত ঋণের বিস্তারিত বিবরণ সারণি: ৩.৮ উল্লেখ করা হলো:

সারণি: ৩.৮ সার্ভিস চার্জসহ আদায়যোগ্য ও আদায়কৃত ঋণের বিবরণ

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	গো-খাদ্যের টাকাসহ/মূল বিতরণকৃত ঋণের পরিমাণ	এপ্রিল, ২০২৪ পর্যন্ত আদায়যোগ্য ঋণের পরিমাণ (৫% সার্ভিস চার্জসহ)	এপ্রিল, ২০২৪ পর্যন্ত আদায়কৃত ঋণের পরিমাণ ((৫% সার্ভিস চার্জসহ)	আদায়ের হার (%)
১	২	৩	৪	৫	৬	৮=৬÷৫×%
১	গোপালগঞ্জ	কাশিয়ানী	৪৪০.০০	৩৩৮.২১	১৪৫.৩৭	৪২.৯৮
২		টুঙ্গিপাড়া	৪৮০.০০	৪০৬.০০	২২৫.৮৯	৫৫.৬৪
৩		কোটালীপাড়া	২৩৩.৬০	২০৩.০০	১৬০.৮৯	৭৯.২৬
৪	ফরিদপুর	বোয়ালমারী	৪৪২.৪০	২৩১.৮৯	১০৫.৫৬	৪৫.৫২
৫		আলফাডাঙ্গা	৪১৯.৬০	২৩৫.২৮	৯৭.৮৩	৪১.৫৮
৬		ফরিদপুর সদর	৩২১৮.৪০	১৮৩৪.৮৪	১০০৭.২৫	৫৪.৯০
৭		চরভদ্রাসন	৪৬৩.৬০	২৮৯.৮৭	১৯৩.৪৯	৬৬.৭৫
৮	রাজবাড়ী	গোয়ালন্দ	৩৬০.০০	২১৫.২৫	২৩৪.৪৩	১০৮.৯১
৯		পাংশা	৩৬০.০০	২৩১.০০	১০৩.২৫	৪৪.৭০
সর্বমোট			**৬৪১৭.৬০**	**৩৯৮৫.৩৩**	**২২৭৩.৯৫**	**৫৭.০৬**

পর্যালোচনা ও বিশ্লেষণ:

প্রকল্পের আওতায় দেশের ২টি বিভাগের ১১টি জেলার ১৯টি উপজেলার মোট ৩৭৫০ জন উপকারভোগীর মধ্যে এপ্রিল ২০২৪ পর্যন্ত মোট ২৭৪২ জন উপকারভোগী সদস্য-কে ঋণ প্রদান করা হয়েছে। প্রকল্প থেকে উপকারভোগী প্রতি সদস্য ২.৪০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। তন্মধ্যে, ২.০০ লক্ষ টাকা দিয়ে ২টি গাভী বা বকনা বাছুর ক্রয় এবং গো-খাদ্যের জন্য ৪০ হাজার টাকা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১০০৮ জন উপকারভোগী সদস্যকে এখনও ঋণ কার্যক্রমের আওতায় আনা সম্ভব হয়নি। প্রকল্প থেকে গৃহীত ঋণ মাসিক ৩ হাজার ৫০০ টাকা কিস্তিতে ৭২ মাসে পরিশোধযোগ্য হবে। প্রকল্পের উপকারভোগী সদস্যদের জন্য ঋণ কার্যক্রম বিশ্লেষণে দেখা যায়, শুধুমাত্র গোপালগঞ্জ জেলার কাশিয়ানী, টুঙ্গিপাড়া, কোটালীপাড়া এবং ফরিদপুর জেলার বোয়ালমারী, আলফাডাঙ্গা, ফরিদপুর সদর, চরভদ্রাসন এবং রাজবাড়ী জেলার গোয়ালন্দ এবং পাংশা উপজেলায় মোট ৬৪১৭.৬০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, ৫% সার্ভিস চার্জসহ মোট ২২৭৩.৯৫ লক্ষ টাকা ঋণ আদায় করা সম্ভব হয়েছে। ঋণ আদায়ের হার ৫৭.০৬%। সমিতির উপকারভোগী সদস্য তাদের উৎপাদিত দুধ বিক্রয় থেকে প্রকল্পের ঋণ পরিশোধ করার শর্ত থাকলেও প্রকল্পের জনবলের অভাব এবং মিল্কভিটা থেকে অনেক ক্ষেত্রে দুধ সংগ্রহের ব্যবস্থা না থাকায় প্রকল্পের ঋণ পরিশোধ করা সম্ভব হচ্ছেনা। এছাড়া অনেকের ঋণ পরিশোধ করার পর প্রকল্প থেকে পুনরায় ঋণ দেয়া হচ্ছেনা বিধায় তাদের ঋণ পরিশোধে আগ্রহ হারাচ্ছেন বলে দলীয় আলোচনায় অভিমত প্রকাশ করা হয়।

৩.৮.১ প্রকল্প সংশোধনের কারণসমূহ

প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা নিম্নে উল্লেখ করা হলো:

প্রকল্পের অনুমোদিত বিভিন্ন অঙ্গের ব্যয় বৃদ্ধি ও কতিপয় নতুন অঙ্গ অন্তর্ভুক্তির প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবনার আলোকে পত্র স্মারক নং-২০.৩৪২.০১৪.০১.০০৮.১১৭.২০১৬ (অংশ-১)-১৩৫ তারিখ: ২১/১০/২০১৮ মোতাবেক প্রকল্পের কার্যক্রম চলমান রাখার জন্য বাস্তবায়ন পর্যায়ে প্রকল্পের কতিপয় অনুমোদিত অঙ্গের ব্যয় বৃদ্ধি এবং নতুন অঙ্গ অন্তর্ভুক্তিসহ মোট বর্ধিত ব্যয় অনুমোদিত সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি অক্টোবর, ২০১৬ পরিপত্রের ১৬.১৯ অনুচ্ছেদ অনুসরণে প্রকল্প সংশোধনের সময় এ পরিবর্তন প্রকল্প দলিলে সংযোজনের শর্তে পরিকল্পনা কমিশন নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করেন, পরিকল্পনা কমিশন কর্তৃক প্রদত্ত শর্তাদি পূরণকল্পে প্রকল্পটি সংশোধন ও মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

৩.৮.২ মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপন

অনুমোদিত ডিপিপিতে ১৫ টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপনের উল্লেখ থাকলেও মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ১৭/০২/২০২১ খ্রি: তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অনুষ্ঠিত সভায় ৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র এবং ০১টি Mini Dairy Plant স্থাপনের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র এলাকায় ঋণ কর্মসূচি নেই ফলে ঐসব এলাকায় দুগ্ধ সংগ্রহের নিশ্চয়তা কম বিধায় অধিক পরিমাণে দুগ্ধ সংগ্রহের উদ্দেশ্যে ২টি নতুন দুগ্ধ সমৃদ্ধ এলাকা অন্তর্ভুক্তি এবং ১টি এলাকা পরিবর্তনসহ বিদ্যমান বর্ণিত শীতলীকরণ কেন্দ্র এলাকায় ঋণ কর্মসূচি সম্প্রসারণ করা প্রয়োজন।

৩.৮.৩ গাভী ঋণ সম্প্রসারণ

অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী যে সকল এলাকায় শীতলীকরণ কেন্দ্র স্থাপিত হবে কিন্তু গাভী ঋণের সংস্থান ছিল না, ফলে ১ম সংশোধিত ডিপিপি-তে অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী বর্ণিত এলাকাগুলিতে গাভী ঋণের সংস্থান রাখা হয়েছে। ফলে বর্ণিত এলাকায় কৃষকের Off Farm কার্যক্রম বৃদ্ধি পাবে, সেই সাথে গ্রামীণ জনপদে বেকার, যুব মহিলা, স্বামী পরিত্যক্তা, বিধবা, অভাবী, প্রান্তিক জনগোষ্ঠীর কর্মসংস্থানের পথ সুগম হবে এবং প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন হবে। যা সরকারের রূপকল্প: ২০৪১ এবং অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ।

৩.৮.৪ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের সংখ্যা হ্রাসকরণ

অনুমোদিত DPP তে ১৫টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে, ১৫টি ফার্মকুলার মেশিনারিজ ক্রয়ের জন্য ১৫০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। তন্মধ্যে ৭টি ২০০০ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন ফার্মকুলারের মূল্য ৪২ লক্ষ টাকা এবং ৮টি ৫০০০ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন ফার্মকুলারের মূল্য ১০৮.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ইতোমধ্যে উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে ৭টি ২০০০ লিটার ধারণক্ষমতা সম্পন্ন ফার্মকুলার ক্রয় বাবদ ৩৯ লক্ষ ৫৫ হাজার ব্যয় করা হয়েছে এবং ৭টি এলাকায় স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৮টি ৫০০০ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ফার্মকুলারের প্রস্তাব বাতিল করে ১টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপনের প্রস্তাব গত ১৭/০২/২০২১ তারিখের এডিপি পর্যালোচনা সভায় প্রস্তাব করা হয়েছে যার প্রাক্কলিত মূল্য ১১০.০০ লক্ষ টাকা। ফলে বর্ণিত খাতে অতিরিক্ত কোন অর্থের প্রয়োজন হয়নি।

৩.৮.৫ জমি ক্রয় ও অবকাঠামো নির্মাণ

দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের জন্য জমি ক্রয় ও অবকাঠামো নির্মাণের জন্য অনুমোদিত ডিপিপিতে কোন অর্থ বরাদ্দ ছিল না। মোট ৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের মধ্যে ৫ টির জন্য জমি ক্রয় বাবদ ৪২.০০ লক্ষ টাকা এবং অবশিষ্ট ২ টির (আলফাডাঙ্গা এবং মাগুরা) জমি অনুদান হিসেবে পাওয়া গেছে। ২০/০১/২০২২ খ্রি: অনুষ্ঠিত প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্তের আলোকে গঠিত ব্যয় নির্ধারণ কমিটির প্রতিবেদন অনুযায়ী ১৫০০ বর্গফুটের ঘর তৈরি বাবদ ৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের জন্য (PWD) Rate Schedule 2022 অনুযায়ী) প্রাক্কলিত ব্যয়: ৩৩৩.৩৪ লক্ষ টাকা এবং ২৪০০ বর্গফুটের ঘর তৈরি বাবদ ১টি মিনি ডেইরি প্লান্টের জন্য (PWD) Rate Schedule 2022 অনুযায়ী) প্রাক্কলিত ব্যয়: ১০৭.০৯ লক্ষ টাকা। অনুমোদিত DPP তে দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে ১৫০০ বর্গফুট ঘর তৈরি ও জমি ক্রয়ের সংস্থান ছিল না। এ বিষয়ে ১০/১২/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় বিস্তারিত আলোচনা হয়। অতএব, বর্ণিত খাতে ফার্মকুলার স্থাপনের জন্য ভূমি ক্রয় (কোড-৪১৪১১০১) এবং বিল্ডিং নির্মাণ (কোড- ৪১১২১০১) এর জন্য সর্বমোট (৪২+৩৩৩.৩৪+১০৭.০৯)=৪৮২.৪৩ লক্ষ টাকার প্রয়োজন ছিল। উল্লেখ্য যে, ভাড়া ভিত্তিক দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপন করতে হলে বাড়ীওয়ালার চাহিদা মাফিক ভাড়া, পল্লী বিদ্যুতের ৩-ফেজ সংযোগ, পানি নিষ্কাশন ব্যবস্থা প্রভৃতি স্থায়ী কার্যক্রম গ্রহণ করতে প্রচুর অর্থ ব্যয় হয়ে যায় এবং বাড়ির মালিক তার চুক্তি মোতাবেক নির্দিষ্ট সময় পর যেকোন কারণে/তার নিজস্ব প্রয়োজনে উচ্ছেদ নোটিশ জারি করলে প্রকল্প তথা মিল্কভিটার জন্য সাময়িকভাবে প্রচন্ড অসুবিধার সম্মুখীন হতে হয়। ফলে বিপুল পরিমাণ অর্থের অপচয় ঘটে। এ কারণে সার্বিক দিক বিবেচনায় দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের জন্য একটি কমিটির মাধ্যমে জমি ক্রয় এবং স্থাপনা বাবদ ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজন হয়েছে।

৩.৮.৬ সমবায়ীদের প্রশিক্ষণ খাতে ব্যয় যৌক্তিকিকরণ

অনুমোদিত ডিপিপিতে ৫০০ জনের ব্যাচ হিসাবে সমবায়ীদের প্রশিক্ষণের বিষয়ে উল্লেখ আছে, কিন্তু ৫০০ জনকে একত্রে একই ভেন্যুতে প্রশিক্ষণ প্রদান করা হলে তা মোটেও ফলপ্রসূ হবে না মর্মে প্রকল্প স্টিয়ারিং কমিটির নিকট প্রতীয়মান হওয়ায় সর্বোচ্চ ৫০ জনের ব্যাচ গঠন করার বিষয়ে কমিটি সুপারিশ করে। গত ১০/১২/২০১৮ তারিখের পিআইসি এবং ২৭/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত পিএসসি সভার সিদ্ধান্তের আলোকে প্রতি ব্যাচে অনূর্ধ্ব ৫০ জন সদস্য হিসেবে ৭৯ টি ব্যাচে মোট ৩৯৫০ জন সুফলভোগিকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ফলপ্রসূ প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য এ খাতে ব্যয় বৃদ্ধির প্রয়োজন হয়েছে।

৩.৮.৭ আরডিপিপিতে নতুন খাত অন্তর্ভুক্তকরণ

মূল ডিপিপিতে ভুলবশত ২৪ (চব্বিশ) টি খাত অন্তর্ভুক্ত করা হয় নাই যেমন, শিক্ষা ভাতা, বাংলা নববর্ষ ভাতা, যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক), ভেন্যু ভাড়া, আউটসোর্সিং, ভূমি রেজিস্ট্রেশন ফি, পণ্য পরিবহণ ব্যয়, ব্যাংক চার্জ, Foreign Study Tour, মৎস্য ও প্রাণী খাদ্য (দানাদার খাদ্য), কম্পিউটার সামগ্রী, মুদ্রণ ও বাঁধাই, স্ট্যাম্প ও সীল, রাসায়নিক, কম্পিউটার মেরামত ব্যয়, স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ, বইপত্র ও সাময়িকী, বীমা (মেশিনারিজ), বিল্ডিং নির্মাণ (ফার্মকুলার প্ল্যান্ট স্থাপনের জন্য), বুল ক্রয়, গাভীর ট্যাগ মেশিন, শল্য চিকিৎসা সরঞ্জামাদি, প্রকৌশল সেবা ফি এবং কাস্টমস শুল্ক। এছাড়াও কতিপয় খাতে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে যথাযথ প্রাক্কলন পূর্বক আরডিপিপিতে অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধনের বিষয়ে গত ২৭/১০/২০১৯ খ্রি: তারিখের PSC সভায় সুপারিশ করা হয়।

৩.৮.৮ কোড পরিবর্তন

অনুমোদিত ডিপিপি-তে আউটসোর্সিং পদ্ধতিতে ০৯ জন জনবল নিয়োগের কথা উল্লেখ আছে। উক্ত হায়ারিং চার্জ খাতটির ব্যয় সঠিকভাবে নির্ধারণ না হওয়ায় এবং আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত ০৪ (চার) জন জনবলের বেতন ভাতা উক্ত খাত হতে পরিশোধ করার লক্ষ্যে পিআইসি সভার সুপারিশের আলোকে খাতটি সংশোধন করতে হবে বিধায় প্রকল্পটি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। হায়ারিং চার্জ খাতে ২০২০-২০২১ সালে বাজেট বরাদ্দ হয় ৯,৮১,০০০.০০ (নয় লক্ষ একাশি হাজার) টাকা। কিন্তু অনুমোদিত ডিপিপি-তে ২,৮৬,০০০.০০ (দুই লক্ষ ছিয়াশি হাজার) টাকা ছিল। এমতাবস্থায়, ০৪ (চার) জন বর্তমান এবং ৫ম বছরে নিয়োগকৃত ০৫ (পাঁচ) জনসহ মোট ০৯ (নয়) জন সেবাখাতে কর্মচারী নিয়োগ হবে ফলে ২০২৩-২০২৪ সালে সাকুল্য বেতন বাবদ আউটসোর্সিং খাতে ব্যয় বরাদ্দের জন্য অর্থনৈতিক কোড ৩২১১১৩১ এ বরাদ্দ ২০,৯২,০০০,০০ (বিশ লক্ষ বিরানব্বই হাজার) টাকার বরাদ্দ প্রয়োজন এবং আউটসোর্সিং খাত হিসেবে কোড পরিবর্তন করার প্রয়োজন দেখা দিয়েছে।

৩.৮.৯ ভূমি অধিগ্রহণের ব্যয় নিজস্ব তহবিল থেকে জিওবি খাতে স্থানান্তর

ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা, সময় ক্ষেপণ এবং ভবিষ্যতে ভূমি ব্যবহারের ক্ষেত্রে নানাবিধ উদ্ভূত সমস্যা নিরসনে স্থান পরিবর্তন করা আবশ্যক হয়ে পড়ে। আরও উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন রয়েছে যে, "প্রকল্পের কাজে ভূমি ব্যবহারের ক্ষেত্রে কোন ফসলি/ধানী জমি ব্যবহার করা যাবে না"। বর্ণিত ভূমি ধান এবং পাটসহ অন্যান্য অর্থকরী ফসল উৎপন্ন হয় তদুপরি অনুমোদিত ডিপিপিতে মিল্কভিটার নিজস্ব তহবিল হতে জমি অধিগ্রহণের জন্য ১১,৯৯,০০,০০০.০০ (এগারো কোটি নিরানব্বই লক্ষ) টাকা এবং ভূমি রেজিস্ট্রেশন বাবদ ৩,০০,০০,০০০.০০ (তিন কোটি) টাকাসহ মোট ১৫,০০,০০,০০০.০০ (পনেরো কোটি) টাকা ছিল। জেলা প্রশাসক, ফরিদপুর কর্তৃক প্রেরিত পত্রে ফরিদপুর শহরের উপকণ্ঠে ১৫ একর ধানী জমি অধিগ্রহণের জন্য ২৮,৭৭,৭৬,২৩৩.৯৪ (আঠাশ কোটি সাতাত্তর লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত তেত্রিশ টাকা চুরানব্বই পয়সা মাত্র) টাকা জেলা প্রশাসক বরাবর পরিশোধের দাবি নামা পেশ করেছেন। ভূমি অধিগ্রহণ একটি দীর্ঘমেয়াদি প্রক্রিয়া এবং মিল্কভিটার বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে প্রায় ২৯,০০,০০,০০০.০০ (উনত্রিশ কোটি) টাকা দেয়ার কোন সামর্থ্য নেই। তদুপরি মাদারীপুর জেলার রাজৈর উপজেলার টেকেরহাটে মিল্কভিটার বন্যামুক্ত উঁচু জমিতে স্থাপনাসহ উক্ত কারখানা স্থাপনের প্রস্তাব করা হয়। এতে করে সরকারের বিপুল পরিমাণ আর্থিক সাশ্রয়, ফসলি জমি রক্ষা এবং ভূমি উন্নয়নের ব্যয় বাবদ আরও ৬,২৪,০০,০০০.০০ (ছয় কোটি চব্বিশ লক্ষ) টাকা সাশ্রয় হবে, যা গত ১৩/০৫/২০২০ তারিখে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. (মিল্কভিটা) এর কার্যক্রমের অগ্রগতি ও কোভিড-১৯ তে উদ্ভুত সমস্যা ও করণীয় সম্পর্কে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তে উল্লেখ করা হয়।

৩.৮.১০ গাভী ঋণের কিস্তি আদায়ের মেয়াদ বৃদ্ধি

সমবায় অধিদপ্তর, সিভিক সেক্টর, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর স্মারক নং-১২ তারিখ-০১/০৯/২০২০ খ্রি : মূলে গত ০৫/১১/২০১৯ খ্রি: তারিখের সভার আলোচ্যসূচি-১১ এর ১১.০১ নং সিদ্ধান্ত অনুযায়ী মিল্কভিটার বিদ্যমান গাভী ঋণ নীতিমালা যেটি আছে সেটির সাথে শুধুমাত্র প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে এই শর্তে প্রকল্পের মাধ্যমে প্রদানকৃত গাভী ঋণ ৭২ কিস্তিতে আদায়ের পরিবর্তে ৯৬ কিস্তিতে আদায়ের বিষয়ে এবং সমবায় আইন ২০০১ এর ৮(১) ধারা অনুযায়ী প্রতিটি সমিতি থেকে ন্যূনতম ২০ জন সদস্য নিয়ে প্রাথমিক সমিতি গঠনের বিষয় ডিপিপিতে অন্তর্ভুক্ত করা আবশ্যক বিধায় ডিপিপি সংশোধন এবং মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন হয়েছে।

৩.৮.১১ প্রকল্পের মেয়াদকাল বৃদ্ধি

বর্ণিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগকালে বিলম্ব হয়। প্রথম প্রকল্প পরিচালক সরকারি নিয়মানুযায়ী PRL-এ চলে গেলে ৯৭ (সাতানব্বই) দিন অতিবাহিত হওয়ার পর নতুন প্রকল্প পরিচালক কাজে যোগদান করেন। উল্লেখ্য করোনা ভাইরাস (COVID-19) এর প্রভাবে মার্চ, ২০২০ থেকে সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত ৭ (সাত) মাসে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক প্রকল্প Priority তালিকায় বিগত দুই বছর প্রকল্পটি পরপর (২০১৮-১৯ এবং ২০১৯-২০) নিম্ন অগ্রগামী ক্যাটাগরিভুক্ত হওয়ায় কাজ বিলম্বিত হয়। অনুমোদিত ডিপিপিতে জনবল নিয়োগে বিভিন্ন সময়ে ১৪ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগের কথা থাকলেও অনুমোদিত ডিপিপির জনবলের অর্থবিভাগের নির্দেশনা অনুযায়ী ৩৫ জন জনবল নিয়োগ করা হয়। আরও উল্লেখ্য যে, প্রকল্পটি একটি বিশেষ ধরনের প্রকল্প। এর মূল লক্ষ্য হচ্ছে গাভী পালনে আগ্রহী কৃষককে সম্পৃক্ত করে উন্নত জাতের গাভী উৎপাদনে শংকরায়নের মাধ্যমে অধিক দুগ্ধ উৎপাদনকারী গাভীর জাত তৈরি, অফ-ফার্ম কৃষকের আয়বর্ধনমূলক কার্যক্রম গ্রহণ প্রভৃতি। ফলে আধুনিক প্রযুক্তিসমৃদ্ধ প্রকল্পের ডিজাইন/ড্রইং তৈরি, মেশিনারিজের স্পেসিফিকেশন তৈরি, বিশ্বমানের ল্যাব স্থাপন প্রভৃতি কার্যক্রমের সাথে সাধারণ কোন প্রকল্প কাজের সাথে তুলনীয় নয় বিধায় এর সময় এবং অর্থ বৃদ্ধির যৌক্তিকতা অত্যন্ত প্রাসঙ্গিক এবং যৌক্তিক। এটি প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ শেষে প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন, মেশিনারিজ, কম্পিউটার সামগ্রী, আসবাবপত্র ও নিয়োগকৃত জনবল এবং এর আয়-ব্যয় ও দায়-দেনা মিল্ক ইউনিয়নের অধীনে ন্যস্ত হবে এবং পরিচালিত হবে। ফলে সরকারের রাজস্ব খাত হতে কোন পরিচালন ব্যয়ের প্রয়োজন হবে না। সে আলোকে প্রকল্পের ব্যয় বৃদ্ধি এবং মেয়াদ ৩০ জুন, ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা যৌক্তিক এবং প্রাসঙ্গিক ছিল।

৩.৮.১২ মেশিনারিজ খাতে ব্যয় বৃদ্ধি

২০১৯-২০২০ অর্থবছরের শুরুতে বিশ্বব্যাপি কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে অন্যান্য দেশের মতো বাংলাদেশেও গত মার্চ, ২০২০ হতে লকডাউন শুরু হয়। ফলে প্রকল্পের কার্যক্রম স্থবির হয়ে পড়ে এবং বিশ্বব্যাপী ডলার ও ইউরোর মূল্য বৃদ্ধি, অনিশ্চয়তা সবকিছু মিলে প্রকল্পের মেশিনারিজের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বানের সময় পরিবর্তিত বিশ্ব প্রেক্ষাপটের অবস্থা বিবেচনা করে সংশোধিত ডিপিপিতে মোট ৩৮৭৪৯.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। যা অনুমোদিত সংশোধন আদেশের প্রাক্কলিত ব্যয়ের তুলনায় ৯.৩১% বেশি। ডিপিপি যখন তৈরি করা হয় তখন ডলারের মূল্য ছিল (১ ডলার = ৮২.৮৩ তারিখ: ২৪/১০/২০১৭) এবং গত ১৯/০১/২০২৩ তারিখে ডলারের মূল্য ১ ডলার =১০৫.১৫ টাকা (সূত্র: বাংলাদেশ ব্যাংক)। সুতরাং বাংলাদেশী টাকার সাথে ডলারের মূল্য বৃদ্ধির কারণে মেশিনারিজের মূল্যও বৃদ্ধি পেয়েছে। আরও উল্লেখ্য যে, পরিবর্তিত পরিস্থিতিতে মেশিনারিজ খাতে নতুন করে কোন অর্থ বৃদ্ধি না করেই প্যাকেজিং মেশিনারিজ অন্তর্ভুক্ত করা হয়েছে। Back Ward Linkage হিসেবে পণ্যের গুণগত মান অক্ষুণ্ন রাখতে এবং “Just in time" পণ্য ডেলিভারি অব্যাহত রাখতে প্যাকেজিং মেশিনারিজ অত্যন্ত জরুরি। সে সাথে টেকেরহাটে স্থান সংকুলান না হলে প্যাকেজিং মেশিনসমূহ মিল্কভিটার নিজস্ব স্থাপনা মানিকগঞ্জের তরাঘাটে স্থাপন করা যেতে পারে। এ ক্ষেত্রে জমি অধিগ্রহণ বা বিল্ডিং নির্মাণ খাতে ব্যয়ের প্রয়োজন হয়নি

৩.৮.১৩ নিয়োগ পদ্ধতি সংশোধন

অর্থ বিভাগের অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী প্রকল্পের ০৫ জন শ্রমিক আউটসোর্সিং এর মাধ্যমে এবং ০৫ জন প্যাকার সরাসরি পদ্ধতিতে নিয়োগের সুপারিশ করা হয়। অনুমোদিত ডিপিপি-তে ভুলবশত প্রকল্পের ০৫ জন শ্রমিক সরাসরি নিয়োগ এবং ০৫ জন্য প্যাকার আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে নিয়োগের উল্লেখ করা হয়েছে। এমতাবস্থায়, প্রকল্পের শ্রমিক ও প্যাকার নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের সুপারিশ অনুযায়ী নিয়োগ প্রদান করা প্রয়োজন হয়।

৩.৮.১৪ মাদারীপুরে রাজৈর উপজেলার টেকেরহাটে মিল্কভিটার নিজস্ব জমিতে কারখানা স্থাপনের যৌক্তিকতা

১৩/০৫/২০২০ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে মিল্কভিটার কার্যক্রমের অগ্রগতি ও কোভিড-১৯ তে উদ্ভূত সমস্যা ও করণীয় সম্পর্কে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি অধিগ্রহণ বিষয়ে ক্ষতিপূরণ বাবদ টাকার পরিমাণ ৩ (তিন) গুণ বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের আওতায় দুগ্ধ কারখানা মিল্কভিটার নিজস্ব ভূমি (মাদারীপুরের রাজৈর উপজেলায় টেকেরহাট) স্থানান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়;

অনুমোদিত ডিপিপিতে ভূমি অধিগ্রহণ বাবদ মাত্র ১৫০০.০০ লক্ষ টাকা সংস্থান ছিল। ফলে অপ্রতুল অর্থ সংস্থানের কারণে জমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি;

- জেলা প্রশাসক, ফরিদপুর কর্তৃক প্রেরিত পত্রে ফরিদপুর শহরের উপকণ্ঠে ১৫ একর ধানী জমি অধিগ্রহণের জন্য ২৮,৭৭,৭৬,২৩৩.৯৪ (আঠাশ কোটি সাতাত্তর লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত তেত্রিশ টাকা চুরানব্বই পয়সা মাত্র) পরিশোধের দাবিনামা পেশ করেছেন;
- ভূমি উন্নয়নের জন্য ব্যয় বাবদ আরও ৬,২৪,০০,০০০.০০ (ছয় কোটি চব্বিশ লক্ষ) টাকা খরচ হতো;
- টেকেরহাটে "দুগ্ধ কারখানা স্থাপন" করলে সরকারের সাশ্রয় হবে প্রায় ৩৫ (পঁয়ত্রিশ) কোটি টাকা (যার মধ্যে ভূমির মূল্য ব্যয় ২৯ কোটি এবং ভূমি উন্নয়ন ব্যয় ৬ কোটি):
- ফসলি (ধান, পাট ইত্যাদি) জমি রক্ষা পাবে যা মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনভুক্ত;
- ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা, সময় ক্ষেপণ এবং ভবিষ্যতে ভূমি ব্যবহারের ক্ষেত্রে নানাবিধ উদ্ভূত সমস্যা নিরসনে স্থান পরিবর্তন করা প্রয়োজন হয়;
- ফরিদপুর শহরতলীর জমি থেকে টেকেরহাটে মিল্কভিটার স্থান মাত্র ৩০ কিলোমিটার। সড়ক পথে Geep Road-এ স্থান থেকে টেকেরহাটে পৌঁছাতে সময় লাগবে কম/বেশি ৩০ মিনিট এবং পদ্মা সেতুর ফলে টেকেরহাট থেকে ঢাকার দক্ষিণ অংশে পৌঁছাতে সময় লাগবে কম/বেশি এক ঘন্টা। সুতরাং প্রস্তাবিত স্থান হতে দ্রুততম সময়ে এবং স্বল্প ব্যয়ে ঢাকার বিশাল মার্কেটে পৌঁছাতে সবচেয়ে কম সময় প্রয়োজন হবে;
- টেকেরহাট কারখানা হতে ঢাকা, খুলনা ও বরিশাল এর মধ্যবর্তী স্থানে হওয়ায় দ্রুততম সময়ে টেকেরহাট হতে খুলনা শহরের দূরত্ব ৬৫.৫০ কি. মি., গোপালগঞ্জ ৩০.১২ কি. মি., বাগেরহাট ৬৭.৬৬ কি.মি., যশোর ৮৫.৪৪ কি.মি., ঝিনাইদহ ৯৪.০০ কি.মি., নড়াইল ৫৪.৭৫ কি.মি., মাগুরা ৬৭.৬২ কি.মি., ঝিনাইদহ ৯৪.০০ কি.মি., চুয়াডাঙ্গা ১২৭.৫৪ কি.মি., মেহেরপুর ১৫২.৮৮ কি.মি.

৩.৯ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ

“বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)” প্রকল্পটি দুগ্ধ কারখানা স্থাপন, প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন, উপকারভোগী সদস্যদের ঋণ সহায়তা প্রদান এবং অবকাঠামোসমূহ নির্মাণের জন্য গ্রহণ করা। নিম্নে ডিপিপি অনুযায়ী আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ দেয়া হলো-

সারণি: ৩.৯ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ

ধাপ	বিশ্লেষণ	আর্থিক	অর্থনৈতিক
ডিপিপি অনুযায়ী	NPV	২৭৫৬.৬৩	৬৮৩৯.১৮
	BCR	১.০১	১.১৬
	IRR	৯.৯৩	১৯.৫৩

পর্যালোচনা ও মতামত

“বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্পটির মূল ডিপিপি অনুযায়ী বাস্তবায়নকাল ছিল ৫ বছর। পরবর্তীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ৮ বছর করা হয়েছে। ইতোমধ্যে ৬ বছরের অধিকাল সময়ের মধ্যে প্রকল্পের মূল কোন কার্যক্রম শুরুই করা সম্ভব হয়নি। দুগ্ধ কারখানা স্থাপন, প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন এবং অবকাঠামোসমূহ নির্মাণ সংক্রান্ত একটি চলমান প্রকল্প হওয়ায় প্রকল্প থেকে সরাসরি আয় হিসাব করা এখনও সম্ভব হয়নি। এছাড়া প্রকল্পটি কবে নাগাদ শেষ হবে তা এখনও সুনির্দিষ্ট করে বলা সম্ভব নয়। সুতরাং ডিপিপি-তে যে আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ দেখানো হয়েছে তা বাস্তবে অর্জিত হবে না মর্মে প্রতীয়মান হয়।

৩.১০ লগ-ফ্রেমের আলোকে লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট পর্যালোচনা ও বিশ্লেষণ

আরডিপিপিতে উল্লিখিত লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট অর্জনের মাত্রা সারণি ৩.৫ এ দেয়া হলো-

সারণি-৩.১০ লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের অর্জনসমূহ

সংক্ষিপ্ত বর্ণনা (Narrative Summary)		বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (Objectively Verifiable Indicators)	যাচাইয়ের মাধ্যম (Means of Verifications)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
লক্ষ্য (Goal)	• দারিদ্র্য বিমোচন; • আয়বর্ধন সংক্রান্ত কার্যক্রম সম্প্রসারণ এবং স্বাস্থ্যসম্মত টাটকা পাস্তুরিত তরল দুগ্ধ সরবরাহের মাধ্যমে পুষ্টিমান উন্নয়ন করা; • তরল দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণ করা এবং গুঁড়ো দুধের আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা।	চাহিদার তুলনায় উৎপাদন কম হওয়ায় প্রেক্ষাপটে এশিয়ান ও ইউরোপীয়ান কিছু দেশ থেকে নিম্নমানের গুঁড়োদুধ আমদানি করে দেশের দুধের চাহিদা পূরণ করা হয়। তদুপরি অসাধু ফড়িয়া/ পাইকার/ঘোষ প্রভৃতি মধ্যস্বত্বভোগীরা নিম্নমানের পাউডার দুধ পানির সাথে মিশিয়ে তরল দুধ তৈরি করে। নন-পাস্তুরিত এ সকল তরল দুধের গুণগতমান এবং জীবনকাল নিয়ে আমাদের দেশের ভোক্তাগণ খুবই উদ্বিগ্ন। বর্তমানে বাংলাদেশে দুগ্ধ উৎপাদনকরী সমবায় ইউনিয়ন লিমিটেড এর ৫৭ টি দুগ্ধ এলাকায় সমবায়ী দুগ্ধ উৎপাদনকারী খামারিদের প্রায় ২ লক্ষ ৭৫ হাজার গাভী লালিত পালিত হচ্ছে। যেখানে ৩৫৬৫টি প্রাথমিক সমবায় সমিতির অধীনে প্রায় ১৩৫৪৪৮ জন সমবায়ী সদস্য এবং প্রায় ৮.০৫ লক্ষ সুবিধাভোগকারী সমবায়ী পরোক্ষ এবং প্রত্যক্ষভাবে জড়িত। এছাড়াও মিল্কভিটায় প্রায় ১০৬১ জন কর্মকর্তা/কর্মচারীর সরাসরি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। মিল্ক ভিটা বর্তমানে প্রতিদিন প্রায় ২ লক্ষ লিটার পাস্তুরিত তরল দুধ এবং অন্যান্য দুগ্ধজাত পণ্য সামগ্রী বিপণন করে থাকে। সমবায়ী খামারিদের দুগ্ধ উৎপাদন এবং গাভী লালন-পালনের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে সমবায় বান্ধব সরকার বেকারত্ব দূরীকরণ গাভী লালন-পালনকে অন্যতম টুলস (Tools) হিসেবে গ্রহণ করা হয়েছে। ফলে শিক্ষিত যুব মহিলারা পড়াশুনার পাশাপাশি গাভী লালন পালন/ষাঁড় মোটাতাজাকরণসহ বিভিন্ন off Farm কার্যক্রম গ্রহণের ফলে পূর্বের তুলনায় দুধের উৎপাদন কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। ফলে বর্ণিত প্রকল্প বাস্তবায়িত হলে প্রতিদিন এক লক্ষ লিটার দুধ প্রক্রিয়াজাত করা সম্ভবপর হবে।	• বর্তমানে দুগ্ধ উৎপাদনের ধারাবাহিকতা বিবেচনা করা; • প্রাথমিক সমিতির বাৎসরিক অডিট রিপোর্ট; • প্রাথমিক সমিতির দুগ্ধ খরিদ রিপোর্ট; • প্রকল্প কার্যালয় রিপোর্ট;	•সহজে এবং সাশ্রয়ী মূল্যে পাস্তুরিত তরল দুধের প্রাপ্যতা; •তরল দুধের উৎপাদন বৃদ্ধি ও কৃষকের কর্মসংস্থান সৃষ্টি;
পর্যালোচনা লগ-ফ্রেমের লক্ষ্য পর্যালোচনায় দেখা যায় যে, এ পর্যন্ত প্রকল্পের আওতায় দেশের ২টি বিভাগের ১১টি জেলার ১৯টি উপজেলার মোট ৩৭৫০ জন উপকারভোগীর মধ্যে এপ্রিল ২০২৪ পর্যন্ত মোট ২৭৪২ জন উপকারভোগী সদস্য-কে ঋণ প্রদান করা হয়েছে। এপ্রিল/২০২৪ পর্যন্ত প্রকল্পের লক্ষ্য অর্জনের মতো কোন কার্যক্রম মাঠ পর্যায়ে শুরুই করা সম্ভব হয়নি। প্রকল্পের অবশিষ্ট সময়ে দারিদ্র্য বিমোচন, আয়বর্ধন সংক্রান্ত কার্যক্রম সম্প্রসারণ এবং স্বাস্থ্যসম্মত টাটকা পাস্তুরিত তরল দুগ্ধ সরবরাহের মাধ্যমে পুষ্টিমান উন্নয়ন করা এবং তরল দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণ করা এবং গুঁড়ো দুধের আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয়-এর লক্ষ্যমাত্রা অর্জিত হবে না মর্মে প্রতীয়মান হয়। এছাড়া, বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক সঠিকভাবে সন্নিবেশ করা হয়নি। আরও সুনির্দিষ্টভাবে যাচাই নির্দেশক সন্নিবেশ করা প্রয়োজন ছিল।				
উদ্দেশ্য (Objective)	১. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির অভাব কমিয়ে আনা এবং আমদানি নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা; ২. নিম্নমানের ভেজাল দুধ না খাওয়ার জন্য জনসচেতনতা তৈরি করা;	১. সারা বৎসর দুধের ন্যায্যমূল্য পরিশোধ করা এবং সমবায়ীদের আর্থ-সামাজিক উন্নয়ন বিবেচনা করা; ২. সমবায়ী খামারিদেরকে গাভী লালনপালন, দুগ্ধ দোহন, দুগ্ধ সংরক্ষণ এবং কোল্ড চেইন মেইনটেন ইত্যাদি বিষয় সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা; ৩. দুগ্ধ সমবায় সমিতি এবং ছোট ছোট খামার স্থাপনের মাধ্যমে গুগ্ধ উৎপাদন বৃদ্ধি করা;	• জরিপ প্রতিবেদন • প্রাথমিক সমিতির বাৎসরিক অডিট রির্পোট; • প্রাথমিক সমিতির দুগ্ধ	প্রকল্পটি পরিচালনা বিষয়ে সুবিধাভোগীগণ আশাবাদী এবং এর মাধ্যমে তারা সঠিকভাবে সময়মতো এবং ন্যায্যমূল্যে কারখানায় দুগ্ধ

সংক্ষিপ্ত বর্ণনা (Narrative Summary)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (Objectively Verifiable Indicators)	যাচাইয়ের মাধ্যম (Means of Verifications)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
৩. গুণগতমানের টাটকা দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা; ৪. স্বাস্থ্যসম্মত দুগ্ধ খামার স্থাপন করা, গাভী লালন পালন, স্বাস্থ্যসম্মত দুগ্ধ দোহন, ঘাস চাষ, দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ, দুগ্ধ পরিবহনসহ আর্থ-সামাজিক উন্নয়ন দক্ষতার জন্য প্রশিক্ষণ প্রদান করা; ৫. স্থানীয়ভাবে গবাদি প্রাণির সংখ্যা বৃদ্ধির মাধ্যমে দুগ্ধ ও দুগ্ধ পণ্য উৎপাদন বৃদ্ধি।	৪. উৎপাদনের মূল স্তর হিসেবে দুগ্ধ ইন্ডাস্ট্রি স্থাপন সংক্রান্ত উদ্যোক্তা সৃষ্টি করা; ৫. বাজারে তরল দুধ, ঘি এবং মাখনের চাহিদা ও জোগান মধ্যে সমতা সৃষ্টি করা; ৬. কম পরিমাণে গুঁড়োদুধ আমদানি করে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা; ৭. দুধের উৎপাদন বৃদ্ধি করার জন্য দুগ্ধ কারখানা স্থাপন করা।	খরিদ রির্পোট; ● আইএমইডি রির্পোট; ● প্রকল্প কার্যালয় রির্পোট;	সরবরাহ করতে পারবে;
পর্যালোচনা লগ-ফ্রেমের উদ্দেশ্য পর্যালোচনায় দেখা যায় যে, স্থানীয়ভাবে গবাদি প্রাণির সংখ্যা বৃদ্ধির মাধ্যমে দুগ্ধ ও দুগ্ধ পণ্য উৎপাদন বৃদ্ধি এবং ঘাস চাষসহ সম্প্রসারণমূলক কার্যক্রম জোরদারকরণ করার জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। আরডিপিপি'র সংস্থান মূলে এখন পর্যন্ত সকল জনবল নিয়োগ করা সম্ভব হয়নি। প্রকল্পের পর্যাপ্ত জনবল না থাকায় মাঠ পর্যায়ে উপকারভোগী সদস্যদেরকে কাংখিত সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। এছাড়াও স্বাস্থ্যসম্মত দুগ্ধ খামার স্থাপন করা, গাভী লালন পালন, স্বাস্থ্যসম্মত দুগ্ধ দোহন, ঘাস চাষ, দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ, দুগ্ধ পরিবহনসহ আর্থ-সামাজিক উন্নয়ন দক্ষতার জন্য ১০০০ জন উপকারভোগী সদস্য-কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বলে প্রকল্প ব্যয় দেখানো হয়েছে। বাস্তবে কোন উপকারভোগীকেই ফরমাল প্রশিক্ষণ প্রদান করা হয়নি ফলে এ উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে বলা যায় না। প্রকল্পের অবশিষ্ট সময়কালে অন্যান্য উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন করা সম্ভব হবে না প্রতীয়মান হয়।			
আউটপুট (Output)	● সময়মতো প্ল্যান্ট মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা; ● সময়মতো জমি ক্রয় ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা; ● সময়মতো নির্মাণ কাজ সম্পন্ন করা; ● গাড়ি, আসবাবপত্র এবং অফিস যন্ত্রপাতি ক্রয় করা ● ৩৯৫০ খামারির প্রশিক্ষণ গ্রহণ; ● ৭৯২০ টি বকনা/গাভী বিতরণ।	● প্রায় ২ লক্ষ ৭৫ হাজার গাভী পালনকারী মিল্ক ইউনিয়নে দুগ্ধ সরবরাহের সুবিধা পাবে; ● প্রায় ১৩৫৪৪৮ জন সমবায়ী সদস্য তাদের দুগ্ধ উৎপাদন বৃদ্ধি এবং দুধের ন্যায্যমূল্য প্রাপ্তির মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন সুযোগ পাবে;	● সমিতির বাৎসরিক অডিট রির্পোট; ● সমিতির দুগ্ধ খরিদ রির্পোট; ● আইএমইডি রির্পোট; ● প্রকল্প কার্যালয় রির্পোট; ● প্রকল্পের মনিটরিং রির্পোট;	● সঠিকভাবে সঠিক সময়ে ন্যায্যমূল্যে গুণগত মানসম্পন্ন দুগ্ধ সরবরাহ করা যাবে;
পর্যালোচনা এ পর্যন্ত প্রকল্পের আওতায় দেশের ২টি বিভাগের ১১টি জেলার ১৯টি উপজেলার মোট ৩৭৫০ জন উপকারভোগীর মধ্যে মার্চ ২০২৪ পর্যন্ত মোট ২৭৪২ জন উপকারভোগী সদস্য-কে ঋণ প্রদান করা হয়েছে। প্রকল্পের সময়মত প্ল্যান্ট মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন, জমি ক্রয় ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ, নির্মাণ কাজ ইত্যাদি কার্যক্রম প্রকল্পের ৬ বছরের অধিকাল সময় অতিবাহিত হলেও শুরু করা সম্ভব হয়নি। মোট ৩৯৫০ খামারির প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা থাকলেও বাস্তবে ১০০০ জন উপকারভোগীকে নামমাত্র প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফলে প্রশিক্ষণ থেকে কোন আউটপুট আশা করা যায় না বলে প্রতীয়মান হয়।			
ইনপুট (Input)	● আধুনিক মানের পাস্তুরাইজার, হোমোজিনাইজার, ক্রিম সেপারেটর, বাটার, পনির এবং ঘি তৈরির মেশিন স্থাপন করা; ● সময়মতো জমি ক্রয় উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা; ● সময়মতো মেশিনারিজ ক্রয় করা; ● সময়মতো নির্মাণ কাজ সম্পন্ন করা; ● সময়মতো দুগ্ধ খামারিগণকে প্রশিক্ষণ প্রদান করা।	● প্ল্যান্ট মেশিনারিজ ও যন্ত্রপাতি এবং অফিসের আসবাবপত্র ক্রয় কাজ সম্পন্ন করা; ● সমিতির ৩৯৫০ জন সদস্যকে প্রশিক্ষণ এবং ১ টি সেমিনার/ওর্য়াকসপ অনুষ্ঠান করা।	● প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন ● সমিতির সদস্যদের সাক্ষাৎকার গ্রহণ	● নির্ভেজাল গুণগতমান সম্পন্ন দুধ; ● প্রকল্পের মনিটরিং রির্পোট; ● দুগ্ধ সংরক্ষণ পদ্ধতি
পর্যালোচনা ইনপুট (Input) পর্যালোচনায় দেখা যায় যে, আরএডিপি'তে যথাসময়ে অর্থ-বরাদ্দ ও ছাড় করা সম্ভব হয়নি। বিগত ৬ বছরে ৭ জন প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন। প্রকল্পের ভূমি অধিগ্রহণের কাজ এখনও সম্পন্ন করা সম্ভব হয়নি। আরডিপিপি অনুযায়ী অনুমোদিত জনবল এখন পর্যন্ত নিয়োগ করা সম্ভব হয়নি। কারখানা নির্মাণ কাজ এবং মেশিনারিজ ক্রয় করার জন্য কোন দরপত্র আহ্বান করা সম্ভব হয়নি। এছাড়া ৩৯৫০ খামারির প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা থাকলেও বাস্তবে ১০০০ জন উপকারভোগীকে নামমাত্র প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।			

৩.১১ প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা

প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা, প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রকল্প পরিচালক নিয়োগ, ডিপিপি অনুযায়ী জনবল পদায়ন, মন্ত্রণালয়ের মনিটরিং প্রতিবেদন, আইএমইডির সুপারিশসমূহ বাস্তবায়ন, নিয়মিত আইএমইডি'তে ০১, ০২, ০৩, ০৫ তথ্য প্রদান, প্রকল্প বাস্তবায়নে পিআইসি ও পিএসসি সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে কিনা এবং অডিট আপত্তি নিষ্পত্তির অবস্থার বিস্তারিত তথ্যাদি নিম্নে দেয়া হলো-

৩.১১.১ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন বিষয়ক পরিপত্র, ২০১৬ মোতাবেক ৫০.০০ কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয় সম্পন্ন সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে সম্ভাব্যতা যাচাইয়ের বাধ্যবাধকতা রয়েছে। ডিপিপি তে সংযুক্ত সংযোজনী-২০ মূলে দেখা যায়, Faircom Management Services, 14, Main Road, Mohammadi Housing Limited, Mohammadpur, Dhaka1207 নামক প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছে। এছাড়াও উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) ফরমেটের ১৬ নং অনুচ্ছেদ-এ সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ সংযুক্ত করার বাধ্যবাধকতা থাকলেও সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশসমূহ সংযুক্ত নেই। উল্লেখ্য, ডিপিপি-তে সংযুক্ত সংযোজনী-২০ মূলে দেখা যায়, সম্ভাব্যতা যাচাইয়ের শুধুমাত্র Conclusion এর ২টি পৃষ্ঠা সংযুক্ত আছে। প্রকল্প সংশ্লিষ্টদের নিকট থেকে সম্ভাব্যতা যাচাইয়ের কোন কপি সংগ্রহ করা সম্ভব হয়নি। সে কারণে, উক্ত সম্ভাব্যতা যাচাইয়ের (Feasibility Study) বাস্তব চাহিদার আলোকে যথাযথ কিনা সে সম্পর্কে মন্তব্য করা সম্ভব হয়নি।

৩.১১.২ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা

প্রকল্প পরিচালক নিয়োগের তারিখ, দায়িত্ব পালনের সময় ইত্যাদি নিম্নের সারণি ৩.১১ এ প্রদান করা হয়েছে।

সারণি-৩.১১ প্রকল্প পরিচালক নিয়োগ ও দায়িত্ব পালনের সময় সম্পর্কিত

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবী	দায়িত্বের প্রকৃতি	দায়িত্বকাল		একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য		দায়িত্বকাল
				হইতে	পর্যন্ত	হ্যাঁ/না	সংখ্যা	
১.	ডা. মো: আব্দুল করিম	প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)	নিয়মিত	১০/০৪/১৮	২৭/১১/১৯	না	-	১ বছর ৭ মাস
২.	জনাব অমর চান বণিক	ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব), মিল্কভিটা ও প্রকল্প পরিচালক	অতিরিক্ত	২৭/১১/১৯	০৫/০৩/২০	না	-	৩মাস
৩.	ড. মোহাম্মদ নানু মোল্লা	প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)	নিয়মিত	০৫/০৩/২০	২৯/০৬/২১	না	-	৩মাস
৪.	জনাব খায়রুল আনাম	প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)	নিয়মিত	২৯/০৬/২১	২৬/১০/২২	না	-	১ বছর ৪ মাস
৫.	জনাব মো: মুস্তাফিজুর রহমান	মহাব্যবস্থাপক (টেকনিক্যাল ও অপারেশন), মিল্কভিটা এবং প্রকল্প পরিচালক	অতিরিক্ত	২৬/১০/২২	১৯/০৯/২৩	না	-	১ বছর
৬.	জনাব মো: শরীফুল ইসলাম তালুকদার	উপ-মহাব্যবস্থাপক, (রক্ষণাবেক্ষণ ও পরিবহন), মিল্কভিটা	অতিরিক্ত	১৯/০৯/২৩	ফেব্রুয়ারি ২৪	না	-	৫ মাস
৭.	জনাব খোন্দকার হুমায়ূন কবীর	প্রকল্প পরিচালক	নিয়মিত	০৪/০৪/২৪	--	না	-	

উৎসঃ (প্রকল্প অফিস)

পর্যালোচনা ও মতামত

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মূল ডিপিপি গত ১৬/০১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্প অনুমোদনের প্রায় ০৮ মাস পর প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। বর্তমান পর্যন্ত বর্ণিত প্রকল্পে মোট ০৭ জন প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেন তন্মধ্যে, ডা. মো: আব্দুল করিম, যুগ্মসচিব বিগত ১০/০৪/২০১৮ থেকে ২৭/১১/২০১৯ পর্যন্ত নিয়মিত দায়িত্ব পালন করেছেন। প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব, জনাব অমর চান বণিক, ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব), মিল্কভিটা ১০/০৪/২০১৮ থেকে ২৭/১১/২০১৯, ড. মোহাম্মদ নানু মোল্লা, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) ২৭/১১/২০১৯ হতে ০৮/০৩/২০২০ (প্রায় ৩ মাস), জনাব খায়রুল আনাম, যুগ্মসচিব ২৯/০৬/২০২১ থেকে ২৬/১০/২০২২ পর্যন্ত, জনাব মো: মুস্তাফিজুর রহমান, মহাব্যবস্থাপক

(টেকনিক্যাল ও অপারেশন) ২৬/১০/২০২২ থেকে ১৯/০৯/২০২৩, মিল্কভিটা, জনাব মো: শরীফুল ইসলাম তালুকদার, উপ-মহাব্যবস্থাপক, (রক্ষণাবেক্ষণ ও পরিবহণ), মিল্কভিটা ১৯/০৯/২০২৩ হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। মিল্ক ভিটা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পটি একটি বিশেষ শ্রেণির টেকনিক্যাল প্রকল্প। এ প্রকল্পের জন্য একজন নিয়মিত (প্রেষণে) প্রকল্প পরিচালকের মাধ্যমে প্রকল্পটি পরিচালিত হওয়ার প্রয়োজনীয়তা থাকলেও বাস্তবে তা হয়নি। এ পর্যন্ত মোট ০৭ জন প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন। বর্তমান প্রকল্প পরিচালক গত ০৪/০৪/২০২৪.তারিখে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। ইতোমধ্যে প্রকল্পের বাস্তবায়নকাল ৬টি অর্থ-বছর অতিক্রম করলেও প্রকল্পটি মাঠ পর্যায়ে অঙ্গভিত্তিক কোন কার্যক্রম (শুধুমাত্র ঋণ কার্যক্রম ব্যতীত) এখন পর্যন্ত শুরুই করা সম্ভব হয়নি, যা প্রকল্পের অন্যতম দুর্বল দিক বলে গণ্য করা যেতে পারে।

ঘনঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের কারণ:

ঘনঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের কারণ নিম্নে উল্লেখ করা হলো-

- ডিপিপিতে প্রকল্প পরিচালকের গ্রেড-২য় বা ৩য় উল্লেখ রয়েছ। কিন্তু বাস্তবায়নকারী সংস্থায় ২য় বা ৩য় গ্রেডভুক্ত জনবলের স্বল্পতা ও ক্ষেত্র বিশেষে না থাকার কারণে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক পদায়ন করতে না পারা;
- ডিপিপিতে উপ-প্রকল্প পরিচালক নিয়োগ পদ্ধতি হলো অতিরিক্ত দায়িত্ব এবং গ্রেড হলো-৫ম থেকে ৯ম। বাস্তবায়নকারী সংস্থার উপযুক্ত কর্মকর্তা না থাকায় উপ-প্রকল্প পরিচালককে কখনই প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করা হয়নি;
- প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প পরিচালক নিয়োগে পরিকল্পনা মন্ত্রণালয়ের (স্মারক নং-২০.৮০৪.০২২.০০.০০.০০৬.২০১০/০৪ তারিখ: ০৯/০২/২০১৬) বিধিমালা যথাযথভাবে অনুসরণ না করা বা নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানে কালক্ষেপণ হয়েছে, সে কারণে অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে প্রকল্পের দায়িত্ব প্রদান করা হয়েছে;
- যে সকল কর্মকর্তাকে বর্ণিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে তাদের অনেকের চাকরির মেয়াদকাল ছিল মাত্র ১-২ বছর বা তার চেয়ে আরো কম, ফলে এসকল কর্মকর্তা অবসরে যাওয়ায় প্রকল্প পরিচালকের পদটি বারংবার শূন্য হয়েছে;
- বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) বর্ণিত প্রকল্পে স্বল্পকালীন মেয়াদে প্রকল্পের দায়িত্বভার গ্রহণ এবং নিয়মিত প্রকল্প পরিচালকের পরিবর্তে অতিরিক্ত দায়িত্ব প্রদানের প্রবণতার কারণে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন অনাগ্রহ সৃষ্টি হয়েছে।

৩.১১.৩ প্রকল্পের আওতায় জনবল নিয়োগ পর্যালোচনা

আরডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় সর্বমোট ৯৪ জন জনবল নিয়োগ করার সংস্থান রয়েছে। জনবলের বিস্তারিত বিবরণ সারণি: ৩.১২ এ উল্লেখ করা হলো:

সারণি: ৩.১২ প্রকল্পের জনবল সম্পর্কিত

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	আরডিপিপি মোতাবেক পদের সংখ্যা	নিয়োগের ধরণ	নিয়োগকৃত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যক
১.	প্রকল্প পরিচালক	১	প্রেষণে	১	-
২.	উপ-প্রকল্প পরিচালক	১	অতিরিক্ত দায়িত্ব	১	-
৩.	সহকারী প্রকৌশলী (পূর্ত)	১	সরাসরি	১	-
৪.	সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)	২	সরাসরি	-	২
৫.	সহকারী প্রকৌশলী (তড়িৎ)	১	সরাসরি	-	১
৬.	উৎপাদন কর্মকর্তা (ডেইরী টেকনোলজিস্ট)	৩	সরাসরি	-	৩
৭.	মাননিয়ন্ত্রণ কর্মকর্তা (ডেইরী মাইক্রোবায়োলজিস্ট)	৩	সরাসরি	-	৩
৮.	বিপণন কর্মকর্তা	৪	সরাসরি	-	৪
৯.	সমিতি সম্প্রসারণ কর্মকর্তা (পশুপালর এ এমএসসি)	৬	সরাসরি	৬	-
১০.	প্রাণি চিকিৎসক	৪	সরাসরি	৪	-
১১.	প্রাণি পুষ্টিবিদ	১	সরাসরি	১	-
১২.	প্রাণি প্রজনন কর্মকর্তা	২	সরাসরি	২	-
১৩.	খাদ্য বিশেষজ্ঞ	১	সরাসরি	-	১
১৪.	সহকারী প্রোগ্রামার	১	সরাসরি	১	-
১৫.	ল্যাব টেকনিশিয়ান	৫	সরাসরি	১	৪
১৬.	মেকানিক	৪	সরাসরি	-	৪
১৭.	এলএফএআই	১০	সরাসরি	১০	-
১৮.	হিসাব সহকারী	১	সরাসরি	১	-
১৯.	স্টোর কিপার	২	সরাসরি	২	-
২০.	মেশিন অপারেটর	৪	সরাসরি	-	৪
২১.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১	সরাসরি	১	-
২২.	গাড়ি চালক (হেভী গাড়ি)	১২	সরাসরি	-	১২
২৩.	চালক সহকারী	১০	সরাসরি	-	১০
২৪.	শ্রমিক	৫	আউটসোর্সিং	-	৫
২৫.	প্যাকার	৫	সরাসরি	-	৫
২৬.	অফিস সহায়ক	২	আউটসোর্সিং	১	১
২৭.	ক্লিনার	২	আউটসোর্সিং	২	-
মোট		৯৪		৩৫	৫৯

উৎস: প্রকল্প অফিস

পর্যালোচনা ও মতামত:

প্রকল্পের আওতায় ৯৪ জন জনবলের মধ্যে প্রেষণে-১ জন, অতিরিক্ত দায়িত্ব ১ জন, সরাসরি নিয়োগ-৮৩ এবং আউটসোর্সিং ৯জন জনবল সংস্থান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে প্রকল্প পরিচালক-১, উপ-প্রকল্প পরিচালক-১, সহকারী প্রকৌশলী (পূর্ত)-১, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)-২, সহকারী প্রকৌশলী (তড়িৎ)-১, উৎপাদন কর্মকর্তা (ডেইরী টেকনোলজিস্ট)-৩, মাননিয়ন্ত্রণ কর্মকর্তা (ডেইরী মাইক্রোবায়োলজিস্ট)-৩, বিপণন কর্মকর্তা-৪, সমিতি সম্প্রসারণ কর্মকর্তা (পশুপালন এ এমএসসি)-৬, প্রাণি চিকিৎসক-৪, প্রাণি

পুষ্টিবিদ-১, প্রাণি প্রজনন কর্মকর্তা-২, খাদ্য বিশেষজ্ঞ-১, সহকারী প্রোগ্রামার-১, ল্যাব টেকনিশিয়ান-৫, মেকানিক-৪, এলএফএআই-১০, হিসাব সহকারী-১, স্টোর কিপার-২, মেশিন অপারেটর-৪, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-১, গাড়ি চালক (হেভী গাড়ি)-১২, চালক সহকারী-১০, শ্রমিক-৫, প্যাকার-৫, অফিস সহায়ক-২ এবং ক্লিনার-২ জনবল নিয়োগের সংস্থান থাকলেও প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক এসকল জনবলের নিয়োগের তেমন কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। প্রকল্পের মোট ৯৪ জন জনবলের মধ্যে ৫৯ জন (৬২.৭৬%) জনবল এখন পর্যন্ত পদায়ন করা হয়নি। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে আরএডিপি-তে ১২৫০০.০০ লক্ষ টাকার বরাদ্দ থাকলেও এখন পর্যন্ত কোন অর্থ ছাড়করণ করা সম্ভব হয়নি। সে কারণে প্রকল্পে কর্মরত জনবল বিগত ৭মাস ধরে বেতন-ভাতা পাচ্ছেনা ফলে প্রকল্পের সকল কর্মকাণ্ডে স্থবিরতা দেখা দিয়েছে। যা প্রকল্পের কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়নে প্রধান অন্তরায় বলে প্রতীয়মান হয়।

৩.১১.৪ পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠানের তারিখ, গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নের অগ্রগতি

পিআইসি ও পিএসসি কমিটির সভাসমূহ, অনুষ্ঠানের তারিখ, গৃহীত সিদ্ধান্ত ও সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিম্নে সংক্ষেপে দেয়া হয়েছে।

সারণি ৩.১৩ পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত

সভার নাম	সময়ের ধরণ ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	এই সময় পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা ডিপিপি অনুযায়ী	প্রকৃত অর্জন	চলতি বছরে লক্ষ্যমাত্রা (২০২৩-২৪)	চলতি বছরে প্রকৃত অর্জন (২০২৩-২৪)
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (পিআইসি)	২৪টি	১৯টি	০৮টি	০৪টি	০০
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (পিএসসি)	২৪টি	১৯টি	০৬টি	০৪টি	০২ টি

(খ) সর্বশেষ পিআইসি/পিএসসি সভার তথ্য

সভার নাম ও তারিখ	প্রধান প্রধান সিদ্ধান্ত	সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
পিআইসি সভা	প্রকল্পের আরডিপিপি'র (১ম সংশোধন) অনুমোদন	প্রকল্পের আরডিপিপি অনুমোদিত হয়েছে।
	গাভী ঋণ আদায়ের হার বৃদ্ধিকরণ	গাভী ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আদায়ের হারও বৃদ্ধি পেয়েছে।
	কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ এবং কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ সম্পাদন	অর্থ বছরের শুরুতে প্রকল্পের জন্য কর্মপরিকল্পনা প্রস্তুতকৃত ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্য সম্পাদন করা হয়।
পিএসসি সভা ২১ এপ্রিল ২০২২	ডিএসএল এর কিস্তি পরিশোধ করে প্রমাণকসহ অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করতে হবে।	ডিএসএল এর কিস্তি পরিশোধ করে প্রমাণকসহ অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ১৩/০২/২০২৩ তারিখে অর্থ ছাড়ের জিও জারি করা হয়েছে।
	প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম এবং প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণের জন্য মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।	প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) তে মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রমে মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবে।
	নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পাদনের জন্য কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা পুনরায় প্রস্তুত করে ডিসেম্বর, ২০২৩ এর ৩য় সপ্তাহে পুনরায় পিএসসি সভা আহ্বান এবং অবশিষ্ট অর্থে বিশেষায়িত ৮টি গাড়ি ক্রয় করা সম্ভব হবে কিনা যাচাইপূর্বক পরবর্তী পিএসসি সভায় উপস্থাপন করতে হবে।	আরএডিপিতে বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অবশিষ্ট অর্থে (৪৯২.৬ লক্ষ টাকা) বিশেষায়িত ০৮ টি গাড়ি (আইসক্রিম ফ্রিজিং ভ্যান, রেফ্রিজারেটেড কাভার্ড ভ্যান, ডাবল কেবিন পিক-আপ ও ট্রাক) বর্তমান বাজার অনুযায়ী ক্রয় করা সম্ভব হবে না।
	দরপত্র আহ্বানের অংশ হিসেবে মেশিনারীজের টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি ও পূর্ত কাজের প্রাক্কলন তৈরির জন্য কমিটি গঠনের মাধ্যমে এখন হতেই কার্যক্রম শুরু করতে হবে।	টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি ও পূর্ত কাজের প্রাক্কলন তৈরির জন্য কমিটি গঠনসহ সার্বিক কার্যক্রম শুরু করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগের পর পরই বর্ণিত ক্রয় কার্যক্রম শুরু করা যাবে।
	২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ বছরের অবশিষ্ট সময়ের মধ্যে সঠিকভাবে ব্যয়ের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করে ০২ (দুই) সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে।	আরএডিপি বরাদ্দ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

উৎস: প্রকল্প অফিস

পর্যালোচনা ও মতামত:

অনুমোদিত ডিপিপি'তে প্রকল্পের আওতায় প্রায় ০৩ (তিন) মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজনের উল্লেখ রয়েছে। বাস্তবে প্রকল্পের অধীনে পিআইসি ও পিএসসি সভা ডিপিপি/আরডিপিপি'র সময় অনুযায়ী নিয়মিত অনুষ্ঠিত হয়নি। এ পর্যন্ত ০৬টি পিএসসি সভা এবং ০৮টি পিআইসি কমিটির সভা অনুষ্ঠিত এবং সভাসমূহের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে।

৩.১১.৫ অডিট সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা

২০১৮-২০১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরে এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে। মোট আপত্তির সংখ্যা ৩টি যা এখনো নিষ্পত্তি হয়নি। ২০২১-২২ অর্থ বছরে সম্প্রতি এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে যার এলএআর এখনো পাওয়া যায়নি। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি: ৩.১৪ অডিট আপত্তি সংক্রান্ত

অডিট কর্তৃপক্ষ	অডিটের অর্থবছর	আপত্তির সংখ্যা	অডিট আপত্তির পূর্ণ শিরোনাম ও জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তির লক্ষ্যে গৃহিত পদক্ষেপ	আপত্তি নিষ্পত্তির অবস্থা
এক্সটার্নাল	২০১৮-২০২০-২১	০৩টি	১। প্রকল্পের ডিপিপিতে উল্লেখ না থাকা সত্ত্বেও অন্য ক্রয়কারী কর্তৃক ক্রয়কৃত বস্তার জামানতের টাকা প্রকল্প থেকে পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১৮,৫৩,৭০০.০০ (আঠারো লক্ষ তেপ্পান্ন হাজার সাতশত) টাকা। ২। জিওবি বরাদ্দের অর্থে পরিচালিত ব্যাংক হিসাবে সুদ বাবদ প্রাপ্ত টাকা সরকারি কোষাগারে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি ৪৬,৪৮,২৩৯/- (ছেচল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার দুইশত উনচল্লিশ) টাকা। ৩। লিকুইড এসেট সনদ ব্যতীত কার্যাদেশ ও বিল পরিশোধের ফলে সরকারের আর্থিক ক্ষতি ১৪,৭৩,০০০/- (চৌদ্দ লক্ষ তিয়াত্তর হাজার) টাকা।	অডিট আপত্তির ব্রডশিট জবাব সংস্থার অডিট বিভাগের মাধ্যমে কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।	অনিষ্পন্ন।

উৎসঃ প্রকল্প অফিস

পর্যালোচনা ও মতামত

প্রকল্পের গত ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ অর্থ-বছরে অডিট সম্পাদিত হয়েছে। এ ৩ (তিন) অর্থ-বছরে প্রকল্পের অনুকূলে মোট ৩টি অডিট আপত্তি প্রদান করেছে এক্সটার্নাল অডিট। ইতোমধ্যে ৩টি অডিট অডিট আপত্তির বিষয়ে প্রকল্প অফিস কর্তৃক জবাব প্রেরণ করা হয়েছে। এখনও আপত্তি নিষ্পত্তি হয়নি। অডিট আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ প্রমাণকসহ উপযুক্ত জবাব প্রেরণের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.১২ সরেজমিন পরিদর্শন হতে প্রাপ্ত ফলাফল

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় বিগত ২২-০১-২০২৪ থেকে ১৭-০২-২০২৪ পর্যন্ত ফরিদপুর জেলার ফরিদপুর সদর, বোয়ালমারী উপজেলা, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলা এবং মাদারীপুর জেলার রাজৈর উপজেলার টেকেরহাট এর মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম বিশেষ করে ঋণ বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। মিল্কভিটার

বর্ণিত প্রকল্পে মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্পের অন্য কার্যক্রম এখনও শুরু না হওয়া বা না থাকার কারণে পরিদর্শন করা সম্ভব হয়নি।

৩.১৩ মাঠ পর্যায়ে পরিচালিত সমীক্ষায় প্রাপ্ত তথ্য ও ফলাফল বিশ্লেষণ

প্রকল্পটি বাস্তবায়নের অগ্রগতি, ফলাফল এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা করার জন্য মাঠ পর্যায়ে ১) সুফলভোগিদের খানা জরিপ, ২) ফোকাস গ্রুপ আলোচনা (FGD), ৩) কী ইনফরম্যান্ট ইন্টারভিউ (KII) বা মুখ্য তথ্যদাতাদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। মাঠ পর্যায়ে পরিচালিত সমীক্ষার ফলাফল নিম্নে আলোচনা করা হয়েছে।

৩.১৪ উপকারভোগীদের খানা জরিপের ফলাফল

উপকারভোগীদের খানা জরিপের জন্য প্রকল্পের আওতায় ঢাকা বিভাগের ফরিদপুর, গোপালগঞ্জ এবং রাজবাড়ী জেলা সরেজমিনে প্রধান প্রধান কাজের বিন্যাস অনুযায়ী নির্ধারিত মোট ৭২০ জনের মধ্যে খানা জরিপ কাজ পরিচালনা করা হয়েছে। খানা জরিপের তথ্যাদি নির্ধারিত প্রশ্নমালা অনুসরণে সংগ্রহ করা হয়েছে। তাদের থেকে প্রাপ্ত ফলাফল নিম্নে প্রদান করা হল:

(১) উপকারভোগী উত্তরদাতাদের লিঙ্গভিত্তিক বিভাজন


সমীক্ষায় অংশগ্রহণকারী উপকারভোগীদের ৭২.৬০% পুরুষ ও ২৭.৪০% মহিলা ছিলেন। উত্তরদাতাদের লিঙ্গভিত্তিক বিভাজন এর সংখ্যা ও শতকরা হার সারণি ৩.১ এ দেয়া হল:

সারণি-৩.১: উপকারভোগী উত্তরদাতাদের লিঙ্গভিত্তিক বিভাজন সংখ্যা ও শতকরা হার

পুরুষ/মহিলা	সংখ্যা	শতকরা হার
পুরুষ	৫২৩	৭২.৬
মহিলা	১৯৭	২৭.৪
মোট	৭২০	১০০.০০

(২) উপকারভোগী উত্তরদাতাদের শিক্ষাগত যোগ্যতা


সমীক্ষায় অংশগ্রহণকারী ৭২০ জন উত্তরদাতার শিক্ষাগত যোগ্যতা বিশ্লেষণে দেখা যায়, ৩৪.৩০% উত্তরদাতা স্বাক্ষর জ্ঞানসম্পন্ন, ২৭.৮০% উত্তরদাতা ৫ম শ্রেণি পর্যন্ত, ২১.৫০%, উত্তরদাতা ১০ম শ্রেণি পর্যন্ত, ৮.১০% এসএসসি/দাখিল/সমমান পাস, ৩.৫০% উত্তরদাতা এইচএসসি/ সমমান পাশ এবং ৪.৯০% উত্তরদাতা স্নাতক বা তার উর্ধ্বে লেখাপড়া করেছেন। সমীক্ষায় অংশগ্রহণকারী উপকারভোগী উত্তরদাতার শিক্ষাগত যোগ্যতার বিস্তারিত চিত্র ৩.১ এ দেয়া হল:



(৩) উপকারভোগী উত্তরদাতাদের পেশা

সমীক্ষায় অংশগ্রহণকারী ৭২০ জন উত্তরদাতার পেশা সংক্রান্ত বিশ্লেষণে দেখা যায় ৩৯.৪০% উত্তরদাতা গাভী পালন, ৮.২০% উত্তরদাতা গরু মোটাতাজাকরণ ৩.৯০% উত্তরদাতা দুগ্ধ উৎপাদন বৃদ্ধি, ৩২.৬০% উত্তরদাতা দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহার, ১৩.২০% দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন এবং ২.৬০% উত্তরদাতা অন্যান্য পেশায় নিযুক্ত

রয়েছেন বলে উল্লেখ করেছেন। সমীক্ষায় অংশগ্রহণকারী উপকারভোগী উত্তরদাতাদের পেশার সংখ্যা ও শতকরা হার চিত্র ৩.২ এ দেয়া হল:



চিত্র-৩.২ উপকারভোগী উত্তরদাতাদের পেশা

(৪) পরিবারে গড় সদস্য সংখ্যা, গড় মাসিক আয়, গড় মাসিক ব্যয় এবং সঞ্চয় সম্পর্কিত তথ্যাদি

সমীক্ষায় অংশগ্রহণকারী ৭২০ জন উত্তরদাতার পরিবারে গড় সদস্য সংখ্যা, গড় মাসিক আয়, গড় মাসিক ব্যয় এবং সঞ্চয় সংক্রান্ত বিশ্লেষণে দেখা যায়, পরিবারে মোট সদস্য গড় সংখ্যা হলো- ৪.৯০ জন, গড় মাসিক আয়-২৬২০৪.০০ টাকা, গড় মাসিক ব্যয়-২১৬১৮.০০ টাকা এবং গড় মাসিক সঞ্চয় ৪৫৮৬.০০ টাকা। সমীক্ষায় অংশগ্রহণকারী উপকারভোগী উত্তরদাতাদের পরিবারে গড় সদস্য সংখ্যা, গড় মাসিক আয়, গড় মাসিক ব্যয় এবং সঞ্চয়ের গড় সারণি ৩.৪ এ দেয়া হল:

সারণি-৩.৪ পরিবারে গড় সদস্য সংখ্যা, গড় মাসিক আয়, গড় মাসিক ব্যয় এবং সঞ্চয় সংক্রান্ত তথ্য

বিবরণ	গড়
পরিবারে গড় সদস্য সংখ্যা	৪.৯০ জন
গড় মাসিক আয়	২৬২০৪.০০ টাকা
গড় মাসিক ব্যয়	২১৬১৮.০০ টাকা
গড় মাসিক সঞ্চয়	৪৫৮৬.০০ টাকা
মোট	**৭২০**

(৫) মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণ সম্পর্কিত মতামত

মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণ সম্পর্কিত মতামত জরিপে দেখা যায়, ৭২০ জন উত্তরদাতার মধ্যে ৮৯.৩০% (৬৪৩ জন) উত্তরদাতা প্রশিক্ষণ পেয়েছেন এবং ১০.৭০% (৭৭ জন) উত্তরদাতা প্রশিক্ষণ পাননি বলে জানিয়েছেন। প্রশিক্ষণ ভেন্যু সম্পর্কিত প্রশ্নের জবাবে জানা যায়, ১.২০% উত্তরদাতা ইউনিয়ন পরিষদে, ৬২% উত্তরদাতা উপজেলা পরিষদে এবং ৩৬.৮০% অন্যান্য (মিল্ক ভিটার অফিসে) ভেন্যু থেকে প্রশিক্ষণ পেয়েছেন। প্রশিক্ষণের মেয়াদ ছিল ১ দিন। মিল্কভিটার সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের বিষয় সম্পর্কিত মতামত সারণি ৩.৫ এ দেয়া হল:

সারণি-৩.৫ প্রশিক্ষণ গ্রহণের সাথে জড়িত অংশগ্রহণকারীদের সংখ্যা ও শতকরা হার

মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৬৪৩	৮৯.৩০
না	৭৭	১০.৭০
মোট	৭২০	১০০.০০
প্রশিক্ষণ গ্রহণের স্থান/ভেন্যু		
ইউনিয়ন পরিষদে	১২	১.২০
উপজেলা পরিষদে	৩৯৬	৬২.০০
অন্যান্য (মিল্ক ভিটার অফিসে)	২৩৫	৩৬.৮০


মতামত	সংখ্যা	শতকরা হার
মোট	৬৪৩	১০০.০০
প্রশিক্ষণ মেয়াদ	১ দিন	

(৬) উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের বিষয় সম্পর্কিত মতামত

মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের বিষয় সম্পর্কিত মতামত জরিপে দেখা যায়, শতভাগ উত্তরদাতা গাভী পালন বিষয়ে প্রশিক্ষণ পেয়েছেন। এছাড়াও ৪৪.৮% উত্তরদাতা দুগ্ধ উৎপাদন ও পণ্য তৈরির উপর, ৩৯.৮% উত্তরদাতা গরু মোটাতাজাকরণ, ১১.৫% উত্তরদাতা দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহার এবং ০.৮% অন্যান্য প্রশিক্ষণ পেয়েছেন। প্রশিক্ষণের বিষয় সম্পর্কিত মতামত সারণি ৩.৬ এ দেয়া হল:

সারণি-৩.৬ প্রশিক্ষণের বিষয়ে জড়িত অংশগ্রহণকারীদের সংখ্যা ও শতকরা হার

প্রশিক্ষণের বিষয়সমূহ	সংখ্যা	শতকরাহার
গাভী পালন	৬৪৩	১০০.০
গরু মোটাতাজাকরণ	২৫৬	৩৯.৮
দুগ্ধ উৎপাদন ও পণ্য তৈরির উপর	২৮৮	৪৪.৮
দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহার	৭৪	১১.৫
অন্যান্য	৫	০.৮
একাধিক উত্তর N=৬৪৩		



(৭) উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের সন্তুষ্টি সম্পর্কিত মতামত

মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের সন্তুষ্টি সম্পর্কিত মতামত জরিপে দেখা যায়, খুব সন্তুষ্ট এমন উপকারভোগী সদস্যের সংখ্যা ৫.৩০% (৩৪ জন), সন্তুষ্ট এমন উপকারভোগী সদস্যের সংখ্যা ২০.৮০% (১৩৪ জন), মোটামুটি সন্তুষ্ট এমন উপকারভোগী সদস্যের সংখ্যা ৪৫.৯০% (২৯৫ জন), সন্তুষ্ট না এমন উপকারভোগী সদস্যের সংখ্যা ১১.৮০% (৭৬ জন), মোটেই সন্তুষ্ট না এমন উপকারভোগী সদস্যের সংখ্যা ১৬.২০% (১০৪ জন)। মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের সন্তুষ্টি সম্পর্কিত মতামত সারণি ৩.৭ এ দেয়া হল:

সারণি-৩.৭ প্রশিক্ষণের সন্তুষ্টি সম্পর্কিত সংখ্যা ও শতকরা হার

প্রশিক্ষণের সন্তুষ্টি	সংখ্যা	শতকরা হার
খুব সন্তুষ্ট	৩৪	৫.৩০
সন্তুষ্ট	১৩৪	২০.৮০
মোটামুটি সন্তুষ্ট	২৯৫	৪৫.৯০
সন্তুষ্ট না	৭৬	১১.৮০
মোটেই সন্তুষ্ট না	১০৪	১৬.২০
একাধিক উত্তর N=৬৪৩	**৬৪৩**	**১০০.০**

(৮) উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের সময়কাল (Duration) সম্পর্কিত মতামত

মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের সময়কাল সম্পর্কিত মতামত জরিপে দেখা যায়, উত্তরদাতার মধ্যে ২২.২০% উত্তরদাতা প্রশিক্ষণের সময়কাল সঠিক ছিল এবং ৭৭.৮০% উত্তরদাতা সময়কাল সঠিক ছিল না বলে জানিয়েছেন। এছাড়া প্রশিক্ষণে ব্যবহারিক কোন বিষয় অন্তর্ভুক্ত ছিল কিনা এমন প্রশ্নের জবাবে শতভাগ উত্তরদাতা জানান প্রশিক্ষণে ব্যবহারিক কোন বিষয় অন্তর্ভুক্ত ছিল না। প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষণ ভাতা সংক্রান্ত বিষয়ে উপকারভোগী সদস্যগণের শতভাগ প্রশিক্ষণ ভাতা পেয়েছন মর্মে জানিয়েছেন। মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের সময়কাল সম্পর্কিত মতামত সারণি ৩.৮ এ দেয়া হল:

সারণি-৩.৮ প্রশিক্ষণের সময় যথেষ্ট ছিল কি না সে সম্পর্কিত মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	১৪৩	২২.২০
না	৫০০	৭৭.৮০
মোট	৬৪৩	১০০.০০
প্রশিক্ষণে ব্যবহারিক বিষয় অন্তর্ভুক্ত সম্পর্কিত মতামত		
হ্যাঁ	-	-
না	৬৪৩	১০০.০০
মোট	৬৪৩	১০০.০০
প্রশিক্ষণ ভাতা সম্পর্কিত মতামত		
হ্যাঁ	৬৪৩	১০০.০০
না	--	--
মোট	**৬৪৩**	**১০০.০০**

৯) উপকারভোগী সদস্যদের ঋণ গ্রহণের উদ্দেশ্য, ঋণের ব্যবহার এবং ঋণ পরিশোধ সংক্রান্ত মতামত

মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের ঋণ গ্রহণের উদ্দেশ্য, ঋণের ব্যবহার এবং ঋণ পরিশোধ সংক্রান্ত সম্পর্কিত জরিপে দেখা যায়, শতভাগ উত্তরদাতা সদস্য প্রকল্প থেকে ঋণ সুবিধা পেয়েছেন। ঋণ ব্যবহারের বিষয়ে গাভী পালন ৯৮.৮০%, গরু মোটাতাজাকরণ ৩২.২০%, দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহারের ২০.৪০%, ছেলে মেয়ের লেখাপড়ার কাজে ১.৪০%, নিজের বাড়ি/ঘর নির্মাণের কাজে ১৭.২০% এবং অন্যান্য কাজে ০.৮০% উপকারভোগী সদস্য ঋণের টাকা ব্যবহার করেছেন। ঋণ পরিশোধ সম্পর্কিত বিষয়ে উপকারভোগী জানান, এককালীন কিস্তিতে ঋণ পরিশোধ করেছেন মাত্র ০.৩০%। কিস্তিতে ঋণ পরিশোধ করছেন ৮৪.৩০% এবং বিক্রীত দুধ থেকে ঋণ পরিশোধ করছেন ১৫.৪০%। মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের ঋণ গ্রহণের উদ্দেশ্য, ঋণের ব্যবহার এবং ঋণ পরিশোধ সংক্রান্ত সম্পর্কিত মতামত সারণি ৩.৯ এ দেয়া হল:

সারণি-৩.৯ ঋণ সম্পর্কিত মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৭২০	১০০.০০
না	-	-
মোট	৭২০	১০০.০০
ঋণের টাকা যে উদ্দেশ্যে ব্যয় করেছেন		
গাভী পালন	৭১১	৯৮.৮০
গরু মোটাতাজাকরণ	২৩২	৩২.২০
দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহারের	১৪৭	২০.৪০
ছেলে মেয়ের লেখাপড়ার কাজে	১০	১.৪০
নিজের বাড়ি/ঘর নির্মাণের কাজে	১২৪	১৭.২০
অন্যান্য	৬	০.৮০
একাধিক উত্তর N=৭২০		
ঋণের টাকা যেভাবে পরিশোধ করছেন		
এককালীন	২	০.৩০
কিস্তিতে	৬০৭	৮৪.৩০
বিক্রিত দুধ থেকে	১১১	১৫.৪০
মোট	**৭২০**	**১০০.০**

১০) উপকারভোগী সদস্যদের দুগ্ধজাত গাভীর সংখ্যা, গড় উৎপাদন এবং বিক্রয় সম্পর্কিত মতামত

মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের দুগ্ধজাত গাভীর সংখ্যা সংক্রান্ত মতামতে দেখা যায়, বর্তমানে ১৯.০৩% উপকারভোগী সদস্যের কোন গাভী নেই, ৬২.৬৪ উপকারভোগীর গাভীর সংখ্যা ০১-০২টা, ১৩.১৯% উপকারভোগীর গাভীর সংখ্যা ০৩-০৪টা এবং ৪ এর বেশি গাভী রয়েছে এমন উপকারভোগী ৫.১৪%। উপকারভোগী সদস্যদের প্রতিদিন গড়ে দুধ উৎপাদিত হয় ৭.৮ লিটার। এ সকল উপকারভোগী সদস্যদের ২১.০০% মিল্ক ভিটা, ১.৩০% অগ্রণী ডেইরি, ০.১০% আড়ং ও আফতাব, ৬০.৩০% স্থানীয় বাজার এবং ২৬.১০% অন্যান্য স্থানে দুধ বিক্রয় করে থাকেন। মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের দুগ্ধজাত গাভীর সংখ্যা, গড় দুগ্ধ উৎপাদন এবং দুগ্ধ বিক্রয় সংক্রান্ত সম্পর্কিত সারণি ৩.১০ এ দেয়া হল:

সারণি-৩.১০ দুগ্ধজাত গাভীর সংখ্যা, গড় দুগ্ধ উৎপাদন এবং দুগ্ধ বিক্রয়

দুগ্ধজাত গাভীর সংখ্যা	**সংখ্যা**	**শতকরা হার**
বর্তমানে একটিও গাভী নাই	১৩৭	১৯.০৩
০১-০২ টা গাভী আছে	৪৫১	৬২.৬৪
০৩-০৪ টা গাভী আছে	৯৫	১৩.১৯
৪ এর বেশি গাভী আছে	৩৭	৫.১৪
মোট	**৭২০**	**১০০.০০**
প্রতিদিন গড় দুধ উৎপাদন	**৭-৮ লিটার**	
উৎপাদিত দুধ বিক্রির স্থান/মাধ্যম		
মিল্ক ভিটা	১৫১	২১.০০
অগ্রণী ডেইরি	৯	১.৩০
আড়ং	১	০.১০
ফার্ম ফ্রেস	-	-
আফতাব	১	০.১০
স্থানীয় বাজার	৪৩৪	৬০.৩০
অন্যান্য স্থান	১৮৮	২৬.১০
একাধিক উত্তর =৭২০		

১১) উপকারভোগী সদস্যদের উৎপাদিত দুধ বাজারজাতকরণের সমস্যা

মিল্কভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের উৎপাদিত দুধ বাজারজাতকরণে সমস্যা সম্পর্কিত মতামতে দেখা যায়, বর্তমানে ৯৪.৯০% উত্তরদাতার মতে তাদের উৎপাদিত দুধ বাজারজাতকরণে সমস্যা হচ্ছে না এবং ৫.১০% উত্তরদাতার জানিয়েছেন তাদের উৎপাদিত দুধ বাজারজাতকরণে সমস্যা হচ্ছে। শতভাগ উত্তরদাতার মতে তারা দুধের সঠিক দাম পাচ্ছেন না। উত্তরদাতাদের মতে বর্তমানে লিটার প্রতি গড়ে ৫১.০০ টাকা দাম পাচ্ছেন। মিল্ক ভিটার প্রকল্পের সাথে যুক্ত উপকারভোগী সদস্যদের উৎপাদিত দুধ বাজারজাতকরণে সমস্যা সম্পর্কিত মতামত সারণি ৩.১০ এ দেয়া হল:

সারণি-৩.১১ দুধ বাজারজাতকরণে সমস্যা সম্পর্কিত মতামত

মতামত	**সংখ্যা**	**শতকরা হার**
হ্যাঁ	৩৭	৫.১০
না	৬৮৩	৯৪.৯০
মোট	৭২০	১০০.০০
বাজারজাতকরণের সমস্যার কারণ		
সঠিক দাম পাওয়া যায় না	৩৭	১০০.০০
মোট	৩৭	১০০.০০
উৎপাদিত দুধ মিল্ক ভিটায় বিক্রি করা হয় কি না সে সম্পর্কিত মতামত		
হ্যাঁ	১৬০	২২.২০
না	৫৬০	৭৭.৮০
মোট	৭২০	১০০.০০
গড়ে যত টাকা করে দুধ বিক্রি করেন (মিল্ক ভিটায়)	৫১.০ টাকা প্রতি লিটার	

১২) কারখানা স্থাপনে উপকারভোগী যেভাবে উপকৃত হবেন মতামত

মিল্কভিটার কারখানাটি স্থাপন সম্পর্কে ৯৪.৭০% উত্তরদাতা জানিয়েছেন তারা সরাসরি উপকৃত হবেন। ৭৬.২০% উত্তরদাতার মতে কর্মসংস্থান হবে, ৫৫.১০% উত্তরদাতার মতে বর্ষাকালেও দুধের ভালো দাম পাওয়া যাবে, ৬৯.১০% এর মতে যে কোনো সময় দুধ বিক্রয় করা যাবে, ৫৯.৭০% এর মতে এলাকার অর্থনৈতিক উন্নতি হবে, ২১.৮০% উত্তরদাতার মতে স্থানীয় উদ্যোক্তা সৃষ্টি হবে। মিল্ক ভিটার কারখানাটি স্থাপনের উপকারভোগীদের সংখ্যা ও শতকরা হার সারণি ৩.১১ এ দেয়া হল:

সারণি-৩.১২ মিল্ক ভিটার কারখানাটি স্থাপনের মাধ্যমে উপকারভোগী উপকৃত হবেন কি না সে সম্পর্কিত মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৬৮২	৯৪.৭০
না	৩৮	৫.৩০
মোট	৭২০	১০০.০০
যেভাবে উপকৃত হবেন		
কর্মসংস্থান হবে	৫২০	৭৬.২০
বর্ষাকালেও দুধের ভাল দাম পাওয়া যাবে	৩৭৬	৫৫.১০
যে কোনো সময় দুধ বিক্রয় করা যাবে	৪৭২	৬৯.২০
এলাকার অর্থনৈতিক উন্নতি হবে	৪০৭	৫৯.৭০
স্থানীয় উদ্যোক্তা সৃষ্টি হবে	১৪৯	২১.৮০
অন্যান্য	১	০.১০
প্রকল্পের মাধ্যমে যেভাবে উপকৃত হয়েছেন		
গাভী ক্রয়ের জন্য স্বল্প সুদে ঋণ প্রাপ্তি	৭০০	১০০.০
গাভীর খাদ্যের জন্য টাকা পাওয়া	৫০৬	৭৫.২০
প্রকল্প থেকে প্রশিক্ষণ গ্রহণ	২৯৭	৪৪.১০
গাভীর চিকিৎসার জন্য সহযোগিতা পাওয়া	১৪৮	২২.০০
দুগ্ধ বিক্রয়ের নিশ্চয়তা পাওয়া	৬৯	১০.৩০
একাধিক উত্তর=৭২০		

৩.১৫ প্রশিক্ষণ বিষয়ে পর্যালোচনা:

ডিপিপি/আরডিপিপিতে সমবায়ীদের প্রশিক্ষণ ও প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের স্থানীয়ভাবে প্রশিক্ষণ বিষয় এবং পৃথক বাজেট ছিল। যা নিম্নরূপ:

(ক) সমবায়ীদের প্রশিক্ষণ বিবরণী:

প্রকল্পের অধীনে মোট ৬০টি সমবায় সমিতি গঠন করা হবে। প্রতিটি সমিতিতে ৫০ জন সদস্য থাকবে এবং প্রত্যেক সমিতি হতে ২০ জন সদস্যকে নিয়ে প্রকল্পের ১ম পর্যায়ে (১ম বছরে) মোট ১০০০ জনকে দুইটি পর্বে এক পর্বে ০২ (দুই) দিন করে মোট ০৪ (চার) দিন প্রশিক্ষণ দেয়া হবে। ১ম দুই দিন ৫০০ জন এবং ২য় দুই দিন ৫০০ জন প্রশিক্ষণ দেয়া হবে। অনুরূপ প্রকল্পের ২য় পর্যায়ে (২য় বছরে) ১০০০ জন এবং প্রকল্পের ৩য় পর্যায়ে (৩য় বছরে) ১০০০ জন মোট ৩০০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের বিষয়গুলো নিম্নরূপ:

১. দুগ্ধ শীতলীকরণ কৌশল;
২. দুগ্ধ ও দুগ্ধ পণ্য সংরক্ষণ ও পরিবহণ কৌশল;
৩. দুগ্ধ গুণগতমান নির্ণয় ও ভেজাল শনাক্তকরণ কৌশল;
৪. ডেইরি খামার ব্যবস্থাপনা কৌশল;
৫. স্বাস্থ্য সম্মতভাবে দুগ্ধ দোহন কৌশল;
৬. Good Management Practices (GMP);
৭. সমবায় সমিতি গঠন, সমিতি ব্যবস্থাপনা;
৮. গবাদিপশুর খাদ্য এবং ঘাস চাষ পদ্ধতি;
৯. গবাদিপশুর রোগ নির্ণয়, চিকিৎসা, ভ্যাক্সিনেশন, ডি-ওয়ারমিং কৌশল।
১০. গবাদিপশুর কৃত্রিম প্রজনন সংক্রান্ত কৌশল;

উল্লেখ্য, ৩০০০ জন সদস্যের প্রশিক্ষণের জন্য মোট বাজেট বরাদ্দ ছিল ১৫.০০ লক্ষ টাকা। পরবর্তীতে আরডিপিপি'তে ৩৯৫০ জন সদস্যের প্রশিক্ষণের জন্য মোট বাজেট বরাদ্দ ৬৭.৮৬ লক্ষ টাকা নির্ধারিত হয়েছে (উৎস- ডিপিপি ও আরডিপিপি)।

বাস্তবে জুন ২০২৩ পর্যন্ত উপকারভোগী ১০০০ জনের জন্য প্রশিক্ষণ বাবদ ব্যয় হয়েছে ২০.২২ লক্ষ টাকা। জনপ্রতি ব্যয় ২০২২/- টাকা। মাঠ পর্যায়ে সরেজমিনে দেখা গেছে প্রকল্প থেকে কোন উপকারভোগী বা সমবায়ী সদস্যকে ফরমাল প্রশিক্ষণ প্রদান করা হয়নি। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার আওতায় বিগত ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে ফরিদপুর সদরে অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত সদস্যদের মধ্যে মাত্র ০১ জন উপকারভোগী সদস্য জানিয়েছেন, ফরিদপুরের স্থানীয় একজন জনপ্রতিনিধির বাসায় তার সমিতির ৫০ জন সদস্যকে নিয়ে উপস্থিত ছিলেন। সেখানে প্রকল্পের প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন। প্রকল্পের সদস্যরা জনপ্রতি ১০০০/- টাকা করে হাতে পায়। এছাড়াও স্থানীয় কর্মশালায় উপস্থিত কোন সদস্যই প্রশিক্ষণ পেয়েছেন বলে কর্মশালায় জানাতে পারেনি।

(খ) কর্মকর্তা-কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণের বিবরণী:

কর্মকর্তা-কর্মচারীদের নিম্নোক্ত বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে:

- সন্ধ্যাকালীন প্রশিক্ষণ প্রোগ্রাম, এনএপিডি (NAPD), নিকেতন, ঢাকা;
- ক্রয় পরিকল্পনা পিপিআর-২০০৮ এর উপর প্রশিক্ষণ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET) অথবা বিপিপিএ পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা:
- ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, বিআইএম (BIM), সোবহানবাগ, ঢাকা;
- কম্পিউটারের উপর বিভিন্ন প্রশিক্ষণ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা;

উল্লেখ্য, ২১ জন সদস্যের কর্মকর্তার প্রশিক্ষণের জন্য মোট বাজেট বরাদ্দ ৩.৫০ লক্ষ টাকা। পরবর্তীতে আরডিপিপি'তে ৩৯ জন সদস্যের প্রশিক্ষণের জন্য মোট বাজেট বরাদ্দ ৯৪ লক্ষ টাকা নির্ধারিত হয়েছে। প্রশিক্ষণ খাতে কোন ব্যয় করা সম্ভব হয়নি এবং প্রকল্পের কোন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়নি **(উৎস- ডিপিপি ও আরডিপিপি)**।

পর্যালোচনা ও মতামত:

- প্রশিক্ষণের মেয়াদ কমপক্ষে ৫দিনের হলে ভাল হয়;
- প্রশিক্ষণের জন্য একটি ম্যানুয়েল থাকা প্রয়োজন;
- ক্লাসরুম প্রশিক্ষণের পরিবর্তে অনসাইট প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে;
- সমবায়ী সদস্যদের প্রশিক্ষণ নিশ্চিতকরণের জন্য বাস্তবায়নকারী সংস্থা এবং মন্ত্রণালয়ের বিশেষ নজর থাকা প্রয়োজন।

৩.১৬ এফজিডি হতে প্রাপ্ত ফলাফল পর্যালোচনা

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের আওতায় ৫টি এফজিডি বা ফোকাস গ্রুপ আলোচনা পরিচালিত হয়। এফজিডি পরিচালনার প্রধান উদ্দেশ্য ছিল বহুমুখী দুগ্ধ পণ্য উৎপাদন কারখানা স্থাপনের মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধানে সহায়তা প্রদান, গবাদিপশুর জাত উন্নয়ন, চারণভূমি উন্নয়ন, গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টি ইত্যাদি কার্যক্রম সম্পর্কে উপলব্ধি করা। প্রকল্পের আওতায় ২টি বিভাগের ৩টি জেলায় মোট ৫টি এফজিডি পরিচালিত হয়। এফজিডিতে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট উপকারভোগী/সমবায়ী খামারি, কৃষক, নারী প্রতিনিধি, স্থানীয় দুধ ব্যবসায়ী, ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি এবং এলাকার অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিভিন্ন পেশাজীবীর জনগণ উপস্থিত ছিলেন। প্রতিটি এফজিডিতে ১০-১২ জন সদস্য উপস্থিত ছিলেন। দলীয় আলোচনা অনুষ্ঠানের স্থান ও উপস্থিত আলোচকদের তথ্য নিচের সারণিতে প্রদান করা হলো।

ক্র. নং	আলোচনা অনুষ্ঠানের স্থান	অংশগ্রহণকারীর পেশা	অংশগ্রহণকারীর সংখ্যা
১	গোলাপবাগ, চরমাধবদিয়া, ফরিদপুর সদর	উপকারভোগী (সমবায়ী খামারি)-০৬, কৃষক, স্থানীয় দুধ ব্যবসায়ী-০১, ইউনিয়ন চেয়ারম্যান-০১, মেম্বার-০১, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি-০১ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ-০২ জন	১২ জন
২	চরভদ্রাসন,	উপকারভোগী (সমবায়ী খামারি)-০৫, কৃষক, নারী প্রতিনিধি-০২, স্থানীয় দুধ	১২ জন

ক্র. নং	আলোচনা অনুষ্ঠানের স্থান	অংশগ্রহণকারীর পেশা	অংশগ্রহণকারীর সংখ্যা
	ফরিদপুর সদর	ব্যবসায়ী-০১, ইউনিয়ন চেয়ারম্যান-০১, মেম্বার-০১, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি-০১ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ-০১ জন	
৩	ডুমুরিয়া, টুঙ্গিপাড়া সদর, গোপালগঞ্জ	উপকারভোগী (সমবায়ী খামারি)-০৫, কৃষক, নারী প্রতিনিধি-০৪, স্থানীয় দুধ ব্যবসায়ী-০১, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি-০১ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ-০১ জন	১২ জন
৪	গোয়ালন্দ রাজবাড়ী	উপকারভোগী (সমবায়ী খামারি)-০৫, কৃষক, স্থানীয় দুধ ব্যবসায়ী-০১, মেম্বার-০১, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি-০১ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ-০২ জন	১০ জন
৫	বেলজানি, বোয়ালমারী ফরিদপুর	উপকারভোগী (সমবায়ী খামারী)-০৪, কৃষক, নারী প্রতিনিধি-০২, স্থানীয় দুধ ব্যবসায়ী-০১, মেম্বার-০১, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি-০১ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ-০৩ জন	১২ জন

দুধ উৎপাদনের সাথে জড়িত বিভিন্ন শ্রেণি পেশার ব্যক্তিবর্গ উপস্থিত থাকায় প্রকল্পের ফলাফল সম্পর্কে স্থানীয় জ্ঞান (Local knowledge) প্রতিফলিত ও জ্ঞান নির্ভর আলোচনা অনুষ্ঠিত হয়েছে। দলীয় আলোচনা পূর্ব নির্ধারিত ও অনুমোদিত ১৩টি বিষয়ে আলোচনা করা হয়েছে। আলোচনার বিষয়ভিত্তিক ফলাফল নিম্নে প্রদান করা হলো:



চিত্র: গোলাপবাগ, চরমাধবদিয়া, ফরিদপুর সদর



চিত্র: চরভদ্রাসন, ফরিদপুর সদর



চিত্র: ডুমুরিয়া, টুঙ্গিপাড়া সদর, গোপালগঞ্জ



চিত্র: গোয়ালন্দ রাজবাড়ী

ফলাফলসমূহ:

(১) প্রকল্প এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন:

প্রায় শতভাগ আলোচক মতামত ব্যক্ত করেছেন যে,

- গবাদিপশুর উন্নত জাত নির্বাচন;
- উন্নত প্রযুক্তি এবং উন্নত সিমেন্স সরবরাহ;
- গবাদিপশুর জাত পরিচিতি এবং উন্নত জাতের বিকাশ সম্পর্কে প্রশিক্ষণ ও সচেতনতা প্রদান;
- প্রয়োজনীয় চিকিৎসা ও পুষ্টি সম্পর্কে সচেতনতা প্রদান এবং প্রয়োজনীয় চিকিৎসা প্রদান;
- সহযোগিতা ও সামাজিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা;
- গবাদিপশুর জাতের উন্নত উৎপাদন ও গুণগত উন্নতির জন্য বাজার বিকাশ এবং বাজারে তাদের জন্য প্রতিফলন নিশ্চিতকরণ;
- জেনেটিক্স এবং সাইন্টিফিক প্রক্রিয়াগুলি ব্যবহার করে উন্নত জাতের উৎপাদন বাড়ানো।

(২) মিল্ক ভিটার প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ

মিল্ক ভিটার প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ আলোচনায় আলোচকদের নিকট থেকে মিশ্র প্রতিক্রিয়া পাওয়া গেছে। উপস্থিত কিছু আলোচক জানান, স্থানীয় ইউপি সদস্য (মেম্বার) এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট থেকে মিল্ক ভিটা প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জানতে পেরেছেন। তবে উপস্থিত কিছু আলোচক জানান মিল্কভিটার কর্মকর্তাদের নিকট থেকে বর্ণিত প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জানতে পেরেছেন। একই বিষয়ে উপস্থিত অন্যান্য আলোচকগণ জানান তারা প্রতিবেশী ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের নিকট মিল্ক ভিটার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত হয়েছেন।

(৩) খামারী কর্তৃক উৎপাদিত দুধ বিক্রি

উক্ত আলোচনায় উপস্থিত অধিকাংশ তাদের উৎপাদিত দুধ বাজারে বিক্রি করেন। কারণ ফরিদপুর সদরের মিল্কভিটা অফিস দুধ সংগ্রহ করে না বা করার কোন ব্যবস্থা নেই। ফলে ঋণ প্রদানকারী কৃষকদের নিকট হতে দুধ সংগ্রহ করতে পারছে না। ফরিদপুর সদরের চরমাধবদিয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ড সমিতির সকলে (৫০ জন) গাভী ক্রয় করার জন্য প্রকল্প থেকে ঋণ গ্রহণ করেছে। মিল্কভিটা দুধ সংগ্রহ না করার কারণে প্রায় ৩০ জনের অধিক উপকারভোগী সদস্য তাদের গাভী বিক্রি করে দিয়েছেন। অবশিষ্ট উপকারভোগী সদস্যগণ স্থানীয় বাজারে গড়ে প্রায় ৬০-৭০ টাকা/লিটার দরে দুধ বিক্রি করে থাকেন।

(৪) প্রকল্প কর্তৃপক্ষ থেকে দুধের ন্যায্য মূল্য প্রাপ্তি

প্রকল্প কর্তৃপক্ষ থেকে দুধের ন্যায্য মূল্য প্রাপ্তি সম্পর্কিত বিষয়ে দলীয় আলোচকদের নিকট হতে মিশ্র প্রতিক্রিয়া পাওয়া গেছে। এফজিডি-তে অংশগ্রহণকারী কিছু সংখ্যক আলোচক বলেছেন-বর্তমানে চুক্তিবদ্ধ সমবায়ীদেরকে দুধের ফ্যাট পারসেন্ট এর উপর ভিত্তিতে মূল্য প্রদান করা হয়ে থাকে। বৈশ্বিক কারণে গো-খাদ্য মূল্য বৃদ্ধি এবং শ্রমিকের মূল্য বৃদ্ধির জন্য উৎপাদন ব্যয় বৃদ্ধি পাচ্ছে। সে কারণে প্রতি লিটার দুধের বর্তমান দামের চেয়ে কিছু মূল্য বৃদ্ধি করা প্রয়োজন। কিছু আলোচক জানান- মিল্কভিটার নিকট অপেক্ষাকৃত কম মূল্যে দুধ বিক্রয় করতে হচ্ছে, ফলে খামারিরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সার্বিক পরিস্থিতি বিবেচনায় ফ্যাট পারসেন্ট মানভেদে লিটার প্রতি ৫০-৬০ টাকা মূল্য নির্ধারণের জন্য প্রকল্প কর্তৃপক্ষের নিকট বিনীত দাবি জানিয়েছেন। এছাড়াও, প্রকল্পের মাধ্যমে খামারিদের দুগ্ধ উৎপাদনে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে বিনামূল্যে জাম্বু ঘাসের বীজ সরবরাহ, গাভীর চিকিৎসা সেবা এবং প্রয়োজনীয় ভ্যাকসিন ও ওষুধ সরবরাহ করা প্রয়োজন বলে কিছু আলোচক মনে করেন।

৫) দুগ্ধ কারখানাটি স্থাপনের ফলে উপকারিতা

আলোচনায় উপস্থিত সকলেই জানান যে, মিল্কভিটার দুগ্ধ কারখানাটি স্থাপনের ফলে নিম্নলিখিত উপকারিতা পাওয়া যেতে পারে যা নিম্নরূপ:

- গুণগত মান সম্পন্ন দুগ্ধ ও দুগ্ধ পণ্য উৎপাদন বৃদ্ধি;
- স্থানীয় জনগণ অর্থনৈতিকভাবে লাভবান হবে;
- প্রকল্প এলাকায় কৃষকদের জন্য নতুন বাজার সৃষ্টি হবে;
- স্থানীয়ভাবে নতুন ক্ষুদ্র উদ্যোক্তার সৃষ্টি হবে;
- কর্মসংস্থান সৃষ্টি তথা এলাকায় বেকারত্বের সংখ্যা হ্রাস পাবে;
- এলাকায় স্থানীয়ভাবে দুগ্ধ খামারের সংখ্যা বৃদ্ধি পাবে।

(৬) কারখানা স্থাপনের মাধ্যমে দুধের ন্যায্য মূল্য প্রাপ্তি

কারখানা স্থাপিত হলে প্রকল্প এলাকায় উৎপাদিত দুধের ন্যায্য মূল্য প্রাপ্তি সম্পর্কিত বিষয়ে জানতে চাওয়া হলে এফজিডিতে অংশগ্রহণকারীরা জানান যে, মিল্কভিটা কর্তৃপক্ষ যদি দুধের ফ্যাট পরীক্ষার মাধ্যমে দুধের দাম নির্ধারণ করে তাহলে তারা তাদের উৎপাদিত দুধের ন্যায্য দাম পাবে না। আলোচনায় অংশগ্রহণকারীরা জানান, বর্তমানে স্থানীয় বাজারে মিল্কভিটার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে দুধ বিক্রয় হচ্ছে বলে মিল্কভিটার নিকট দুধ বিক্রয় করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য, মিল্কভিটায় দাম ৩৫-৫৫ টাকা/লিটার (ফ্যাট পারসেন্ট ভেদে) সেখানে স্থানীয় বাজারে ৬০-৭০ টাকা/লিটার দরে দুধ বিক্রয় করা সম্ভব হচ্ছে। এফজিডিতে অংশগ্রহণকারীরা জানান, মিল্ক ভিটা প্রকল্পের মাধ্যমে কারখানাটি স্থাপিত হলে দেশে দুধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে দুধের ন্যায্য মূল্য প্রাপ্তিতে অবদান রাখতে সক্ষম হবে।

(৭) দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহার

এফজিডিতে অংশগ্রহণকারীরা সকলেই জানান যে, প্রচার প্রচারণার মাধ্যমে দুগ্ধজাত পণ্যের পুষ্টিগুণ সম্পর্কে জনগণকে সচেতন করা হলে দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহার বাড়ানো সম্ভব হবে। পাশাপাশি দুগ্ধজাত পণ্যের সহজলভ্যতা ও দাম সকলের ক্রয় ক্ষমতার মধ্যে রাখা সম্ভব হবে বলে অভিমত প্রকাশ করেন।

(৮) দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন

আলোচনায় উপস্থিত সকলেই অভিমত প্রকাশ করেন যে, দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে প্রত্যাশিত পুষ্টি মানের উন্নয়ন হবে। কারণ দুধ একটি আদর্শ খাবার। এতে সকল ধরনের পুষ্টিগুণ রয়েছে। প্রকল্পের মাধ্যমে দুগ্ধ কারখানা স্থাপিত হলে সঠিক পদ্ধতিতে গুণগত ও মানসম্পন্ন দুগ্ধজাত বিভিন্ন প্রোডাক্ট তৈরি করা সম্ভব হবে। ফলে প্রকল্প এলাকা তথা দেশের জনগণের পুষ্টিমানের উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবে।

(৯) প্রকল্প এলাকার স্থানীয়ভাবে জনগণের কর্মসংস্থান

দলীয় আলোচনায় উপস্থিত শতভাগই মতামত প্রকাশ করছেন যে, মিল্কভিটা কর্তৃক বাস্তবায়নাধীন এ প্রকল্পের মাধ্যমে স্থানীয়ভাবে বিকল্প কর্মসংস্থান বৃদ্ধি পাবে। বাস্তবায়নাধীন এ প্রকল্পের কার্যাদির মাধ্যমে কৃষকদের দুগ্ধ উৎপাদনের প্রযুক্তিগত ও অর্থনৈতিক সহায়তা পাবে এবং প্রকল্পের অংশীদার হিসাবে কৃষকদের উন্নত পদ্ধতিতে দুগ্ধ উৎপাদনে সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করা হলে কৃষকদের আয়ের উৎস হিসাবে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির প্রেরণা যোগাবে বলে অভিমত প্রকাশ করেন। ফলে খামারিদের পেশাদারিত্ব আরো বৃদ্ধি পাবে। এছাড়াও, এই প্রকল্পের বিভিন্ন কর্মকান্ডে স্থানীয় জনসাধারণ অধিক হারে নিয়োজিত হতে পারবেন। এই প্রকল্পের বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্পদ এবং পরিষেবা স্থানীয় লোকের কর্মসংস্থানের অবকাঠামো তৈরি করে তুলতে সাহায্য করতে পারে। এই প্রকল্পের মাধ্যমে নতুন প্রজন্মের প্রয়োজনীয় দক্ষতা অর্জনের সুযোগ প্রদান করবে। ফলে স্থানীয় বেকারত্বের হ্রাসে অবদান রাখবে। মিল্কভিটার প্রকল্প মাধ্যমে এলাকার প্রাতিষ্ঠানিক পরিবেশে একটি নতুন দিক ওয়ার্ক ফোর্সের উন্নতি এবং প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধির জন্য সহায়ক হবে। সামগ্রিকভাবে বলা যায়, মিল্ক ভিটার প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পে এলাকার মানুষের কর্মসংস্থানে একটি আর্থিক এবং সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

(১০) প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আয় বৃদ্ধি

সভায় অধিকাংশ আলোচক মতামত ব্যক্ত করেছেন, প্রকল্পের মাধ্যমে দুগ্ধজাত গাভী পালনের জন্য মাত্র ৫% সুদে ঋণ সহায়তা পেয়েছেন। প্রকল্প থেকে এ ঋণ নিয়ে তারা সমিতিভুক্ত উপকারভোগী অধিকাংশ দুগ্ধবতী গাভী ও বকনা বাছুর ক্রয় করেছেন। ফলে এখন তাদের সকলের পারিবারিকভাবে দুগ্ধ উৎপাদন পূর্বের চেয়ে বৃদ্ধি পেয়েছে এবং উৎপাদিত দুগ্ধ মিল্কভিটাসহ বাজার ও অন্যান্য জায়গায় বিক্রি করে বাড়তি আয় করা সম্ভব হচ্ছে এবং তারা আর্থিকভাবে স্বাবলম্বী হচ্ছেন।

(১১) প্রকল্প থেকে ঋণ গ্রহণ এবং ঋণ পরিশোধ

আলোচনায় সকলেই জানান যে, প্রকল্প হতে সবাই ঋণ গ্রহণ করেছেন। প্রকল্প থেকে প্রতিজন ২.৪০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। তন্মধ্যে, ২.০০ লক্ষ টাকা দিয়ে গাভী বা ২টি বকনা বাছুর ক্রয় এবং গোখাদ্যের জন্য ৪০ হাজার টাকা ঋণ প্রদান করা হয়েছে। প্রকল্প থেকে গৃহীত ঋণ মাসিক ৩ হাজার ৫০০ টাকা কিস্তিতে ৭২ মাসে পরিশোধযোগ্য হবে। আলোচনায় জানান- সমিতির উপকারভোগী সদস্য তাদের উৎপাদিত দুধ বিক্রয় থেকে প্রকল্পের ঋণ পরিশোধ করার শর্ত থাকলেও প্রকল্পের জনবলের অভাব এবং মিল্কভিটা থেকে অনেক ক্ষেত্রে দুধ সংগ্রহের ব্যবস্থা না থাকায় প্রকল্পের ঋণ পরিশোধ করা সম্ভব হচ্ছেনা। অনেকের ঋণ পরিশোধ করার পর প্রকল্প

থেকে পুনরায় ঋণ দেয়া হচ্ছেনা বলে অনেকেই তাদের ঋণ পরিশোধে আগ্রহ হারাচ্ছেন বলে দলীয় আলোচনায় অভিমত প্রকাশ করা হয়।

(১২) প্রকল্প থেকে প্রশিক্ষণ গ্রহণ

সভায় অধিকাংশ আলোচক অভিমত ব্যক্ত করেছেন, ঋণ গ্রহণকারী ২০১৯ সালে যখন ঋণ গ্রহণ করেন তখন মিল্কভিটা অফিস হতে মিল্কভিটা কর্মকর্তাগণ তাদেরকে মাত্র ২.০ ঘণ্টা গাভী পালন সম্পর্কে আলোচনা করেন। এছাড়া প্রকল্প হতে আলাদাভাবে কোন প্রশিক্ষণ দেওয়া হয়নি বলে জানান। আলোচনায় জানানো হয়, গবাদিপশুর উন্নত জাত নির্বাচন, উন্নত জাতের বিকাশ, গবাদিপশুর জন্য প্রয়োজনীয় প্রাথমিক চিকিৎসা ও পুষ্টি সম্পর্কে সচেতনতা প্রদানের জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই।

(১৩) প্রকল্প সম্পর্কে সার্বিক মতামত

দলীয় আলোচনায় উপস্থিত সকলের অভিমত বা প্রত্যাশা নিম্নরূপ:

- দুধের দাম কমপক্ষে লিটার প্রতি ৬০.০০ টাকা নির্ধারণ, উপকারভোগী সদস্যদের চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান;
- উপকারভোগী সদস্যদের বিনা মূল্যে ঘাসের বীজ সরবরাহ, বিনামূল্যে ডাক্তার সেবা, ভ্যাকসিন ও ঔষধ প্রদান;
- ঋণ পরিশোধকারীদেরকে চাহিদা ভিত্তিক ঋণের সুযোগ সৃষ্টি;
- উপকারভোগী সদস্যদের গাভী মারা গেলে ক্ষতিপূরণ দেয়া এবং
- অধিক সংখ্যক সুফলভোগিকে প্রকল্পের আওতায় এনে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত করা।

পরিশেষে তাদের ধারণা ও মতামত চাওয়া হয়। FGD-তে উপস্থিত অধিকাংশ সদস্যই প্রকল্প থেকে উপকৃত হয়েছেন এবং ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের প্রয়োজন আছে বলে মতামত দেন।

৩.১৭ মুখ্য তথ্যদাতাদের সাথে সাক্ষাৎকারের ফলাফল

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনার জন্য মুখ্য তথ্যদাতাদের সাক্ষাৎকার (Key Informant Interview) যথাক্রমে প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর প্রতিনিধি, স্থানীয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি. মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান, ইউপি সদস্য, নারী প্রতিনিধিসহ পূর্ব নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী কর্মকর্তাদের সাক্ষাৎকার নেয়া হয়েছে।

(১) দুগ্ধ উৎপাদনকারী সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তার মাধ্যমে দুগ্ধ উৎপাদন যেভাবে বৃদ্ধি হবে

দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তার মাধ্যমে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:

- প্রশিক্ষণ এবং প্রযুক্তির সরবরাহ: দুগ্ধ উৎপাদনের জন্য সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে প্রযুক্তি ও প্রশিক্ষণের সরবরাহ করা যেতে পারে, যাতে তারা উন্নত পদ্ধতিতে দুগ্ধ উৎপাদন করতে পারেন।
- উন্নত সেবা ও সরঞ্জাম সরবরাহ: সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তারা সর্বোত্তম উপায়ে প্রযুক্তিগত উপায়ে দুগ্ধ উৎপাদন করার জন্য স্থানীয়দেরকে প্রয়োজনীয় সেবা ও সরঞ্জাম সরবরাহ করা যেতে পারে।
- বাজারে বিপণন এবং বিপণনের পরিবেশ বিস্তার: সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তার জন্য বাজারে বিপণনের সুযোগ বাড়ানো এবং বাজারের পরিবেশ বিস্তারে সাহায্য করা যেতে পারে।
- ঋণ এবং অন্যান্য অর্থায়নের উন্নতি: সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রয়োজন মূল্য নির্ধারণ করতে ঋণ এবং অন্যান্য অর্থায়নের উন্নতি করা যেতে পারে।
- স্থানীয় জনগণের অংশগ্রহণ: স্থানীয় জনগণের সাথে মতবিনিময়ে এবং যোগাযোগের মাধ্যমে সম্পর্ক উন্নত করা দুগ্ধ উৎপাদনের উন্নতির জন্য গুরুত্বপূর্ণ।
- বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ: প্রকল্পের বাস্তবায়ন ও পর্যবেক্ষণের মাধ্যমে দুগ্ধ উৎপাদনের ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তন এবং উন্নতি করা যেতে পারে।

সঠিকভাবে সুফলভোগি নির্বাচন, নিয়মিত প্রশিক্ষণ, উন্নত জাতের গাভী পালন, যুগোপযোগী খামার ব্যবস্থাপনা প্রণয়ন, সহজে বাজারজাত করার সুযোগ এবং সঠিক ও ন্যায্যমূল্য প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা যাবে।

(২) দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমুখী ব্যবহার

দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ খাদ্য সম্পদ। এই পণ্যগুলি মানব পুষ্টির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রাথমিক খাবারের একটি অতি প্রধান উৎস। দুগ্ধ পুষ্টিকর, প্রোটিন ও ভিটামিন পূর্ণ এবং যাতে প্রায় সব পুষ্টিকর উপাদান থাকে। এছাড়াও, ক্যালসিয়াম, আয়রন, ফলিক এসিড ইত্যাদি সম্পূর্ণ পুষ্টির উৎস হিসেবে কাজ করে।



ডাঃ মোঃ মাহফুজুল হক, উপ-সচিব ও মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও নিরীক্ষা), মিল্কভিটা



মোঃ শরীফুল ইসলাম তালুকদার, প্রকল্প পরিচালক ও উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ ও পরিবহন), মিল্কভিটা

৩. কিভাবে দৈনিক দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের ভোগের মাত্রা বৃদ্ধি করা যায়

দৈনিক দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের ভোগের মাত্রা বৃদ্ধি করার জন্য কিছু প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:

- উন্নত পশুপালন পদ্ধতি: গাভীপালনে সঠিক পরিচর্যা, পুষ্টি ব্যবস্থাপনা এবং উন্নত পদ্ধতিতে গাভী পালন করা হলে দুগ্ধ উৎপাদন বৃদ্ধি পাবে।
- কৃষি সেবা এবং প্রশিক্ষণ: কৃষি সেবা এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কৃষকদের উন্নত জাতের গাভী পালন ও দুগ্ধ উৎপাদন নিয়ে আগ্রহ ও জ্ঞান বৃদ্ধি করা যেতে পারে।
- পুষ্টিকর খাবার: গাভীর জন্য পুষ্টিকর খাবার প্রদান করা গুরুত্বপূর্ণ। খাবার গাভীদের স্বাস্থ্য ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করে।
- পর্যাপ্ত পানি সরবরাহ: গাভীর জন্য পর্যাপ্ত পানি সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন। পর্যাপ্ত পানি গাভীর স্বাস্থ্য ও দুগ্ধ উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- কৃষি প্রযুক্তি এবং বিজ্ঞান: উন্নত কৃষি প্রযুক্তি এবং বিজ্ঞানের প্রয়োগ দ্বারা উন্নত গাভীপালন, গাভীর রোগ নিয়ন্ত্রণ, উন্নত খাবার ও পরিচর্যার ব্যবস্থা সম্প্রসারিত করা যেতে পারে।
- পণ্য বিপণন এবং বাজার উন্নতি: দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের উন্নত বিপণন এবং বাজার উন্নতি বৃদ্ধি পাওয়ার জন্য কৃষকদের অনুমোদন করা যেতে পারে।
- প্রযুক্তিগত উন্নতি: কৃষকদের উন্নত জাতের গাভীপালন এবং দুগ্ধ উৎপাদনের জন্য প্রযুক্তিগত সহায়তা প্রদান করা যেতে পারে।

উল্লিখিত উপায়গুলির মাধ্যমে দৈনিক দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের ভোগের মাত্রা বৃদ্ধি করা যেতে পারে।

৪. দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন

দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে নিম্নলিখিত উপায়ে পুষ্টি মানের উন্নয়ন করা যেতে পারে:

- বিভিন্ন পুষ্টি উপাদান যুক্ত পণ্য ব্যবহার করা: বিভিন্ন প্রকারের পুষ্টি উপাদান যুক্ত দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন করা সম্ভব এবং এ সকল দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন করা সম্ভব;
- সম্মিলিত খাবারের মেয়াদ ঠিক রাখা: সম্মিলিত উৎপাদিত খাবারের মেয়াদ সঠিক রাখা সম্ভবে হলে এ সকল খাবারের সম্পূর্ণ পুষ্টি উপাদান প্রাপ্তি সম্ভব হবে;
- খাবারের পরিমাণ সঠিক রাখা: সঠিক মাত্রায় বা পরিমাণের দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্য গ্রহণের মাধ্যমে প্রয়োজনীয় পুষ্টি উপাদান পাওয়া সম্ভব, যেমন-
  - ✓ শিশু ও গর্ভবতী মহিলাদের প্রতিদিন ৫০০ মি.লি দুগ্ধ বা সমপরিমাণ দুগ্ধজাত পণ্য খাওয়াতে হবে;
  - ✓ প্রাপ্ত বয়স্কদের প্রতিদিন ২৫০ মি.লি দুগ্ধ বা সমপরিমাণ দুগ্ধজাত পণ্য খাওয়াতে হবে;

- খাবারের পরিমাণ সম্পর্কে জনগণের সচেতনতা বাড়ানো: দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের ব্যবহার সম্পর্কে জনগণের সচেতনতা বাড়ানো জরুরি, যেন সকলেই এই স্বাস্থ্যকর খাবার মূল্যায়ন তালিকায় যুক্ত করতে পারেন। এই উপায়গুলি অনুসরণ করলে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন করা সম্ভব হবে।



উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চরভদ্রাশন, ফরিদপুর



উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বোয়ালমারী ফরিদপুর

৫. এলাকায় দুধের প্রাপ্যতা আছে কিনা অর্থাৎ নির্মাণাধীন বিভিন্ন প্ল্যান্টের চাহিদা

হ্যাঁ, দুধের প্রাপ্যতা আছে এবং বিলিং ও প্রসেসিং এবং ম্যানুফেকচারিং প্লান্টের চাহিদা রয়েছে। প্রয়োজনীয় পরিমাণের দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্য পরিমাণের উপর মেয়াদ রাখা উচিত যাতে এগুলির সঠিক প্রয়োজনীয় পুষ্টি উপাদান বজায় থাকে।

৬. দুগ্ধ শিল্পে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে শিল্পায়নে অনুপ্রাণীত সংক্রান্ত:

দুগ্ধ শিল্পে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে শিল্পায়নে অনুপ্রাণিত হতে পারে এই বিষয়ে কিছু বিস্তারিত বিবরণ নিচে দেয়া হলো:

১. ব্যক্তিগত প্রশিক্ষণ এবং উদ্যোগশীলতা উন্নতি:
প্রান্তিক পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে ব্যক্তিগত প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে, যা উদ্যোক্তাদের মধ্যে উদ্যোগশীলতা বৃদ্ধি করতে সাহায্য করে। এই প্রশিক্ষণ উদ্যোক্তাদের প্রান্তিক উৎপাদনে উদ্যোগশীলতা বৃদ্ধির মাধ্যমে শিল্পায়নের জন্য উৎসাহিত করতে পারে।

২. উদ্যোক্তা মেলা এবং উদ্যোক্তা সংস্থা:
প্রান্তিক পর্যায়ে শিল্পায়নে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে উদ্যোক্তা মেলা এবং উদ্যোক্তা সংস্থা অনুষ্ঠিত হতে পারে, যেখানে উদ্যোক্তারা তাদের ব্যবসায়িক উদ্যোগের জন্য উৎসাহিত হতে পারে। এই মেলা ও সংস্থা প্রতিষ্ঠানগুলির মধ্যে যোগাযোগ সৃষ্টিতে সাহায্য করতে পারে, যা শিল্পায়নে উদ্যোগশীলতা উৎত্তির জন্য উৎসাহিত করতে পারে।

৩. প্রযুক্তির অনুপ্রযুক্তি: প্রান্তিক পর্যায়ে প্রযুক্তির অনুপ্রযুক্তির ব্যবহার উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে শিল্পায়নে উদ্যোগশীলতা প্রবণতা বৃদ্ধি করতে পারে। এই প্রযুক্তির অনুপ্রযুক্তি উদ্যোক্তারা প্রান্তিক পরিবেশে শিল্পায়ন এবং উদ্যোগশীলতা বৃদ্ধি করতে সাহায্য করতে পারে।

৪. ক্ষুদ্র ঋণ এবং অন্যান্য সহায়তা:
প্রান্তিক পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে উদ্যোক্তাদের ক্ষুদ্র ঋণ এবং অন্যান্য সহায়তা প্রদান করা যেতে পারে, যা উদ্যোক্তাদের ব্যবসার প্রসারণ করতে সাহায্য করতে পারে। এই সহায়তা প্রদানের মাধ্যমে উদ্যোক্তারা প্রান্তিক পরিবেশে শিল্পায়নে উদ্যোগশীলতা উৎপন্ন করতে সাহায্য করতে পারেন।

উপর্যুক্ত উপায়গুলি বিবেচনা করে, যোগাযোগের ব্যবস্থা উন্নয়ন, খামারি পর্যায়ে লজিস্টিক সাপোর্ট, খামারিদের নিয়মিত প্রশিক্ষণ, ন্যায্য মূল্যে দুধ সংগ্রহ এবং খামারিদের আরও বেশি ঋণ প্রদানের মাধ্যমে দুগ্ধ শিল্পে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে শিল্পায়নে অনুপ্রাণিত হতে পারে।

৭. Flush Season (নভেম্বর থেকে মার্চ)-এ ঘি, মাখন এবং কাঁচা তরল দুধ প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে কি করে বাজারের চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য সৃষ্টি:

নভেম্বর থেকে মার্চ মাসের এই Flush Season প্রধানত দুধের উৎপাদনে একটি উত্তম মানের উপর ভিত্তি করে। এই সময়ে দুধের পরিমাণ বৃদ্ধি পায় যা অধিক প্রক্রিয়াজাতকরণে উপযোগী হয়। ঘি, মাখন এবং কাঁচা তরল দুধ এই মৌসুমে বাজারে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়। নিম্নলিখিত পদক্ষেপের মাধ্যমে বাজারের চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য সৃষ্টি করা সম্ভব:

১. **উন্নত পণ্য প্রক্রিয়াজাতকরণ:** ঘি, মাখন এবং কাঁচা তরল দুধ উন্নত প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে উৎপাদিত হয়ে থাকে, যা এদের মান ও আকর্ষণীয়তা বাড়ায়। এই মাধ্যমে বাজারে অধিক আগ্রহ ও চাহিদা তৈরি হয়।

২. **মার্কেটিং এবং প্রচার:** Flush Season এ এই পণ্যগুলির উত্তোলন এবং বিপণন উন্নত প্রচার এবং বিপণন করা যায়, যা আগ্রহ ও চাহিদা বাড়ায়। উপভোগযোগ্য প্যাকেজিং, উপার্জন সুবিধা, সরবরাহ নম্বর, ইত্যাদির মাধ্যমে চাহিদা বাড়ানো যায়।

৩. **গুণমানের অনুমোদন:** প্রযুক্তিগত প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে উৎপাদিত দুধ ও তার পণ্যগুলির মান এবং গুণগত মান সংরক্ষণ করা যায়, যা চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করে।

৪. **উন্নত সরবরাহের পদ্ধতি:** উন্নত পরিস্থিতি, প্রতিস্থানীয় উৎপাদন এবং সরবরাহের পদ্ধতি ব্যবহার করা যেতে পারে, যা চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করে। প্রচার প্রচারণা, পণ্যের মান নিয়ন্ত্রণ, জনসতেনতা বৃদ্ধির মাধ্যমে, Flush Season এ ঘি, মাখন এবং কাঁচা তরল দুধ প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে পণ্যের চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য সৃষ্টি করা সম্ভব।

৮. গুঁড়ো দুগ্ধের আমদানী কমিয়ে মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয়

গুঁড়ো দুগ্ধের আমদানি হ্রাস করতে হলে দেশে গুঁড়ো দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন। মিল্ক ভিটার প্রকল্পের মাধ্যমে গুঁড়ো দুগ্ধের উৎপাদন বাড়ানো হলে, আমদানি কমে যাবে ফলে মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় করতে সাহায্য করবে। এছাড়াও, মিল্ক ভিটার প্রকল্পের প্রাতিষ্ঠানিক উদ্যোগের সাথে সম্পর্কিত সরকারি নীতি ও প্রদর্শনীগুলির সাথে সামঞ্জস্যতা প্রয়োজন হতে পারে। সরকার কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় সমর্থন এবং নীতি প্রদানের মাধ্যমে মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হতে পারে।



মিল্কভিটা কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী



মিল্কভিটা কর্মকর্তা, ফরিদপুর সদর

৯.দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য একটি দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপনের উপকারসমূহ

দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপনের মাধ্যমে নিম্নলিখিত উপকার হতে পারে:

- উৎপাদন বৃদ্ধি:

  দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপনের মাধ্যমে দুগ্ধের উৎপাদন বৃদ্ধি পেতে পারে। কারখানা সম্পূর্ণভাবে প্রস্তুত এবং প্রযুক্তিগতভাবে উন্নত হলে, উৎপাদনের পরিমাণ ও গুণগত মান বাড়ানো যাবে।

- খামারি/কৃষকের উন্নতি:

  দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপনের মাধ্যমে খামারি/কৃষকদের অর্থনৈতিক অবস্থা উন্নত হতে পারে। পরিচালনা করার জন্য যেমন পরিচিতি ও প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি হবে, তেমনি উচ্চ মূল্যে দুগ্ধ বিক্রির সুযোগ বাড়বে।

- কর্মসংস্থান সৃষ্টি:

দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপন হলে, কারখানা পরিচালনায় কর্মচারী, শ্রমিক, পরিচালক এবং অন্যান্য পেশাদারদের প্রয়োজন পড়বে, যা স্থানীয় এলাকায় অতিরিক্ত আয়ের উৎস হবে।

- পণ্য উন্নতি এবং উৎপাদন বৃদ্ধি:
  একটি দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপনের মাধ্যমে নতুন পরিকল্পনা এবং প্রযুক্তি প্রয়োগের সুযোগ সৃষ্টি হবে। এটি উৎপাদন পণ্যের মান বাড়ানোর মাধ্যমে নতুন এবং উন্নত পণ্য উৎপাদনের সুযোগ সৃষ্টির জন্য সহায়তা হবে।

৩.১৮ স্থানীয় পর্যায়ের কর্মশালা অনুষ্ঠান

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ১৮ ফেব্রুয়ারি ২০২৪ সকাল ১০.০ ঘটিকা স্থানীয় পর্যায়ে একটি কর্মশালা বিএসিডি'র হিমাগার, কনফারেন্স কক্ষ, ডোমরাকান্দি, ফরিদপুর অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব প্রীতম কুমার দাস, উপ-প্রকল্প পরিচালক, "বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা), ঢাকা। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব রাব্বী মিয়া, মহাপরিচালক (যুগ্মসচিব), পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ কামাল হোসেন তালুকদার, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। জনাব সুজন চন্দ্র ভৌমিক, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। সভার সঞ্চালক জনাব ড. মোঃ মনারুল ইসলাম (টিম লীডার), জনাব মোস্তাক আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, এএসডি কনসালটেন্সি সার্ভিস, ঢাকাসহ মিল্ক ভিটার ফরিদপুর জোনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ, সুফলভোগি এবং স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় প্রতিনিধিগণ কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

অত:পর ড. মোঃ মনারুল ইসলাম (টিম লিডার) এর সঞ্চালনায় উন্মুক্ত আলোচনা শুরু হয়। উক্ত আলোচনায় প্রকল্পের উপকারভোগীরা কীভাবে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জানতে পেরেছেন এ বিষয়ে জানান- বর্ণিত প্রকল্পের কার্যক্রম সম্পর্কে এলাকার স্থানীয় নেতা, ইউপি সদস্য (মেম্বার), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ মিল্কভিটার কর্মকর্তাদের নিকট থেকে জানতে পেরেছেন বলে উপস্থিত সকলে অভিমত প্রকাশ করেন। গাভী ক্রয়ের জন্য ঋণ সুবিধা, ঋণ পরিশোধের শর্তসমূহ, তিনশত টাকার স্ট্যাম্পে চুক্তিকরণ, ব্লাংক চেক (টাকার অঙ্ক এবং তারিখ ব্যতীত) প্রকল্পের অনুকূলে জমাকরণ, মিল্কভিটার নিকট দুগ্ধ বিক্রয়, দুধের দাম নির্ধারণ, অসুস্থ গাভীর চিকিৎসা, ঘাসের বীজ সরবরাহ, ভ্যাকসিন প্রাপ্যতা ইত্যাদি বিষয়ে আলোচনায় অংশগ্রহণকারীদের নিকট থেকে মিশ্র প্রতিক্রিয়া পাওয়া যায়। কর্মশালায় জানান, ৬ বছর বা ৭২ মাস মেয়াদে সমিতির প্রায় সকলেই প্রকল্প থেকে ঋণ সুবিধা (দুই লক্ষ চল্লিশ হাজার টাকা) পেয়েছেন এবং সকলেই তা দিয়ে গাভী বা বকনা বাছুর ক্রয় করেছেন। ইতোমধ্যেই অনেক ঋণ গ্রহীতা তাদের ঋণের কিস্তি পরিশোধ করেছেন বা করছেন। তবে বেশিরভাগ সদস্যের নিকট থেকে জানা যায়, তারা নিয়মিতভাবে ঋণের কিস্তি পরিশোধ করছেন না। কর্মশালায় ঋণ প্রাপ্তিতে দুর্ভোগের বা হয়রানির বক্তব্য পাওয়া গেছে। অনেক উপকারভোগীর ঋণের টাকায় ক্রয়কৃত গাভী মারা গেছে, অনেকেই গাভী বিক্রয় করে দিয়েছেন, আবার অনেকে গাভীর ঘর বানানোর পর প্রকল্প থেকে ঋণ পাননি বলে জানিয়েছেন। কোভিড-১৯ এর কারণে অনেকেই ঋণ পরিশোধের সক্ষমতা হারিয়েছেন।




চিত্রঃ স্থানীয় পর্যায়ে কর্মশালা, বিএসিডি'র হিমাগার, কনফারেন্স কক্ষ, ডোমরাকান্দি, ফরিদপুর

কর্মশালায় উপস্থিত অনেক উপকারভোগী জানান- প্রকল্পে থেকে ঋণ পেয়ে তারা লাভবান হয়েছেন। বর্তমানে তাদের গাভী বা গরুর সংখ্যা বৃদ্ধি পেয়েছে, পরিবার পরিজন নিয়ে তারা বর্তমানে ভাল আছেন। কর্মশালায় অনেকে জানান- তাদের এলাকায় বর্তমানে যারা ঋণ পায়নি তাদেরকেও যেন প্রকল্পের মাধ্যমে ঋণের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কর্মশালায় সমিতি গঠন, সমিতির সভাপতি/সম্পাদক/ম্যানেজার নির্বাচনে স্বেচ্ছাচারিতা, অনিয়ম ও স্বজনপ্রীতির অভিযোগ করেছেন। ঋণের টাকা কীভাবে পরিশোধ করছেন এ বিষয়ে অধিকাংশ অংশগ্রহণকারী জানান, মিল্কভিটার নিকট দুধ বিক্রয় করে ঋণের টাকা পরিশোধের জন্য চুক্তিবদ্ধ থাকলেও মিল্ক ভিটার কর্তৃক নির্ধারিত দুধের দাম স্থানীয় বাজার থেকে অনেক কম হওয়ায় উপকারভোগী মিল্কভিটার নিকট দুধ বিক্রয় করেন না। কারণ হিসাবে জানা যায়, তারা স্থানীয় বাজারে দুধ বিক্রি করলে ৬০-৭০ টাকা দরে বিক্রি করতে পারেন অন্যদিকে মিল্কভিটায় দুধ দিলে তারা ৩৫-৪৫ টাকা দাম পায়। এছাড়া ফরিদপুর সদরে মিল্কভিটার দুধ সংগ্রহের কোন কার্যক্রম না থাকায় দুধ সংগ্রহ করা যায় না। কর্মশালায় অধিকাংশ উপকারভোগী জানিয়েছেন, প্রকল্প থেকে ঋণের টাকার পরিমাণ বাড়াতে হবে। বর্তমানে উন্নত জাতের একটি গাভীর জন্য এক লক্ষ টাকার পরিবর্তে ২.০০ লক্ষ টাকা নির্ধারণ করা প্রয়োজন। কারণ হিসেবে উল্লেখ করেছেন- বর্তমানে একটি দুধের গাভী ২.০০ লক্ষ টাকার কমে ক্রয় করা সম্ভব হয় না। কর্মশালায় উপস্থিত অনেকেই জানিয়েছেন, তাদের সমিতির কয়েকজন সদস্য মারা গেছেন, এ সকল পরিবারে উপার্জন করার মত কেউ নেই, আবার অনেক উপকারভোগী সদস্যদের গাভী মারা গেছেন ফলে তারা কিস্তি পরিশোধ করতে পারছেন না। অনেকে কর্মশালায় জানান, তাদের গাভী অসুস্থ হলে মিল্কভিটা থেকে ডাক্তার আসে না বা পাওয়া যায় না। এ বিষয়ে কর্তৃপক্ষের সহযোগিতা প্রত্যাশা করেছেন।

পরিশেষে, সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। প্রথমেই তিনি প্রকল্পের উদ্দেশ্য এবং বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত তথ্য এবং প্রকল্প কার্যক্রমের কিছু সীমাবদ্ধতার বিষয় সভায় উপস্থাপন করে জানান আগামীতে এ কর্মশালা থেকে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নে প্রকল্প এবং মিল্কভিটা থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উদ্যোগ নেয়া হবে। কর্মশালায় তিনি অরো জানান, দুধ সংগ্রহ এবং প্রশিক্ষণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রকল্পের কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন না হওয়া সম্পর্কে কর্মশালায় উপ- প্রকল্প পরিচালক এবং উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণ জানান, প্রকল্পের লোকেশন স্থানান্তর তথা কারখানা ফরিদপুর সদর হতে রাজৈর (টেকেরহাটে স্থানান্তর), প্রকল্প কতিপয় লোকেশন নতুন অন্তর্ভুক্ত করা এবং বাদ দেয়া কারণে প্রকল্পের কাজ বিলম্ব হয়েছে। এছাড়া প্রকল্পের প্রকল্প পরিচালক বার বার বদলি হল মূল ধীরগতি বা প্রকল্প কার্যক্রম মাঠ পর্যায়ে সঠিক সময়ে বাস্তবায়িত না হওয়ার কারণ। প্রকল্পের এই দুর্বল অবস্থা হতে উত্তোরণের উপায় সম্পর্কে কর্মশালায় জানা যায়, টেকনিক্যাল ও ক্রয় সম্পর্কিত অভিজ্ঞতা সম্পন্ন একজন দক্ষ ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক দ্রুততার সাথে নিয়োগ দিতে হবে। অত:পর কর্মশালায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

উন্মুক্ত আলোচনার সারসংক্ষেপ

(১) প্রকল্পের সুবিধা সম্পর্কিত আলোচনায় উপকারভোগী সদস্যদের অভিমত:

- দুধের দাম বাড়িয়ে ৫০-৬০ টাকা নির্ধারণ করা;
- প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- বিনামূল্যে ঘাসের বীজ বিতরণ, গাভীর জন্য বিনামূল্যে ভ্যাকসিন ও ঔষধ এবং ডাক্তারের সেবা নিশ্চিতকরণ;
- ঋণ পরিশোধকারী উপকারভোগী সদস্যকে অধিক পরিমাণ অর্থাৎ ৩.০ থেকে ৬.০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধার ব্যবস্থা করা;
- গাভী মারা গেলে প্রকল্প থেকে ক্ষতিপূরণ প্রদান করা;
- উপকারভোগী সদস্য মারা গেলে তার ঋণ মৌকুফ করা;
- আরও অধিক সংখ্যক খামারিদের প্রল্পের কার্যক্রমে অন্তর্ভুক্ত করা।

(২) **প্রকল্পের অসুবিধা সম্পর্কিত আলোচনায় উপকারভোগী সদস্যদের অভিমত**

- ঋণ পরিশোধকারী উপকারভোগী সদস্যকে প্রকল্প থেকে পুনরায় ঋণ প্রদানের ব্যবস্থা না করা;
- মিল্কভিটা থেকে নিয়মিতভাবে সকল প্রকল্প এলাকা হতে দুধ সংগ্রহের ব্যবস্থা না থাকা;
- দুধের মূল্য না বাড়ানো এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা না থাকা;
- গবাগিপশুর জন্য পর্যাপ্ত চিকিৎসা সেবা না থাকা;
- প্রকল্প বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে পর্যাপ্ত জনবল না থাকা।

(৩) উন্মুক্ত আলোচনার পরামর্শসমূহ

- দুগ্ধ কারখানা স্থাপনসহ দুগ্ধ ও উন্নত মানের দুগ্ধ পণ্য উৎপাদন, বাজারজাতকরণ ও সম্প্রসারণের বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- গবাদিপশুর জাতের পরিচিতি এবং উন্নত জাতের বিকাশ সম্পর্কে সচেতনতা সৃষ্টি, গবাদিপশুর জন্য প্রয়োজনীয় চিকিৎসা, পুষ্টি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- দুধের দাম বাড়িয়ে ৫০-৬০ টাকা নির্ধারণ করা;
- বিনামূল্যে ঘাসের বীজ সরবরাহ করা;
- গাভীর জন্য বিনামূল্যে ভ্যাকসিন ও ঔষধের ব্যবস্থা করা;
- প্রতিটি গাভী ক্রয়ের জন্য কমপক্ষে ২.০০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান;
- গাভী মারা গেলে ক্ষতিপূরণ এবং সমিতির সদস্য মারা গেলে ঋণ মৌকুফ করা;
- গাভী পালনের জন্য যারা ঋন নিতে ইচ্ছুক তাদেরকে ঋণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা;
- একটি ঋণ পরিচালন নীতিমালার মাধ্যমে প্রকল্পের ঋণ বিতরণ এবং আদায় করা;

৩.১৯ প্রকল্পের বিদ্যমান সমস্যা উত্তরণের জন্য করণীয়

আলোচ্য প্রকল্পটি জানুয়ারি, ২০১৮ থেকে ৩০ জুন, ২০২৫ মেয়াদকালে ২টি বিভাগের ১১টি জেলা ২০টি উপজেলায় বাস্তবায়নাধীন। প্রকল্পের প্রায় ৬ বছরের অধিককাল সময়ে মোট আর্থিক অগ্রগতি ৭৬৩২.২৬ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ২০.৪৩% এবং বাস্তব অগ্রগতি মাত্র ২৫%। এভাবে প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রকল্পের মূল উদ্দেশ্য দারিদ্র্য বিমোচন, আয় বর্ধন সংক্রান্ত কার্যক্রম সম্প্রসারণ এবং স্বাস্থ্যসম্মত টাটকা পাস্তুরিত তরল দুগ্ধ সরবরাহের মাধ্যমে পুষ্টিমান উন্নয়ন এবং তরল দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণ সম্ভব হবে না। এ ধরনের একটি অতি ধীরগতি সম্পন্ন প্রকল্প বাস্তবায়নের জন্য দ্রুততার সাথে বাস্তবায়নকারী সংস্থা এবং প্রশাসনিক মন্ত্রণালয়কে নিম্নোক্ত কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন, যা নিম্নে উল্লেখ করা হলো-

- ✓ প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সমাপ্তকরণের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নসহ বাস্তবায়নকারী সংস্থা এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি বিশেষজ্ঞ কারিগরি কমিটির মাধ্যমে প্রকল্পের আবশ্যিক এবং বাস্তবায়নযোগ্য কার্যক্রম রেখে সীমিত পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা;
- ✓ আরডিপিপি'র সংস্থান মূলে এখন পর্যন্ত সকল জনবল নিয়োগ করা সম্ভব হয়নি। প্রকল্পের পর্যাপ্ত জনবল না থাকায় মাঠ পর্যায়ে উপকারভোগী সদস্যদেরকে কাঙ্খিত সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। জরুরিভিত্তিতে প্রকল্পের জনবলের শূন্য পদসমূহ পূরণ করা;
- ✓ প্রকল্পটি কারিগরি প্রকৃতির হওয়ায় প্রকল্প কার্যক্রমে গতিশীলতা আনায়নে বর্তমানে নিয়োজিত প্রকল্প পরিচালককে প্রকল্প সম্পন্ন না হওয়া পর্যন্ত দায়িত্বে বহাল রাখা প্রয়োজন;
- ✓ দ্রুততার সাথে এবং কার্যকরভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের কিছু কিছু কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা মিল্কভিটার সাথে সমন্বয় করা;
- ✓ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয়ে দ্রুততার সাথে একটি যুগোপযোগী ও কার্যকর ঋণ পরিচালন নীতিমালা প্রণয়ন করা। প্রয়োজনে এ বিষয়ে একই প্রশাসনিক মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থা যেমন- বিআরডিবি, পিডিবিএফ, এসএফডিএফ এর মতো ঋণদানকারী প্রতিষ্ঠানের সহযোগিতা গ্রহণ করা;
- ✓ প্রকল্প গ্রহণের পূর্বে বস্তুনিষ্ঠ সম্ভাব্যতা সমীক্ষা না করায় প্রকল্প বাস্তবায়নে সমস্যা সৃষ্টি হচ্ছে। প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিটের (ইউএসটি মিল্ক প্ল্যান্ট, অটোমেটিক আইসক্রিম প্ল্যান্ট, চকোলেট ও ক্যান্ডি প্ল্যান্ট, নাইট্রোজেন প্ল্যান্ট ফার্মকুলার প্ল্যান্টসহ অন্যান্য ইউনিট) যন্ত্রপাতি স্থাপনের কারিগরি সম্ভাব্যতা যাচাই করা এবং প্রয়োজনে এসকল কার্যক্রম বাদ দেয়া যেতে পারে।

৩.২০ কেস স্টাডি (সফলতার কাহিনি):

কেস স্টাডি-১:

সফল খামারি সাবিনা ইয়াসমিন

ফরিদপুর জেলার চরভদ্রাসন উপজেলার গাজিরটেক ইউনিয়নের চরসুলতানপুর গ্রামের মধ্যবিত্ত পরিবারের মেয়ে সাবিনা ইয়াসমিন। এক সন্তান ও স্বামী সহ নিজের বাবার বাড়িতে বসবাস করেন। স্বামীর উপার্জনের টাকায় তার সংসার তেমন ভালো চলতো না। তার স্বামী তাদের মৌলিক চাহিদা পূরণে ব্যর্থ ছিলেন এবং তার নিজের বাড়িতে থাকার কারণে পারা প্রতিবেশীর কাছ থেকে নানা রকমের কটাক্ষ কথা শুনতে হয়। তাই সবসময় মনে মনে চিন্তা করতেন তার পরিবার ও তার স্বামীর জন্য কিছু করা যায় কিনা।

একদিন তার স্বামী মোঃ মুরাদ বেগ এলাকার গণ্যমান্য ব্যক্তিদের নিকট থেকে বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় মিল্কভিটা কর্তৃক ঋণ প্রদান সম্পর্কে জানতে পারে এবং সে বাসায় এসে তার স্ত্রীর সাথে আলোচনা করে। স্বল্প সুদের ঋণের কথা শুনে সাবিনা ইয়াসমিন রাজি হন এবং ২০১৯ সালের শেষের দিকে চরভদ্রাসন প্রাথমিক দুগ্ধ উৎপাদন সমবায় সমিতি লি. যুক্ত হন। এরপর ২০২০ সালে উক্ত প্রকল্পের সমিতি হতে ২০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। সেখান থেকে ১,২০,০০০ টাকা দিয়ে গাভী কিনেন। অবশিষ্ট টাকায় গোয়াল ঘর নির্মাণ করেন এবং গোখাদ্য কিনেন। শুরু হয় তার সংগ্রামী পথ চলা। প্রাথমিক অবস্থায় গাভীটি দৈনিক ১৪-১৫ লিটার দুধ দিত। ঐ সময় চরভদ্রাসনে মিল্কভিটা দুধ সংগ্রহ না করার কারণে তিনি বাজারে দুধ বিক্রি করতেন। দৈনিক ৭০-৮০ টাকা লিটার দুধ বিক্রি করায় তার সংসার ধীরে ধীরে উন্নত হতে লাগল। তার স্বামীর পাশাপাশি নিজে উপার্জন করতে পারায় সে খুব খুশি । তার এই সংগ্রামী জীবনে ঐ বকনা বাছুর বড় হয়ে আরেকটি বাছুর জন্ম দেয় এবং পূর্বের গাভীটিও আরেকটি বাছুর হয়। এতে করে তার দুধ দেয়া দুটি গাভীতে পরিণত হয়। এখন সে প্রতিদিন দুটি গাভী থেকে গড়ে ২৫-২৬ লিটার দুধ বিক্রি করে থাকেন। দুধ বিক্রির টাকা দিয়েই মাসিক কিস্তিতে মিল্কভিটাকে ঋণ পরিশোধ করেন।



বর্তমানে সাবিনার খামারে ৪ গাভী ও বাছুর রয়েছে। বর্তমানে সে দুধ বিক্রি করে মাসিক ১০-১৫ হাজার টাকা আয় করতে পারে এবং তার পরিবারের পুষ্টি চাহিদাও পূরণ হয়। সাবিনা ইয়াসমিনের সাফল্য দেখে গ্রামের অন্যান্য মহিলাদের মাঝে উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি হয়েছে। প্রকল্পের মাধ্যমে সাবিনা ইয়াসমিনের দিন বদল হয়েছে। ফিরেছে তার সুদিন। বর্তমানে সাবিনা ইয়াসমিন ও তার স্বামী স্যানিটেশন, বিশুদ্ধ খাবার পানি প্রভৃতি বিষয়ে সচেতন হওয়ার কারণে পরিবারের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তন হয়েছে।

কেস ষ্টাডি-২

মো: ওবায়দুল মিয়ার খামারি হওয়ার গল্প

গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলার কাশিয়ানী পূর্বপাড়া গ্রামের এক হতদরিদ্র পরিবারের সন্তান জনাব মো: ওবায়দুল মিয়া। সামান্য লেখাপড়া শিখলেও সেটা দিয়ে কোথাও কোনো কাজের ব্যবস্থা করতে পারেননি। সুবিধা বঞ্চিত দিন মজুর হিসেবে নিম্নমানের জীবন-যাপন করতে থাকেন। ৩ ছেলে-মেয়ে নিয়ে জনাব মো: ওবায়দুল এর পরিবার। ৩ ছেলে-মেয়ের পড়ালেখার খরচ বহন করার মত ক্ষমতা তাঁর ছিল না। দিন মজুরের কাজ করে প্রতিদিনের খাবার জোগাড় করা কষ্ট হত। ঠিকমতো ছেলে-মেয়েদের পোষাক-পরিচ্ছদ কিনে দিতে পারতো না। সামাজিক কোনো অনুষ্ঠানে যোগদান করার মত পোষাক ছিল না।



এমন সময় তার এক আত্মীয় একটি গাভী ক্রয় করতে তাকে সহযোগিতা করেন। গাভী থেকে কিছুটা আয় করতে থাকেন ওবায়দুলের পরিবার। এভাবে চলতে থাকে। একদিন সমবায় সমিতির এক কর্মীর সাথে ওবায়দুলের পরিচয় হয়। সমবায় সমিতির কর্মী আব্দুর রহমানের মাধ্যমে মিল্ক ভিটার কর্মকর্তা ও কর্মচারীদের সাথে পরিচয় হয়। মিল্কভিটার কর্মকর্তা ডা: সুচিস্মান তাঁকে গবাদি পশু পালন ও তাদের রোগব্যাধি নিরাময় বিষয়ক একটি প্রশিক্ষণ গ্রহণের সুযোগ করে দেন। অতঃপর: বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্প থেকে জনাব মো: ওবায়দুলকে গাভী কেনার জন্য ২,০০০,০০/- এবং গাভীর খাবারের জন্য ৪০,০০০ টাকা ঋণ প্রদান করে। ঋণ গ্রহণের পর প্রকল্প কর্তৃপক্ষের পরামর্শ অনুযায়ী তিনি ২টি গাভী কিনেন। গাভীর দাম ২,০০০,০০/- টাকা। প্রথম ধাপে তার গাভী বেড়ে হয় ৬টা, যার দাম তখন প্রায় ৬,০০০,০০ টাকা। দ্বিতীয় ধাপে আরো বেড়ে গাভীর সংখ্যা দাঁড়ায় ৯টিতে ; যার বাজার মূল্য ৯,০০০,০০ টাকা প্রায়। তৃতীয় ধাপে ওবায়দুলের গাভীর সংখ্যা আরো বেড়ে হয় ১৫টা; যার দাম ১৬,০০০,০০ টাকা। এভাবে বেড়ে এখন ওবায়দুল এর গাভী সংখ্যা ১৯টা; যার দাম এখন ২৫,০০০,০০ টাকার মত। এর মধ্য থেকে ১টি গাভী বিক্রি করে পরিবারের চাহিদা পূরণ করছে। প্রকল্পের আওতায় গাভী পালন কর্মসূচি শুরুর পর থেকে বর্তমান পর্যন্ত ওবায়দুল কঠোর পরিশ্রমের মাধ্যমে খামার টিকিয়ে রাখতে পেরেছেন। এখন ওবায়দুল গাভীর দুধ বিক্রি করে ঋণ পরিশোধের পাশাপাশি পরিবারের সব ধরনের চাহিদা পূরণ করতে পারছেন।

প্রকল্পে যোগদানের পর খামার থেকে উৎপাদিত দুধ পরিবারের সকল প্রকার চাহিদা পূরণ করে থাকে। খামার পরিচালনার জন্য ৭,৫০,০০০ টাকা দিয়ে গাভী পালনের ঘর তৈরি করেছেন। এখন ওবায়দুল তাঁর পরিবারের ছেলে-মেয়েদের স্কুলের খরচ বহন করতে পারে। পরিবারে এখন খাবারের কষ্ট নেই। পরিবারের সকলের পোষাক-পরিচ্ছদ খরচ বহনে কোন সমস্যা নেই। এখন সামাজিক বিভিন্ন আচার-অনুষ্ঠান তাকে ছাড়া সম্ভব হয়ে উঠছে না। প্রতিবেশীরা এখন তাকে অত্যন্ত সম্মানের চোখে দেখছে। পরিবারের পুষ্টির চাহিদা পূরণ ছাড়াও বসবাসের জন্য একটি টিনশেড বাড়ি তৈরি করেছে। ওবায়দুলকে এখন দিন মজুর হিসাবে কাজ করতে হয় না। কিছু বন্ধকি জমি এবং জমি লিজ নিয়ে নিজে চাষ করেন। কঠোর পরিশ্রম, সততা আর নিষ্ঠাকে সম্বল করে ওবায়দুলের জীবনযুদ্ধের সংগ্রাম পরিকল্পিতভাবে এগিয়ে চলেছে। কোন অভাব যেন তার পরিবারকে স্পর্শ না করে সব সময় সে খেয়াল রাখেন। বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদি পশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্পের মাধ্যমে তিনি আজ স্বাবলম্বী হয়েছেন।

কেস ষ্টাডি-৩

করিম শেখ এর সফলতার কাহিনী

কবিরপুর গ্রামে গবাদিপশু পালনে একজন সফল খামারির নাম জনাব করিম শেখ। তাঁর পিতার নাম লেয়াকত আলী মুন্সি, ইউনিয়ন: নর্থ চ্যানেল, ফরিদপুর সদর, ফরিদপুর। পদ্মার দুর্গম চরে তার জন্ম এবং বসবাস। পেশায় মূলত: তিনি একজন কৃষক। প্রকৃতির বৈরী আবহাওয়ায় বাংলাদেশের কৃষি চিরদিনই প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। কখনও বন্যা, কখনও ঝড় বৃষ্টি নিয়ে নিয়মিত কৃষকদের লড়াই। তাই বাঁচার তাগিদে কৃষককে বিকল্প পেশা অবলম্বন করতে হয়। ২০১৯ সালে করিম শেখ "বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চলে এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদি পশুর জাত উন্নয়ন ও দুধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন" শীর্ষক প্রকল্প তথা মিল্কভিটা থেকে ২,৪০,০০০ টাকা লোন নিয়ে ২টি গাভী ক্রয় করেন। পূর্ব থেকে যদিও তার গবাদি পশু পালনের অভিজ্ঞতা ছিল তদুপরি সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পরামর্শ ও নির্দেশনায় তিনি নিবিড় যত্নে গাভী দুটি লালনপালন করতে থাকেন। কিছু দিনের মধ্যে গাভী দু'টি ২টি বাছুর জন্ম দেয় এবং দুধ দিতে শুরু করে। উৎপাদিত দুধ থেকে পারিবারিক পুষ্টির চাহিদা মিটিয়ে দৈনিক ১৫/১৬ কেজি দুধ বিক্রি করত পারেন।



চরাঞ্চলে তার খামার হওয়ায় প্রচুর তাজা ঘাস পাওয়া যায়। সাশ্রয় হয় ঘাস কেনার টাকা। দিনে দিনে সঞ্চয় গড়ে ওঠে। সেই টাকা দিয়ে তিনি আরো গাভী কিনে খামারের পরিধি বাড়াতে থাকেন। ক্রমান্বয়ে বাড়তে থাকে সফলতা। নির্মাণ করেন নিজের বসত ঘর এবং বিশুদ্ধ খাবার পানির জন্য বাড়িতে স্থাপন করেন নলকূপ । আর কৃষি জমিতে বসানো হয় সেচের গভীর নলকূপ। বন্যা-খরা আর ফসলহানির আশঙ্কা দূর হয় মন থেকে। তার সন্তান আর নাতি-নাতনীরা দুধে ভাতে বেড়ে ওঠে। বর্তমানে তার খামারে ১২টি গবাদি পশু রয়েছে- এর মধ্যে ৫টি গাভী, ৬টি ষাঁড়। আগামী কুরবানি ঈদে অবশিষ্ট ষাঁড় বিক্রি করে ও দুধের টাকা জমিয়ে এবং কৃষির উদ্বৃত্ত ফসল বিক্রির টাকা দিয়ে তার বাড়ি করার পরিকল্পনার কথা জানান তিনি। জনাব করিম শেখ এখন তার গ্রামের উদাহরণ। তাকে অনেকেই অনুসরণ করে এগিয়ে যাওয়ার প্রেরণা পাচ্ছেন। করিম শেখ একজন সফল উদ্যোক্তা ও সফল খামারি।

৩.২১ প্রকল্পের Exit Plan এবং টেকসইকরণ পরিকল্পনা পর্যালোচনা

প্রকল্পের Exit Plan সম্পর্কে ডিপিপি/আরডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ শেষে প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন, মেশিনারিজ, কম্পিউটার সামগ্রী, আসবাবপত্র ও নিয়োগকৃত জনবল এবং এর আয়-ব্যয় ও দায়-দেনা মিল্ক ইউনিয়নের অধীনে ন্যস্ত হবে এবং পরিচালিত হবে। ফলে সরকারের রাজস্ব খাত হতে কোন পরিচালন ব্যয়ের প্রয়োজন হবে না।

প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফল যাতে টেকসই হয় তার জন্য নিয়মিত বিনামূল্যে কৃত্রিম প্রজনন, ভ্যাকসিনেশন, চিকিৎসা এবং ন্যায্যমূল্যে দানাদার গো-খাদ্য সরবরাহ কার্যক্রম অব্যাহত থাকবে। গবাদিপশুকে সারা বৎসর অব্যাহতভাবে কাঁচা ঘাস সরবরাহের লক্ষ্যে প্রতিটি কৃষককে ঘাস চাষে উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে উন্নতজাতের ঘাসের বীজ/কাটিং সরবরাহ করা হবে। কৃষকের উৎপাদিত দুগ্ধ ন্যায্যমূল্যে নিয়মিত দিনে দুই বেলা বাজারজাত নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে সার্বক্ষণিক দুগ্ধ বিক্রির নিশ্চয়তা থাকবে। প্রকল্প শেষে মিল্কভিটা কর্তৃক এ সেবা অব্যাহত রাখা প্রয়োজন হবে।

এছাড়াও সমিতির উপকারভোগী কোন সদস্যের গাভী মারা গেলে, তিনি যাতে ঝুঁকি মোকাবেলা করতে পারেন তার জন্য সমিতির সদস্যদের নিকট হতে ০.১% টাকা কর্তন করে গাভী ক্রয়ের জন্য একটি রিভলবিং তহবিল গঠন করা যেতে পারে যা সমিতির ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে পরিচালিত হবে ফলে প্রকল্পের কার্যক্রম টেকসই হবে।

চতুর্থ অধ্যায়

প্রকল্পের সবল ও দুর্বল এবং সুযোগ ও ঝুঁকিসমূহ পর্যালোচনা

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির ডিপিপি ও আরডিপিপি পর্যালোচনা এবং নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের থেকে তথ্য সংগ্রহ, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে নিবিড় আলোচনা, দলীয় মুক্ত আলোচনা (এফজিডি), সরেজমিন ঋণ কার্যক্রম পরিদর্শন এবং স্থানীয় কর্মশালা হতে প্রাপ্ত তথ্যের মাধ্যমে প্রকল্পের সবল ও দুর্বল দিক, সম্ভাবনা ও ঝুঁকিসমূহ নির্ণয় করা হয়েছে। প্রকল্পের সবল দিকসমূহ, দুর্বল দিকসমূহ, সুযোগসমূহ এবং ঝুঁকিসমূহের পর্যালোচনা নিম্নে দেওয়া হলো-

সবল দিকসমূহ (Strengths)	দুর্বল দিকসমূহ (Weaknesses)
১. গুণগত ও মানসম্পন্ন দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণের জন্য সঠিক প্রকল্প এলাকা নির্বাচন; ২. বাস্তবায়নকারী সংস্থা (মিল্ক ভিটা) কর্তৃক সমজাতীয় প্রকল্প বাস্তবায়নের দীর্ঘ দিনের অভিজ্ঞতা; ৩. বাস্তবায়নকারী সংস্থার (মিল্ক ভিটা) কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল; ৪. মিল্ক ভিটার নিজস্ব জমিতে কারখানা স্থাপন।	১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন; ২. ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের ৯৪ জন জনবল নিয়োগ করার সংস্থান থাকলেও অনেক পদে জনবল নিয়োগ করতে না পারা; ৩. চলতি বছরের প্রারম্ভে কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন গ্রহণ না করা; ৪. বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তদারকি না থাকা বা সময়মতো কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করা; ৫. ঋণ কার্যক্রম বাস্তবায়নে একটি উপযুক্ত ঋণ পরিচালন নীতিমালা না থাকা; ৬. প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত প্রতিষ্ঠানকে দিয়ে সম্ভাব্যতা সমীক্ষা না করানো।
সুযোগসমূহ (Opportunities)	**ঝুঁকিসমূহ (Threats)**
১. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধানের জন্য সুযোগ সৃষ্টি হবে। ২. গবাদিপশুর জাত উন্নয়ন ও চারণ ভূমি উন্নয়নের মাধ্যমে অধিক দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্য উৎপাদনের সুযোগ সৃষ্টি হবে; ৩. গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টি; ৪. শিক্ষিত যুব নারীদের কর্মসংস্থানের সুযোগ।	১. প্রাকৃতিক দুর্যোগ; ২. নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি; ৩. বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধি।

পর্যালোচনা ও বিশ্লেষণ:

সবল দিকসমূহ পর্যালোচনা: প্রকল্প বাস্তবায়নের জন্য বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকার চরাঞ্চল এবং বেশি দুগ্ধ উৎপাদনের সম্ভাবনা রয়েছে এমন এলাকা নির্বাচন করা হয়েছে। চরাঞ্চলের জনগণের যোগাযোগ ব্যবস্থা ভাল না থাকায় তাদের উৎপাদিত দুগ্ধের ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ফ্লাস সিজনে চরাঞ্চলের দুগ্ধ খামারিরা ন্যায্য মূল্য প্রাপ্য হবেন। ফলে এসকল এলাকার জনগণের কর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালন করতে পারে। বাস্তবায়নকারী সংস্থা (মিল্ক ভিটা) কর্তৃক সমজাতীয় প্রকল্প বাস্তবায়নের দীর্ঘ দিনের অভিজ্ঞতা রয়েছে। এ জাতীয় প্রকল্প বাস্তবায়নে পূর্বের দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে প্রকল্পটি বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করতে পারে। দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণে মিল্ক ভিটার দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল রয়েছে। বর্ণিত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যা সহায়ক হতে পারে। প্রকল্পটি ১ম সংশোধনের মাধ্যমে দুগ্ধ কারখানাটি ফরিদপুর থেকে টেকেরহাট নিজস্ব জমিতে কারখানা স্থাপন হবে বিধায় ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা নেই যা প্রকল্পের অন্যতম সবল দিক।

দুর্বল দিকসমূহ পর্যালোচনা: এখন পর্যন্ত ০৭ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মন্থর পরিলক্ষিত হয়েছে যা প্রকল্পের অন্যতম দুর্বল দিক। প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের ৯৪ জন জনবল নিয়োগ করার সংস্থান থাকলেও বর্তমানে ৩৫ জন জনবল দ্বারা প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। বর্ণিত প্রকল্পটি একটি অতিধীরগতি সম্পন্ন প্রকল্প হওয়া স্বত্বেও বাস্তবায়নকারী সংস্থা (মিল্কভিটা) এবং মন্ত্রণালয়/বিভাগ (পল্লী উন্নয়ন ও সমবায়) তদারকি না থাকা বা সময়মতো

কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করার কারণে শুধুমাত্র ঋণ কার্যক্রম ব্যতীত অন্য কোন কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রকল্প গ্রহণের পূর্বে যথাযথভাবে সম্ভাব্যতা সমীক্ষা না করা এবং মাঠ পর্যায়ে সমবায়ীদের জন্য ঋণ কার্যক্রম বাস্তবায়নে একটি উপযুক্ত ঋণ পরিচালন নীতিমালা না থাকার ফলে প্রকল্পের ঋণ কার্যক্রম ব্যহত হচ্ছে।

সুযোগসমূহ পর্যালোচনা: প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে দুগ্ধ উৎপাদন এবং প্রক্রিয়াজাতকরণের ফলে দেশের দুগ্ধ বাজারের মৌলিক পরিবর্তনের সুযোগ সৃষ্টিতে অবদান রাখতে সক্ষম হবে এবং বাজারের ব্যাপ্তি ও ব্যাপকতাও বৃদ্ধি পাবে। নতুন বাজার সেগমেন্টের উত্থানে দুগ্ধ কারখানার সুযোগ অনেক বেশি। দুগ্ধ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের কারখানার জন্য সুযোগ সৃষ্টি হবে। পরিবেশ সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও সামাজিক উন্নতির প্রয়োজনে উন্নত প্রক্রিয়াজাতকরণ ও উৎপাদন প্রক্রিয়ার মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধান হবে। এছাড়াও গবাদিপশুর জাত উন্নয়ন ও চারণ ভূমি উন্নয়নসহ গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টিতে অবদান রাখার সুযোগ সৃষ্টি হবে।

ঝুঁকিসমূহ পর্যালোচনা: প্রাকৃতিক বিপর্যয় যেমন বর্ষা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প ইত্যাদি কারণে উৎপাদনের প্রক্রিয়া বা উৎপাদিত পণ্যের ক্ষতি হতে পারে। কোভিড-১৯ এর বৈশ্বিক মহামারী, উচ্চ প্রযুক্তি, বাজার নীতি এবং ব্যবস্থাপনার নীতিগুলির অনুসরণে সমস্যা হতে পারে। কারখানা পরিস্থিতি ও দক্ষ কর্মীর জন্য উৎপাদন ও গুণমানে প্রভাব পড়তে পারে। নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি এবং বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধির ফলে প্রকল্প ব্যয় বৃদ্ধির শঙ্কা থাকবে।

পঞ্চম অধ্যায়

পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ

৫.১ অর্থ-বছরভিত্তিক এডিপি/আরএডিপি'তে অর্থ-বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয় বিভাজন পর্যবেক্ষণ

চলতি ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি/আরএডিপি বরাদ্দ ১২৫০০.০০ লক্ষ টাকা যা মোট বরাদ্দের ৩৩.২২% হলেও এপ্রিল, ২০২৪ পর্যন্ত কোন টাকা অবমুক্তি করা সম্ভব হয়নি। বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা) নিজস্ব অর্থায়ন বরাদ্দ ৪৯৯.০০ লক্ষ টাকা থাকলেও এপ্রিল, ২০২৪ পর্যন্ত কোন অর্থ প্রকল্পের অনুকূলে ছাড় করা হয়নি। এছাড়া প্রকল্পের ৬ বছর মেয়াদ অতিবাহিত হলেও এখন পর্যন্ত মিল্কভিটার নিজস্ব অর্থায়ন থেকে কোন অর্থ ব্যয় করা হয়নি। জিওবি'র অর্থায়নের সাথে নিজস্ব অর্থায়ন আনুপাতিক হারে ব্যয় করা প্রয়োজন। আগামী অর্থবছরে (২০২৪-২৫) প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম সমাপ্তকরণের লক্ষ্যে প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপি'তে প্রয়োজনীয় অর্থ-বরাদ্দ ও ছাড় হওয়া প্রয়োজন। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্প পরিচালককে তৎপর হতে হবে।

৫.২ অর্থ-বছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যবেক্ষণ

বিগত অর্থ-বছরগুলোতে ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় বছরভিত্তিক কর্মপরিকল্পনা তৈরি এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন বাস্তবভিত্তিক হওয়া প্রয়োজন ছিল। বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে ডিপিপি/আরডিপিপি মূলে অর্থ-বছরভিত্তিক কর্মপরিকল্পনার সাথে বাস্তবায়ন পর্যালোচনার কোন মিল পাওয়া যায়নি। এছাড়াও প্রকল্পের আওতায় চলতি ২০২৩-২০২৪ অর্থ-বছরের কর্মপরিকল্পনা পর্যালোচনায় দেখা যায় যে, এই অর্থ-বছরের শুরুতেই কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে বাস্তবায়নের কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। চলতি অর্থ বছরে এখন পর্যন্ত কোন অর্থ ছাড়করণ করা সম্ভব হয়নি। নির্ধারিত সময়ে সমাপ্তকরণের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নসহ প্রকল্পের কাজের গতি বৃদ্ধির জন্য বাস্তবায়নকারী সংস্থা, মন্ত্রণালয়/বিভাগের তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন।

৫.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যবেক্ষণ

প্রকল্পের ব্যয়িত ৭৯১৬.২৬ লক্ষ টাকার মধ্যে ২৭৪২ জন উপকারভোগী সমবায়িদের ঋণ সহায়তার জন্য ৬৪১৭.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা মোট ব্যয়িত অর্থের ৮১.০৭%। এখন পর্যন্ত ভূমি উন্নয়নের কাজ শুরু করা হয়নি। এছাড়া, কার্য ক্রয়ের কোন দরপত্র আহ্বান করা হয়নি ফলে আবাসিক ভবন (রেস্ট হাউজ ও কোয়ার্টার), অনাবাসিক ভবন নির্মাণ (কারখানা, অফিস বিল্ডিং, বুল সেড, অভ্যন্তরীণ রাস্তা ও অন্যান্য); আধুনিক মানের পাস্তুরাইজার, হোমোজিনাইজার, ক্রিম সেপারেটর, বাটার, পনির এবং ঘি তৈরির মেশিন স্থাপন করা; ভবন (৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও ১টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপনের জন্য) নির্মাণ কাজ শুরু করা যায়নি। অর্থাৎ, প্রকল্পের ঋণ কার্যক্রম ব্যতীত কোন কার্যক্রম এখন পর্যন্ত শুরুই করা যায়নি যা প্রকল্পের অন্যতম দুর্বল দিক। বিগত ৬ বছরের অধিক সময়কালে বর্ণিত প্রকল্পে মোট ৭ জন প্রকল্প পরিচালককে দায়িত্ব প্রদান করা হয়েছে। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা অতিরিক্ত দায়িত্বের মাধ্যমে প্রকল্প পরিচালিত হওয়ার কারণে প্রকল্পের কোন কার্যক্রমের দৃশ্যমান অগ্রগতি হয়নি।

৫.৪ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় অনুমোদিত আরডিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনায় পণ্য ক্রয়ের ৩২টি, কার্য ক্রয়ের ০৩টি এবং সেবা ক্রয়ের ০২টি প্যাকেজ রয়েছে। প্রকল্পের আওতায় শুরু থেকে অর্থাৎ ২০১৮-১৯ থেকে ২০২৩-২৪ অর্থ-বছরে পণ্য ক্রয়ের ১৭টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে চুক্তির কাজ সম্পন্ন করা হয়েছে। বর্ণিত অর্থ-বছরে পণ্য ক্রয়ের ১৭টি প্যাকেজের মোট ১১৩০.৭০ লক্ষ টাকার প্রাক্কলিত মূলের বিপরীতে ৫৭৫.৩৫ লক্ষ টাকার চুক্তি করা হয় যা প্রাক্কলিত মূল্যের মাত্র ৫২.৩৪%। এসকল দরপত্র উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) এবং অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ) মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। এখন পর্যন্ত কার্য ক্রয়ের কোন দরপত্র আহ্বান করা হয়নি ফলে অবকাঠামো নির্মাণ কাজও শুরু হয়নি।

৫.৫ প্রকল্পের উপকারভোগী সদস্যদের জন্য ঋণ কার্যক্রম পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় দেশের ২টি বিভাগের ১১ জেলার ১৯টি উপজেলার মোট ৩৭৫০ জন উপকারভোগীর মধ্যে এপ্রিল ২০২৪ পর্যন্ত মোট ২৭৪২ জন উপকারভোগী সদস্য প্রতি ২.৪০ লক্ষ টাকা গাভী/বকনা বাছুর ক্রয় এবং গোখাদ্য বাবদ ঋণ বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ১০০৮ জন উপকারভোগী সদস্যকে এখনও ঋণ কার্যক্রমের আওতায় আনা সম্ভব হয়নি। উক্ত ঋণ ৫% সার্ভিস চার্জসহ ৭২টি সমান কিস্তিতে আদায়যোগ্য হবে। প্রকল্পের উপকারভোগী সদস্যদের জন্য ঋণ কার্যক্রম বিশ্লেষণে দেখা যায়, শুধুমাত্র গোপালগঞ্জ জেলার কাশিয়ানী, টুঙ্গিপাড়া, কোটালীপাড়া এবং ফরিদপুর জেলার বোয়ালমারী, আলফাডাঙ্গা, ফরিদপুর সদর, চরভদ্রাসন এবং রাজবাড়ী জেলার গোয়ালন্দ এবং পাংশা উপজেলায় ৬৪১৭.৬০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, ৫% সার্ভিস চার্জসহ মোট ২২৭৩.৯৫ লক্ষ টাকা ঋণ আদায় করা সম্ভব হয়েছে। ঋণ আদায়ের হার ৫৭.০৬%। মাঠ পর্যায়ে জরিপ কার্যক্রমে দেখা যায় যে, যে

সমস্ত উপকারভোগী ঋণের টাকা পরিশোধ করছেন কিন্তু প্রকল্প থেকে পুনরায় তাদের ঋণ প্রদান করা হচ্ছেনা বিধায় ঋণের টাকা পরিশোধে অনীহা সৃষ্টি হচ্ছে।

৫.৬ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পর্যবেক্ষণ

প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা যাচাইয়ের উপ-প্রকল্প বাস্তবায়ন অনেকাংশে নির্ভর করে। চলমান প্রকল্পটি একটি বিশেষ শ্রেণির কারিগরি প্রকল্প। সে কারণে Faircom Management Services, 14, Main Road, Mohammadi Housing Limited, Mohammadpur, Dhaka-1207 নামক প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছে। উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি)-তে সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ সংযুক্ত না থাকায় এবং প্রকল্প সংশ্লিষ্টদের নিকট থেকে সম্ভাব্যতা যাচাইয়ের কোন কপি সংগ্রহ করা সম্ভব না হওয়ায় উক্ত সম্ভাব্যতা যথাযথ কিনা সে সম্পর্কে মন্তব্য করা সম্ভব হয়নি।

৫.৭ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি পর্যবেক্ষণ

প্রকল্পের মূল ডিপিপি গত ১৬.০১.২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্প অনুমোদনের প্রায় ০৮ মাস পর প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। বর্তমান পর্যন্ত বর্ণিত প্রকল্পে মোট ০৭ জন প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন। তন্মধ্যে, নিয়মিত দায়িত্ব পালন করেছেন ৪ জন এবং প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন ৩ জন। যোগ্য এবং দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগ না করার কারণে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি। সম্প্রতি পুনরায় ৭ম প্রকল্প পরিচালক হিসেবে গত ০৪/০৪/২০২৪ তারিখে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের বাস্তবায়নকাল ৬টি অর্থ-বছর অতিক্রম করলেও প্রকল্পটি মাঠ পর্যায়ে অঙ্গভিত্তিক কোন কার্যক্রম (শুধুমাত্র ঋণ কার্যক্রম ব্যতীত) এখন পর্যন্ত শুরুই করা সম্ভব হয়নি। ফলে বর্তমান প্রকল্প পরিচালক একনিষ্ঠভাবে দায়িত্ব পালন করলে এবং প্রকল্প সমাপ্ত হওয়া পর্যন্ত দায়িত্বে বহাল থাকলে প্রকল্পটি সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব।

৫.৮ প্রকল্পের আওতায় জনবল নিয়োগ পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় ৯৪ জন জনবলের মধ্যে প্রেষণে-১ জন, অতিরিক্ত দায়িত্ব ১ জন, সরাসরি নিয়োগ ৮৩ এবং আউটসোর্সিং এর মধ্যমে ৯ জন জনবল সংস্থান রয়েছে। বর্তমানে প্রকল্পের মোট ৯৪ জন জনবলের মধ্যে ৫৯ জন (৬২.৭৬%) জনবল নেই। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি/আরএডিপি'তে ১২৫০০.০০ লক্ষ টাকার বরাদ্দ থাকলেও এখন পর্যন্ত কোন অর্থ ছাড়করণ করা সম্ভব হয়নি। সে কারণে প্রকল্পে কর্মরত জনবল বিগত ৭ মাস ধরে বেতন/ভাতা পাচ্ছেনা। ফলে প্রকল্পের সকল কর্মকাণ্ডে স্থবিরতা দেখা দিয়েছে। যা প্রকল্পের কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়নে প্রধান অন্তরায়।

৫.৯ লগ-ফ্রেমের আলোকে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট ও ইনপুট পর্যবেক্ষণ

প্রকল্পের লক্ষ্য অনুযায়ী এ পর্যন্ত প্রকল্পের আওতায় দেশের ২টি বিভাগের ১১টি জেলার ১৯টি উপজেলার মোট ৩৭৫০ জন উপকারভোগীর মধ্যে এপ্রিল ২০২৪ পর্যন্ত মোট ২৭৪২ জন উপকারভোগী সদস্য-কে ঋণ প্রদান করা হয়েছে। এছাড়া এপ্রিল ২০২৪ পর্যন্ত প্রকল্পের লক্ষ্য অর্জনের মতো কোন কার্যক্রম মাঠ পর্যায়ে শুরুই করা সম্ভব হয়নি।

লগ-ফ্রেমের উদ্দেশ্য পর্যালোচনায় দেখা যায় যে, স্থানীয়ভাবে গবাদি প্রাণির সংখ্যা বৃদ্ধির মাধ্যমে দুগ্ধ ও দুগ্ধ পণ্য উৎপাদন বৃদ্ধি এবং ঘাস চাষসহ সম্প্রসারণমূলক কার্যক্রম জোরদারকরণ করার জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। আরডিপিপি'র সংস্থান মূলে এখন পর্যন্ত সকল জনবল নিয়োগ করা সম্ভব হয়নি। প্রকল্পের পর্যাপ্ত জনবল না থাকায় মাঠ পর্যায়ে উপকারভোগী সদস্যদেরকে কাংখিত সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।

এ পর্যন্ত প্রকল্পের আওতায় দেশের ২টি বিভাগের ১১টি জেলার ১৯টি উপজেলার মোট ৩৭৫০ জন উপকারভোগীর মধ্যে এপ্রিল ২০২৪ পর্যন্ত মোট ২৭৪২ জন উপকারভোগী সদস্য-কে ঋণ প্রদান করা হয়েছে। প্রকল্পের সময়মত প্ল্যান্ট মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন, ভূমি উন্নয়নের ব্যবস্থা গ্রহণ, নির্মাণ কাজ ইত্যাদি কার্যক্রম প্রকল্পের ৬ বছরের অধিকাল সময় অতিবাহিত হলেও শুরু করা সম্ভব হয়নি। মোট ৩৯৫০ খামারির প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা থাকলেও বাস্তবে ১০০০ জন উপকারভোগীকে নামমাত্র প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফলে প্রশিক্ষণ থেকে কোন আউটপুট আশা করা যায় না বলে প্রতীয়মান হয়। অর্থাৎ, প্রকল্পের আউটপুট ও ইনপুট অর্জন খুবই সীমিত যা প্রকল্প মেয়াদে সন্তোষজনক নয়। এছাড়া, লগ-ফ্রেমে বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকগুলো সঠিকভাবে সন্নিবেশ করা হয়নি। আরও সুনির্দিষ্টভাবে যাচাই নির্দেশক সন্নিবেশ করা প্রয়োজন ছিল।

৫.১০ সমবায়ীদের প্রশিক্ষণ পর্যবেক্ষণ

প্রকল্পের অধীনে মোট ৬০টি সমবায় সমিতি গঠনের মাধ্যমে প্রকল্পের ১ম পর্যায়ে (১ম বছরে) মোট ১০০০ জনকে এক পর্বে ০২ (দুই) দিন করে মোট ০৪ (চার) দিন প্রশিক্ষণ দেয়া হবে মর্মে ডিপিপিতে উল্লেখ রয়েছে। বিগত জুন, ২০২৩ পর্যন্ত উপকারভোগী ১০০০ জনের জন্য প্রশিক্ষণ বাবদ ব্যয় হয়েছে ২০.২২ লক্ষ টাকা। জনপ্রতি ব্যয় হয়েছে ২০২২/-। মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শনে দেখা

যায়, প্রকল্প থেকে কোন উপকারভোগী বা সমবায়ী সদস্যকে ফরমাল প্রশিক্ষণই প্রদান করা হয়নি এবং প্রশিক্ষণ সংক্রান্ত কোন ম্যানুয়াল তৈরি করা হয়নি। প্রশিক্ষণের বিষয় উপকারভোগী সদস্য অসন্তোষ প্রকাশ করেছেন।

৫.১১ অডিট সম্পর্কিত তথ্যাদি পর্যবেক্ষণ

গত ৩ (তিন) অর্থ-বছরে এক্সটার্নাল অডিট সম্পাদিত হয়েছে এর মধ্যে ৩টি আপত্তি এখনও নিষ্পত্তি হয়নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ প্রমাণকসহ উপযুক্ত জবাব ইতোমধ্যে প্রেরণ করেছেন যা নিষ্পন্ন হওয়ার অপেক্ষায় আছে।

৫.১২ আর্থ-সামাজিক অবস্থা পর্যবেক্ষণ

মিল্কভিটা কর্তৃক বাস্তবায়নাধীন এ প্রকল্পের মাধ্যমে স্থানীয়ভাবে বিকল্প কর্মসংস্থান বৃদ্ধি পাবে। বাস্তবায়নাধীন এ প্রকল্পের কার্যাদির মাধ্যমে কৃষকদের দুগ্ধ উৎপাদনের প্রযুক্তিগত ও অর্থনৈতিক সহায়তা পাবে এবং প্রকল্পের অংশীদার হিসাবে কৃষকদের উন্নত পদ্ধতিতে দুগ্ধ উৎপাদনে সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করা হলে কৃষকদের আয়ের উৎস হিসাবে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির প্রেরণা যোগাবে বলে অভিমত প্রকাশ করেন। ফলে খামারিদের পেশাদারিত্ব আরো বৃদ্ধি পাবে। এছাড়াও, এই প্রকল্পের বিভিন্ন কর্মকান্ডে স্থানীয় জনসাধারণ অধিক হারে নিয়োজিত হতে পারবেন। এ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্পদ এবং পরিষেবা স্থানীয় লোকের কর্মসংস্থানের অবকাঠামো তৈরি করে তুলতে সাহায্য করতে পারে। প্রকল্পের মাধ্যমে নতুন প্রজন্মের প্রয়োজনীয় দক্ষতা অর্জনের সুযোগ প্রদান করবে। ফলে স্থানীয় বেকারত্বের হ্রাসে অবদান রাখবে। মিল্কভিটার প্রকল্প মাধ্যমে এলাকার প্রাতিষ্ঠানিক পরিবেশে একটি নতুন দিক ওয়ার্ক ফোর্সের উন্নতি এবং প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধির জন্য সহায়ক হবে। সামগ্রিকভাবে বলা যায়, মিল্ক ভিটার প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পে এলাকার মানুষের কর্মসংস্থানে একটি আর্থিক এবং সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

৫.১৩ প্রকল্পের Exit Plan এবং প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ

প্রকল্পের Exit Plan সম্পর্কে ডিপিপি/আরডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ শেষে প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন, মেশিনারিজ, কম্পিউটার সামগ্রী, আসবাবপত্র ও নিয়োগকৃত জনবল এবং এর আয়-ব্যয় ও দায়-দেনা মিল্ক ইউনিয়নের অধীনে ন্যস্ত হবে এবং পরিচালিত হবে। ফলে সরকারের রাজস্ব খাত হতে কোন পরিচালন ব্যয়ের প্রয়োজন হবে না।

প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফল যাতে টেকসই হয় তার জন্য নিয়মিত বিনামূল্যে কৃত্রিম প্রজনন, ভ্যাকসিনেশন, চিকিৎসা এবং ন্যায্যমূল্যে দানাদার গো-খাদ্য সরবরাহ কার্যক্রম অব্যাহত থাকবে। গবাদিপশুকে সারা বৎসর অব্যাহতভাবে কাঁচা ঘাস সরবরাহের লক্ষ্যে প্রতিটি কৃষককে ঘাস চাষে উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে উন্নতজাতের ঘাসের বীজ/কাটিং সরবরাহ করা হবে। কৃষকের উৎপাদিত দুগ্ধ ন্যায্য মূল্যে নিয়মিত দিনে দুই বেলা বাজারজাত নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে সার্বক্ষণিক দুগ্ধ বিক্রির নিশ্চয়তা থাকবে। প্রকল্প শেষে মিল্কভিটা কর্তৃক এ সেবা অব্যাহত রাখা প্রয়োজন হবে।

এছাড়াও সমিতির উপকারভোগী কোন সদস্যের গাভী মারা গেলে, তিনি যাতে ঝুঁকি মোকাবেলা করতে পারেন তার জন্য সমিতির সদস্যদের নিকট হতে ০.১% টাকা কর্তন করে গাভী ক্রয়ের জন্য একটি রিভলবিং তহবিল গঠন করা যেতে পারে যা সমিতির ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে পরিচালিত হবে ফলে প্রকল্পের কার্যক্রম টেকসই হবে।

ষষ্ঠ অধ্যায়
সুপারিশ ও উপসংহার

৬.১ সুপারিশ

৬.১.১ এপ্রিল ২০২৪ পর্যন্ত অর্থাৎ ০৬ (ছয়) বছরে প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২০.৪৩% ও বাস্তব অগ্রগতি ২৫%। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন হবে না বিধায় প্রকল্পের লক্ষ্যমাত্রা ও ব্যয় বরাদ্দ এবং প্রকল্প বাস্তবায়নকাল পুনঃনির্ধারণ করা প্রয়োজন;

৬.১.২ প্রকল্পের সুষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে পূর্ণকালীন অভিজ্ঞ ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন;

৬.১.৩ প্রকল্পের কাজ পুনঃনির্ধারিত সময়ে সমাপ্তকরণের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা (Work Plan) প্রণয়নসহ প্রকল্পের কাজের গতি বৃদ্ধির জন্য বাস্তবায়নকারী সংস্থা, মন্ত্রণালয়/বিভাগের তদারকি আরও বৃদ্ধি করা যেতে পারে;

৬.১.৪ প্রকল্পের আওতায় ৯৪ জন জনবলের মধ্যে ৫৯ জন (৬২.৭৬%) জনবল এখনও পদায়ন/নিয়োগ করা সম্ভব হয়নি। প্রকল্প কাজ ত্বরান্বিত করার জন্য জরুরি ভিত্তিতে প্রকল্পের এসকল জনবল নিয়োগ করতে হবে;

৬.১.৫ প্রকল্পের পরিপূর্ণ ঋণ পরিচালন নীতিমালা না থাকায় উপকারভোগী সদস্যকে প্রকল্প থেকে ঋণ প্রদান করা হচ্ছে না, ঋণের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরণের জন্য একটি বাস্তবভিত্তিক ঋণ পরিচালন নীতিমালা প্রণয়ন করা আবশ্যক;

৬.১.৬ প্রকল্পের বিতরণকৃত অনাদায়ী ঋণের টাকা (আউটস্টেন্ডিং) আদায়ের জন্য প্রকল্প সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। অনাদায়ী ঋণ আদায়ে ব্যর্থতায় সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

৬.১.৭ প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা সঠিকভাবে না হওয়ায় প্রকল্প বাস্তবায়নে সমস্যা সৃষ্টি হচ্ছে। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের পূর্বে বস্তুনিষ্ঠভাবে কারিগরি সম্ভাব্যতা যাচাই করা আবশ্যক;

৬.১.৮ মিল্কভিটা দুধের প্রাপ্যতা নিশ্চিত করার লক্ষ্যে ঋণপ্রাপ্ত উপকারভোগীদের মোটিভেশনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা এবং প্রকল্পের উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণ ও উপকরণ সহায়তা সেবা অব্যাহত রাখা যেতে পারে;

৬.১.৯ প্রকল্পের চ্যালেঞ্জসমূহ নিয়মিত উদ্যোগী মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশন/আইএমইডিকে অবহিত করতে হবে এবং তা উত্তরণের জন্য বাস্তবায়নকারী সংস্থা, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে; এবং

৬.১.১০ অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৬.২ উপসংহার

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি দেশের ঢাকা ও খুলনা বিভাগের ১১টি জেলার ২০টি উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি দুগ্ধ উৎপাদন বৃদ্ধি, পুষ্টির সমস্যার সমাধান, গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন এবং আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টির জন্য গুরত্বপূর্ণ একটি প্রকল্প। প্রকল্পের বাস্তববায়নকাল প্রায় ০৭ (সাত) বছর অতিবাহিত হলেও শুধুমাত্র ঋণ বিতরণ কার্যক্রম ব্যতীত প্রকল্পের অন্যান্য কোন কার্যক্রম এখনও শুরুই করা হয়নি। এমতাবস্থায়, একটি সুনির্দিষ্ট সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নসহ বাস্তবায়নকারী সংস্থা এবং মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি বিশেষজ্ঞ কারিগরি কমিটির মাধ্যমে প্রকল্পের কার্যক্রম নিয়মিত তদারকির ব্যবস্থা করা এবং প্রকল্পের সুষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে পূর্ণকালীন অভিজ্ঞ ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগ করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া, প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে প্রশাসনিক বিভাগ/মন্ত্রণালয় এবং আইএমইডি থেকে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে বাস্তবসম্মত কার্যক্রম গ্রহণের মাধ্যমে প্রকল্পটি মাঠ পর্যায়ে সুষ্ঠভাবে বাস্তবায়িত হতে পারে। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের দুগ্ধ ও দুগ্ধপণ্য উৎপাদন বৃদ্ধিকে সহায়তা প্রদান করবে ফলে শহরাঞ্চলে অধিকতর দুগ্ধ পণ্যের সরবরাহ করা সম্ভব হবে, অন্যদিকে উক্ত এলাকার সমবায়ী কৃষকগণও তাদের উৎপাদিত দুগ্ধের ন্যায্যমূল্য পেয়ে অর্থনৈতিকভাবে উপকৃত হবে।

রেফারেন্সসমূহঃ

- প্রকল্পের অনুমোদিত ডিপিপি/আরডিপিপি।
- প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পর্কিত নথি/দলিলাদি।
- টার্মস অফ রেফারেন্স (ToR), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়।
- PPA-2006- Public Procurement Act-2006, Ministry of Law, Government of the People's Republic of Bangladesh.
- PPR-2008- Public Procurement Rule-2008, Ministry of Law, Justice and Perlamentary Affairs, Government of the People's Republic of Bangladesh.
- Bangladesh Bureau of the Statistic-2017, Government of the Peoples Republic of Bangladesh.
- প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য নথি/পত্র।
- চিত্র/ভিডিও।

সংযোজনী-১

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক চলমান প্রকল্পের

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

দুগ্ধ উৎপাদনকারী সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য প্রশ্নমালা

এলাকা সনাক্তকরণ		Code
গ্রাম/পাড়া		
ইউনিয়ন		
উপজেলা		
জেলা		
A. সাধারণ এবং ডেমোগ্রাফিক তথ্য		Code
A.১	উত্তরদাতার নাম: মোবাইল নম্বর:	
A.২	উত্তরদাতার লিঙ্গ? *(১= পুরুষ, ২= মহিলা)*	
A.৩	উত্তরদাতার বয়স?	
A.৪	বৈবাহিক অবস্থা? *১=বিবাহিত, ২=অবিবাহিত, ৩=তালাকপ্রাপ্ত, ৪=বিধবা, ৫=স্বামী পরিত্যক্তা*	
A.৬	শিক্ষাগত যোগ্যতাঃ [সর্বোচ্চ কোন শ্রেণি পাশ] *(১=স্বাক্ষর করতে পারে, ২=১ হতে ৫ম শ্রেণি, ৩=৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি, ৪= এস এস সি, ৫= এইচ এসসি, ৬= গ্রাজুয়েশন বা তার উপরে, ৭= অন্যান্য.*	
A.৮	আপনার বর্তমান পেশা ১=গাভী পালন *২=ক্ষুদ্র/মাঝারি ব্যবসা, ৩= সরকারি/বেসরকারী চাকুরী ৪=কৃষিকাজ ৫= গৃহস্থালি ৬=কর্মহীন, ৭=অন্যান্য উল্লেখ করুন----------,*	
A.৯	আপনার পরিবারে মোট সদস্য সংখ্যা কত জন? পুরুষ _____ মহিলা _____	
	স্কুলে যায়, এমন ছেলের সংখ্যা _____ মেয়ের সংখ্যা_____	
B	আর্থিক তথ্য	
B.১	বর্তমানে আপনার পরিবারের মাসিক আয় কত টাকা?	
B.২	বর্তমানে আপনার পরিবারের মাসিক ব্যয় কত টাকা?	
B.৬	বর্তমানে আপনার আয়ের উৎস? *১=গাভী পালন, ২=গরু মোটাতাজাকরণ, ৩= দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করা, ৪= দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমূখী ব্যবহার, ৫= দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন, অন্যান্য----------*	
B.৭	এই ব্যবসা থেকে আপনার বাৎসরিক আয় কত টাকা?	
C	প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি	
C.০	আপনি এই প্রকল্প থেকে কোন প্রশিক্ষণ পেয়েছেন কি? *(১=হ্যাঁ, ২=না)*	
C.১	আপনি কত সালে এই প্রকল্প থেকে প্রশিক্ষণ পেয়েছেন?	
C.২	আপনি প্রশিক্ষণ সম্পর্কে কিভাবে জানতে পেরেছেন?	
C.৩	কোথায় প্রশিক্ষণ নিয়েছেন? *১=ইউনিয়ন পরিষদ, ২=উপজেলা পরিষদ, ৩=অন্যান্য ----------*	
C.৪	আপনি কত দিনের প্রশিক্ষণ পেয়েছেন?	
C.৫	আপনি কোন বিষয়ের উপর প্রশিক্ষণ পেয়েছেন? *১=গাভী পালন, ২=গরু মোটাতাজাকরণ, ৩= দুগ্ধ উৎপাদন পণ্য তৈরীর উপর, ৪= দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যরে বহুমূখী ব্যবহাররে, ৫= অন্যান্য------*	
C.৬	প্রশিক্ষণের বিষয়ে আপনার সন্তুষ্টি কেমন ছিল? *১=খুব সন্তুষ্ট, ২=সন্তুষ্ট, ৩=মোটামুটি সন্তুষ্ট, ৪=সন্তুষ্ট না, ৫=মোটেই সন্তুষ্ট না*	
C.৭	আপনি কি মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ট ছিল? *(১=হ্যাঁ, ২=না)*	
C.৮	প্রশিক্ষণে ব্যবহারিক কোন বিষয় অন্তর্ভূক্ত ছিল কি না? *(১=হ্যাঁ, ২=না)*	
C.৯	প্রশিক্ষণকালীন সময়ে কোন প্রশিক্ষণ ভাতা পেয়েছিলেন কি? *(১=হ্যাঁ, ২=না)*	
C.১০	যদি হ্যাঁ হয় তবে দৈনিক কত টাকা পেয়েছিলেন?	

C.১১	আপনি কি মনে করেন প্রশিক্ষণের কারণে আপনার বা আপনার পরিবার উপকৃত/লাভবান হয়েছে? *(১=হ্যাঁ, ২=না)*	
D	ঋণ সংক্রান্ত তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে)	
D.১	আপনি কি এ প্রকল্প থেকে ঋণ পেয়েছেন? *(১=হ্যাঁ, ২=না)*	
D.২	উত্তর হ্যাঁ হলে, কত টাকা ঋণ পেয়েছেন? ----------	
D.৩	ঋণের টাকা কি উদ্দেশ্যে ব্যয় করেছেন? *১=গাভী পালন, ২=গরু মোটাতাজাকরণ, ৩= দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমূখী ব্যবহারের, ৪= ছেলে মেয়ের লেখাপড়ার কাজে, ৫= নিজের বাড়ীঘর নির্মাণের কাজে, ৬. অন্যান্য----------*	
D.৪	ঋণের টাকা কিভাবে পরিশোধ করেন/করবেন? *(১=এককালীন, ২=কিস্তিতে ৩=বিক্রিত দুধ থেকে)*	
D.৫	ঋণের টাকা পরিশোধ করতেছেন কি না? *(১=হ্যাঁ, ২=না)*	
D.৬	পরিশোধ না করে থাকলে কেন পরিশোধ করেননি? *১. ঋণ পরিশোধের আর্থিক সামর্থ নেই, ২. ঋণ আদায়ের জন্য কোন কেহই আসে না, ৩. ঋণ পরিশোধ না করলেও কোন অসুবিধা হয় না, ৪. ইচ্ছাকৃতভাবে ঋণ পরিশোধ করিনাই, ৫. ঋণ আদায়ের কোন ব্যবস্থা নেই।*	
D.৭	বর্তমানে ঋণের শতকরা সুদের/সার্ভিস চার্জ হার ৫%? আপনার মতে এই ক্ষেত্রে ঋণের প্রকৃত সুদের/ সার্ভিস চার্জ হার কত হওয়া উচিৎ বলে মনে করেন?	
F	আয় মূলক কার্যক্রম সংক্রান্ত তথ্য	
F.১	আপনার খামার/ব্যবসার ধরন কি? *১=গাভী পালন, ২. গরু মোটাতাজাকরণ, ৩=মৎস্য চাষ, ৪= শাকসজির চাষ ৫= ক্ষুদ্র ব্যবসা ৬= অন্যান্য-----*	
F.২	কবে খামার/ব্যবসা শুরু করেছেন?	
F.৩	আপনার কতটি দুগ্ধজাত গাভী আছ?	
F.৪	দৈনিক কত লিটার দুধ উৎপাদিত হয়? কোম্পানি	
F.৫	আপনার উৎপাদিত দুগ্ধ কোথায় বিক্রি করেন? *১. মিল্ক ভিটা, ২. অগ্রণী ডেইরি, ৩. আড়ং, ৪. ফার্ম ফ্রেস ৫, আফতাব, ৬. স্থানীয় বাজার, ৭ অন্যান্য*	
F.৬	আপনার উৎপাদিত দুগ্ধ বাজারজাতকরণে কোন সমস্যা আছে কি? *(১=হ্যাঁ, ২=না)*	
F.৭	উত্তর হ্যা হলে সমস্যার বিবরণ দিন? ----------	
F.৮	সমস্যা সমাধানের উপায় সম্পর্কে আপনার পরামর্শ দিন? ----------	
F.৯	বর্তমানে উৎপাদিত দুগ্ধ থেকে মাসিক গড় আয় কত টাকা?	
F.১০	দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমূখী ব্যবহার সম্পর্কে আপনার মতামত দিন?	
F.১১	আপনাদের উৎপাদিত দুধ কি এখানে বিক্রি করেন?	
F.১২	কত টাকা লিটার বিক্রি করেন?	
F.১৩	আপনার এলাকায় মিল্ক ভিটার গুঁড়ো দুধ কারখানাটি স্থাপিত হলে আপনারা উপকৃত হবেন কি? (১=হ্যাঁ, ২=না) কিভাবে উপকৃত হবেন বলে মনে করেন বলুন? *১. কর্মসংস্থান, ২. বর্ষাকালেও দুধের ভাল দাম পাওয়া যাবে, ৩. যে কোন সময় দুধ বিক্রয় করা যাবে, ৪. এলাকার অর্থনৈতিক উন্নতি হবে, ৫. স্থানীয় উদ্যোক্তা সৃষ্টি হবে, ৬. অন্যান্য*	
F.১৪	আপনারা মিল্ক ভিটা থেকে দুধের ন্যায্য দাম পাচ্ছেন কি? *(১=হ্যাঁ, ২=না)*	
F.১৫	আপনার খামারে পরিবারের বাহিরে আর কেউ কি কাজ করে? *(১=হ্যাঁ, ২=না)*	
F.১৬	যদি হ্যা হয়, তাহলে মাসিক বেতন কত টাকা?	
F.১৭	বর্তমান প্রকল্পের মাধ্যমে আপনার পরিবার উপকৃত হয়েছে কি?	
F.১৭a	১. গাভী ক্রয়ের জন্য স্বল্প সুদে ঋণ পেয়েছি, ২. গাভীর খাদ্যের জন্য টাকা পেয়েছি, ৩.প্রকল্প থেকে প্রশিক্ষণ পেয়েছি, ৪. গাভীর চিকিৎসার জন্য সহযোগীতা পেয়েছি, ৫. দুগ্ধ বিক্রয়ের নিশ্চিয়তা পেয়েছি, ৬, অন্যান্য	

F.১৮	প্রকল্প গ্রহণের পর আপনার পরিবারে কি ধরণের পরিবর্তন এসেছে? ----------	
F.১৯	প্রকল্পতে যোগদানের পর পরিবারে ও সমাজে আপনার সম্মান বৃদ্ধি পেয়েছে কি? *(১=হ্যাঁ, ২=না)*	
F১৯a	১, পরিবারের আর্থিক অভাব দুর হয়েছে, ২. ছেলে মেয়েদেরকে স্কুলে পাঠাই, ৩. সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে, ৪. সামাজিকভাবে যোগাযোগ বেড়েছে, ৬. পাড়া প্রতিবেশি সম্মান করে ৬. অন্যান্য	
F.২০	আপনি কি মনে করেন এই প্রকল্পের ফলে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে? *(১=হ্যাঁ, ২=না)*	
F২০a	১. স্বামী স্ত্রী মিলে সিদ্ধান্ত নেই, ২. আত্মনির্ভরশীলতা বেড়েছে, ৩. অর্থনৈতিক সম্মান রেড়েছে, ৪. পারিবারিক কাজে স্বাধীনতা বেড়েছে, ৫. সমাজের বিভিন্ন উন্নয়ণ কাজে অংশগ্রহণ করতে পারি, ৬. অন্যান্য	
F.২১	পারিবারিক ব্যয় নিয়ন্ত্রণে আপনার পরিবারের নারীদের ভূমিকা আছে কিনা? *(১=হ্যাঁ, ২=না)*	
F.২২	আপনার পরিবারের সন্তানের শিক্ষা, বিবাহ এবং অন্যান্য পারিবারিক বিষয়ে নারীরা সিদ্ধান্ত দিতে পারে কিনা? *(১=হ্যাঁ, ২=না)*	

সাক্ষাৎ গ্রহণকারীর স্বাক্ষর : ----------

তথ্য সংগ্রহের তারিখ : ----------

সাক্ষাৎ গ্রহণকারীর নাম : ----------

সংযোজনী-২

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক চলমান প্রকল্পের

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

প্রকল্প পরিচালকের জন্য কেআইআই গাইডলাইন

তারিখঃ

নাম: **ফোন/মোবাইল:**

১. প্রকল্পের কাংখিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জিত না হওয়ার কারণ কি কি বলে আপনি মনে করেন।
২. বহুমুখী দুগ্ধ পণ্য উৎপাদন কারখানা স্থাপন সম্পর্কিত আপনার বিস্তারিত মতামত প্রদান করুন।
৩. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টির সমস্যার সমাধানে কিভাবে সহায়তা হবে বলে মনে করেন বিস্তারিত বলুন।
৪. এই প্রকল্পটি বাস্তবায়িত হলে গবাদিপশুর জাত উন্নয়ন কিভাবে হবে বলে মনে করেন।
৫. এই প্রকল্পটি বাস্তবায়িত হলে গবাদিপশুর চারণ ভূমি উন্নয়ন সম্পর্কিত আপনার অভিমত ব্যক্ত করুন।
৬. এই প্রকল্পটি বাস্তবায়িত হওয়ার ফলে কিভাবে গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি হবে বলে মনে করেন বিস্তারিত বলুন।
৭. নিম্নলিখিত কার্যক্রমগুলোর কোনটি কতভাগ অর্জিত/সম্পন্ন হয়েছে বিস্তারিতভাবে তথ্যদিন
   - আবাসিক বিল্ডিং
   - অনাবাসিক বিল্ডিং নির্মাণ (কারখানা, অফিস বিল্ডিং, বুল সেড, অভ্যন্তরীণ রাস্তা ও অন্যান্য)
   - বিল্ডিং নির্মাণ (৭টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও ১টি মিনি ডেইরি প্ল্যান্ট স্থাপনের জন্য)
   - দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের মাননিয়ন্ত্রণ ল্যাব সরঞ্জামাদি
   - ফ্রোজেন সিমেন ল্যাবরেটরী সরঞ্জামাদি
   - কৃত্রিম প্রজনন সরঞ্জামাদি
   - ব্রিডিং বুল ক্রয় (আমেরিকা, ইউরোপ, অস্ট্রেলিয়া)

৮. প্রকল্পের আওতায় উপকারভোগী গ্রামীণ পরিবারগুলোর ডাটা বেইজ তৈরি করেছেন কী? তাদের বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত বর্ণনা করুন।
৯. প্রকল্পের আওতায় ডিপিপি/আরডিপিপি অনুযায়ী কোন কাজ অসম্পন্ন থাকলে তার কারণসহ বিস্তারিত ব্যাখ্যা করুন।
১০. **প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (**sustainable**) করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করেছিলেন?**
১১. **এ প্রকল্পের** Success stories গুলো কী? বিস্তারিত বর্ণনা করুন।
১২. প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা
   - যেমন অর্থায়নে বিলম্ব,
   - বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব,
   - ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক সম্পর্কিত আপনার মতামত প্রদান করুন
   - প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর কোন সুফল সৃষ্টি হয়েছে কিনা?

১৩. প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন সম্ভব হবে কিনা? এ বিষয়ে আপনার সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করুন
১৪. প্রকল্প এলাকা নির্বাচনের যৌক্তিকতা সম্পকে আপনার বিস্তারিত মতামত প্রদান করুন

১৫. উক্ত এলাকায় দুধের প্রাপ্যতা আছে কিনা অর্থাৎ নির্মাণাধীন বিভিন্ন প্ল্যান্টের চাহিদা আছে কি না বিস্তারিত বলুন?
১৬. প্রকল্পের PIC ও স্টিয়ারিং কমিটির মিটিং ডিপিপি অনুযায়ী হয়েছে কি? কতগুলো মিটিং সম্পন্ন হয়েছে?
১৭. **পণ্য, কার্য ও সেবা ক্রয় সংগ্রহের ক্ষেত্রে ডিপিপি অনুযায়ী এবং ক্রয় আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) অনুসরণ করা হয়েছে কী? বিস্তারিত ব্যাখ্যা করুন।**
১৮. **ক্রয়কৃত মালামাল/যন্ত্রপাতির বর্তমান অবস্থা কী?**
১৯. প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা;

২০. প্রকল্পের সকল পূর্তকাজ যেমন: শীতলীকরণ কেন্দ্র ও মিনি ডেইরী প্ল্যান্ট স্থাপন, অনাবাসিক ভবন ও আবাসিক ভবন নির্মাণসহ অন্যান্য কাজের হালনাগাদ অবস্থার তথ্যাদি বিশ্লেষণ করুন এবং এর গুণগত মান কিভাবে যাচাই করেছেন তার প্রমাণদি প্রেরণ করুন।

২১. প্রকল্পের অধীন গাভী ঋণ (সমবায় ঋণ) ৯০০০.০০ লক্ষ টাকা বিতরণের হালনাগাদ অবস্থা বিশ্লেষণ, ঋণবিতরণ নীতিমালা অনুসরণ পর্যালোচনা ও বিশ্লেষণ করুন। ঋণ বিতরণে কোন প্রকার ব্যত্যয় হলে কারণ বিস্তারিতভাবে বর্ণনা করুন।

২২. ডিপিপির সংস্থান অনুযায়ী সকল গবেষণাগার সরঞ্জামাদি ও অন্যান্য সম্পদ সংগ্রহ ও ব্যবহার করা হয়েছে কি না সেই সম্পর্কিত বিস্তারিত তথ্যদিন। কোন ব্যত্যয় হলে কারণ বিশ্লেষণ করুন।

২৩. এ পর্যন্ত মোট কত জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ----------।

২৪. প্রশিক্ষণপ্রাপ্তদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের কার্যকারিতা বর্ণনা করুন।

২৫. অডিট (ইন্টারনাল/এক্সটারনাল) আপত্তি আছে কি? থাকলে কতটি আপত্তি আছে? কতটি নিস্পন্ন হয়েছে? বিস্তারিত ব্যাখ্যা করুন।

২৬. প্রকল্প এলাকা নির্বাচনের যৌক্তিকতা, উক্ত এলাকায় দুধের প্রাপ্যতা আছে কিনা অর্থ্যাৎ নির্মাণাধীণ বিভিন্ন প্ল্যান্টের চাহিদা ও যোগানের বিস্তারিত অবস্থার বিশ্লেষণ করুন।

২৭. প্রকল্পের আওতায় **উপকারভোগী**দের জন্য কি কি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে? প্রতিটি বিষয়ের মেয়াদ কতদিন ছিল?

২৮. প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম কিভাবে পরিচালনা করা হয়েছে?

২৯. সুফলভোগি সদস্যদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত আর্থিক হিসাব কিভাবে সংরক্ষণ করা হয় এবং কার্যক্রম মনিটরিং কিভাবে করা হয়?

৩০. প্রকল্পের আওতায় কত জনকে ঋণ বিতরণ করা হয়েছে?

৩১. প্রকল্পের সবলদিক সম্পর্কে বর্ণনা করুন।

৩২. প্রকল্পের দুর্বলদিক সম্পর্কে বর্ণনা করুন।

৩৩. প্রকল্পের সুযোগসমূহ সম্পর্কে বলুন।

৩৪. প্রকল্পের ঝুঁকি সম্পর্কে বিস্তারিত বলুন।

তথ্যসংগ্রহকারীর নাম: ----------স্বাক্ষর----------তারিখ----------

সুপারভাইজারের নাম: ----------স্বাক্ষর---------- তারিখ----------

সংযোজনী-৩

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক চলমান প্রকল্পের

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

মিল্ক ভিটার মাঠ পর্যায়ে কর্মকর্তার জন্য প্রশ্নমালা

জেলা: উপজেলা: ইউনিয়ন:

উত্তর দাতার নাম ----------

পেশা/পদবী ----------

মোবাইল নাম্বার ----------

ঋণ কার্যক্রম সম্পর্কিত

১. আলোচ্য প্রকল্পের আওতায় আপনার এলাকায় ঋণ কার্যক্রম কখন শুরু এবং শেষ হয়?

২. ঋণ প্রদানের সময় কোন ধরনের সমস্যার সম্মুখীন হয়েছেন কি? ১. হ্যাঁ, ২. না

হ্যাঁ হলে, কী কী সমস্যার সম্মুখীন হয়েছেন?

৩. ঋণ প্রদানের কোন নীতিমালা ছিল কি? ১. হ্যাঁ, ২. না

৪. ঋণ প্রদানের সময় গরীব, অসহায়, বেকার, স্বচ্ছল, গৃহিনী, কৃষক, খামারি বিভিন্ন পেশার লোকজন কিভাবে নির্ধারণ করেছেন?

৫. ঋণ প্রদানের মোট সংখ্যার বিভাজন কত?

	পুরুষ (সংখ্যা)	মহিলা (সংখ্যা)
দুগ্ধ খামারি		
সাধারণ কৃষক		
গৃহিনী		
বেকার		
অসচ্ছল/অসহায়		
অন্যান্য		
মোট		

৬. উপকারভোগীদের নিকট হতে কিভাবে ঋণের টাকা আদায় করছেন?

৭. সকল উপকারভোগীই কি ঠিকমত ঋণের টাকা প্রদান করতে পারছেন? ১. হ্যাঁ, ২. না

৮. না হলে, কেন তারা ঠিকমত ঋণের টাকা প্রদান করতে পারছেন না?

৯. ঋণের টাকা যথাসময়ে প্রদান না করায় কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন কি? ১. হ্যাঁ, ২. না

১০. হ্যাঁ হলে, কী ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন?

প্রশিক্ষণ সম্পর্কিত

১) আলোচ্য প্রকল্পের আওতায় আপনার এলাকায় কত জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে? মোট ----------জন
মহিলা ----------জন, পুরুষ----------জন

২) কখন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে? ----------সাল

৩) কোথায় প্রশিক্ষণ প্রদান করেছেন?

৪) প্রশিক্ষণের কোন মেন্যুয়াল ছিল কি? ১. হ্যাঁ, ২. না

৫) প্রশিক্ষণকালীন কত টাকা ভাতা প্রদান করেছেন? ----------টাকা

৬) এই প্রশিক্ষণের ফলে দুগ্ধ খামারিগণ কীভাবে উপকৃত হচ্ছে বলে মনে করেন?

প্রকল্প সম্পর্কিত

১. আলোচ্য প্রকল্পের ফলে আপনার এলাকায় দুধ উৎপাদন বৃদ্ধি পেয়েছে কি? ১. হ্যাঁ, ২. না

২. হ্যাঁ হলে, কী পরিমাণ বৃদ্ধি পেয়েছে?

	ঋণ প্রদানের পূর্বে (লিটার)	ঋণ প্রদানের পর, বর্তমান (লিটার)
দৈনিক মিল্ক ভিটার দুধ সংগ্রহ		

৩. আপনার এলাকায় প্রকল্পের আওতায় কারখানা স্থাপনের উল্লেখযোগ্য চ্যালেঞ্জগুলো কী কী?
৪. চ্যালেঞ্জগুলো উত্তরণের উপায়সমূহ সম্পর্কে বলুন।
৫. আপনার এলাকায় প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে কী ধরনের পদক্ষেপ নেয়া প্রয়োজন বলে মনে করেন?
৬.দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমূখী ব্যবহার সম্পর্কে আপনার মতামত কী?
৮.কিভাবে দৈনিক দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের ভোগের মাত্রা বৃদ্ধি করা যাবে বলে মনে করেন?
৯. দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে কিভাবে পুষ্টি মানের উন্নয়ন হবে বা উন্নয়ন করা যাবে?
১০.আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে কিভাবে আয় বৃদ্ধিকরণ কার্যক্রমের মাধ্যমে দারিদ্র্য বিমোচন হবে বলে মনে করেন?
১২.প্রকল্প এলাকা নির্বাচনের যৌক্তিকতা সম্পর্কে আপনার বিস্তারিত মতামত প্রদান করুন।
১৩.এলাকায় দুধের প্রাপ্যতা আছে কিনা অর্থাৎ নির্মাণাধীন বিভিন্ন প্ল্যান্টের চাহিদা আছে কি না বিস্তারিত বলুন।
১৪.দুগ্ধ শিল্পে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে কিভাবে শিল্পায়নে অনুপ্রাণীত হবে বলে আপনি মনে করেন?
১৫.Flush Season (নভেম্বর থেকে মার্চ)-এ ঘি, মাখন এবং কাঁচা তরল দুধ প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে কি করে বাজারের চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য সৃষ্টি করা সম্ভব বলে মনে করেন?
১৬. আপনি কি মনে করেন প্রকল্পের ফলে গুঁড়োদুগ্ধের আমদানী কমিয়ে মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব?
১৭. উত্তর হ্যা হলে কিভাবে সম্ভব বলে মনে করেন?
১৮. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য একটি দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপন করা হলে কী কী উপকার হবে বলে আপনি মনে করেন বিস্তারিত বলুন
১৯. প্রকল্পের দুর্বল দিকসমূহ বলুন
২০. প্রকল্পের সুযোগসমূহ বলুন

তথ্যসংগ্রহকারীর নাম: ----------স্বাক্ষর----------তারিখ----------
সুপারভাইজারের নাম: ----------স্বাক্ষর---------- তারিখ----------

সংযোজনী-৪

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক চলমান প্রকল্পের

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দুগ্ধ খামারী এবং দুগ্ধ ব্যবসায়ীদের জন্য প্রশ্নমালা

উত্তর দাতার নাম

পেশা/পদবী

মোবাইল নাম্বার

১. আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে দুগ্ধ উৎপাদনকারী সমবায়ী কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তার মাধ্যমে দুগ্ধ উৎপাদন কিভাবে বৃদ্ধি করা যাবে বলে আপনি মনে করেন

২. দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমূখী ব্যবহার সম্পর্কে আপনার মতামত দিন?

৩. কিভাবে দৈনিক দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের ভোগের মাত্রা বৃদ্ধি করা যাবে বলে মনে করেন?

৪. দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে কিভাবে পুষ্টি মানের উন্নয়ন হবে বা উন্নয়ন করা যাবে?

৫. উক্ত এলাকায় দুধের প্রাপ্যতা আছে কিনা অর্থাৎ নির্মাণাধীন বিভিন্ন প্ল্যান্টের চাহিদা আছে কি না বিস্তারিত বলুন

৬. দুগ্ধ শিল্পে উদ্যোক্তা সৃষ্টির সহায়ক কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে কিভাবে শিল্পায়নে অনুপ্রাণীত হবে বলে আপনি মনে করেন?

৭. Flush Season (নভেম্বর থেকে মার্চ)-এ ঘি, মাখন এবং কাঁচা তরল দুধ প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে কি করে বাজারের চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য সৃষ্টি করা সম্ভব বলে মনে করেন?

৮. আপনি কি মনে করেন প্রকল্পের ফলে গুঁড়োদুগ্ধের আমদানী কমিয়ে মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব?

৯. উত্তর হ্যা হলে কিভাবে সম্ভব বলে মনে করেন এ বিষয়ে আপনার মতামত দিন

১০. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য একটি দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপন করা হলে কি কি উপকার হবে বলে আপনি মনে করেন বিস্তারিত বলুন

তথ্য সংগ্রহকারী নাম:

তারিখ:

সংযোজনী-৫

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক চলমান প্রকল্পের
নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার
FGD পরিচালনার জন্য চেকলিষ্ট

ফোকাস গ্রুপ আলোচনার স্থানঃ
জেলাঃ ----------
সমতিরি নামঃ ----------
তারিখঃ ----------

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম	লিঙ্গ	বয়স	পেশা	শিক্ষা	মোবাইল নং	স্বাক্ষর
১							
২							
৩							
৪							
৫							
৬							
৭							
৮							
৯							
১০							
১১							
১২							

১. বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন করা হচ্ছে এ বিষয়টি সম্পর্কে আপনারা জানেন?

২. মিল্ক ভিটার প্রকল্প সম্পর্কে আপনারা কিভাবে জানতে পারছেন?

৩. আপনাদের উৎপাদিত দুধ কি কোথায় বিক্রি করেন এবং কত টাকা লিটার দরে দুধ বিক্রি করেন?

৪. আপনারা কি আপনাদের দুধের ন্যায্য দাম পাচ্ছেন, এ সম্পর্কে বিস্তারিত বলবেন?

৫. আপনাদের এলাকায় এ কাখানাটি স্থাপনের ফলে আপনারা কিভাবে উপকৃত হবেন বলে মনে করেন?

৬. আপনারা কি মনে করেন প্রকল্পের ফলে গুঁড়োদুগ্ধের কারখানা স্থাপিত হলে আপনারা আপনাদের উৎপাদিত দুধের ন্যায্য মূল্য পাবেন বলে মনে করেন?

---

৭. দুগ্ধ এবং দুগ্ধজাত পণ্যের বহুমূখী ব্যবহার কিভাবে বাড়ানো সম্ভব বলে আপনার মনে করেন, এ সম্পর্কে বিস্তারিত বলবেন?

---

৮. আপনারা কি মনে করেন দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য ব্যবহারের মাধ্যমে পুষ্টি মানের উন্নয়ন হবে?
উত্তর হ্যা হলে কিভাবে

---

৯. প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে কিভাবে আপনাদের এলাকার মানুষের কর্মসংস্থান হবে বলে আপনারা মনে করেন?

---

১০. প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আপনাদের এলাকার মানুষের আয় কিভাবে বৃদ্ধি পাবে বলে আপননারা মনে করেন?

---

১১. আপনারা কি মিল্ক ভিটার এ প্রকল্প থেকে ঋণ গ্রহণ করেছেন? এ প্রকল্প থেকে ঋণ গ্রহণ এবং ঋণ পরিশোধ প্রতিক্রিয়া সম্পর্কে বিস্তারিত বলবেন?

---

১২. আপনারা কি মিল্ক ভিটার এ প্রকল্প থেকে কোন প্রশিক্ষণ পেয়েছেন? প্রশিক্ষণ এম মাধ্যমে আপনারা বিভাবে উপকৃত হচ্ছেন বা এ প্রশিক্ষণ সম্পর্কে আপনারা বিস্তারিত বলবেন?

---

১৩. মিল্ক ভিটার এ প্রকল্প সম্পর্কে আপনাদের নিজস্ব কোন মতামত থাকলে অনুগ্রহ করে বিস্তারিত বলবেন?

সংযোজনী-৬

"বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক চলমান প্রকল্পের

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

ক্রয় সংক্রান্ত চেকলিস্ট

(প্রতিটি প্যাকেজের জন্য আলাদা আলাদা চেক লিস্ট ব্যবহার করা হবে)

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য লিখুন
১	প্রকল্পের নাম	
২	মন্ত্রণালয়/বিভাগ	
৩	বাস্তবায়নকারী সংস্থা	
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং	
৫	(ক্রমিক অনুসারে)	
৬	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পদ্ধতি	
৭	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় প্রক্রিয়ার ধরণ	১. হ্যাঁ ২.না
৮	দরপত্র প্রস্তুত করণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে কিনা?	১. হ্যাঁ ২.না
৯	বিনির্দেশনা প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	১।পত্রিকার নামঃ (বাংলা)----------তারিখঃ---------- ২।পত্রিকার নামঃ (ইংরেজি)----------তারিখঃ---------- ৩। সিপিটিইউ ওয়েব সাইট ----------তারিখঃ----------
১০	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়/আন্তর্জাতিক)	শুরু----------শেষ---------- তারিখঃ সময়ঃ
১১	(বাংলা ও ইংরেজি পত্রিকার নামসহ তারিখ এবং ওয়েব সাইট'এর নাম)	----------টি
১২	দরপত্র বিক্রয় শুরু এবং শেষ তারিখ ও সময়	----------টি
১৩	বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা	
১৪	প্রাপ্ত দরপত্রের সংখ্যা	তারিখঃ সময়ঃ
১৫	দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা	----------জন
১৬	সিএস কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর আছে কি না?	১. হ্যাঁ ২.না
১৭	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	/ /
১৮	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	---------- জন, বহিঃ সদস্য সংখ্যা----------জন
১৯	উপস্থিত সদস্য সংখ্যা	---------- জন, বহিঃ সদস্য সংখ্যা----------জন
২০	জামানত রাখা হয়েছিল কি না? (ব্যাংক পে-অর্ডার, চালান ইত্যাদি)	১. হ্যাঁ ২.না
২১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	---------- টি
২২	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ	
২৩	Notification of Award প্রদানের তারিখ	----------তারিখ
২৪	প্রস্তাবকৃত মূল্য (ডিপিপি/আরডিপিপি)	----------টাকা
২৫	চুক্তি মূল্য	----------টাকা
২৬	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য লিখুন	
২৭	চুক্তি স্বাক্ষরের তারিখ		
২৮	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী কাজ শেষ করার তারিখ		
২৯	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ		
৩০	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ		
৩১	প্রকৃত কাজ শেষের তারিখ		
৩২	সময় বৃদ্ধি করা হয়েছে কি?		
৩৩	হলে কতদিন বৃদ্ধি ; এবং সময়	১. হ্যাঁ ২.না	
৩৪	বৃদ্ধির কারণ;	১. হ্যাঁ ২.না	
৩৫	সরবরাহকৃত পণ্য/মালামালের ওয়ারেন্টি আছে কিনা ?	----------	
৩৬	ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছে কি না ?	১. হ্যাঁ ২.না	
৩৭	যদি হয়ে থাকে তবে তার কারণ উল্লেখ করুণ		
৩৮	ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষিত আছে কি না ?	হ্যাঁ	
		না	
৩৯	অডিট আপত্তি থাকলে কতটি আপত্তি আছে এবং কতটি নিস্পন্ন হয়েছে?	আপত্তির সংখ্যা----------টি নিষ্পত্তির সংখ্যা----------টি	
৪০	অডিট আপত্তি নিষ্পত্তি না হয়ে থাকলে তার কারণ?	---------- ----------	

সংযুক্তি-১: বছরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা

সারণি: ১.২ বছরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা

ইকোনোমিক সাব কোড	ইকোনোমিক সাব কোড বর্ণনা (বিস্তারিত)	মোট আর্থিক ও বাস্তব পরিকল্পনা			জানুয়ারী ২০১৮-জুন ২০১৮			অর্থ বছর ২ (২০১৮-২০১৯)			অর্থবছর ৩(২০১৯-২০২০)			অর্থবছর ৪ (২০২০-২০২১)		
						বাস্তব			বাস্তব			বাস্তব			বাস্তব	
		একক	পরিমাণ	মোট খরচ	আর্থিক পরিমাণ	অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার	আর্থিক পরিমাণ	অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার	আর্থিক পরিমাণ	অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার	আর্থিক পরিমাণ	অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
ক)	রাজস্ব ব্যয়															
	কর্মকর্তাদের বেতন															
৩১১১১০১	প্রকল্প পরিচালক	জন	১	৫৩.৯১	০.০০	০.০০	০.০০	৯.৮৪	১৮.২৫	০.০৩	৬.১৭	১১.৪৫	০.০২	৮.৫৯	১৫.৯৩	০.০২
	পূর্ত প্রকৌশলী	জন	১	১৬.২৩	০.০০	০.০০	০.০০	০.৫৪	৩.৩৩	০.০০	২.৫৭	১৫.৮৩	০.০১	২.৬৪	১৬.২৭	০.০১
	যান্ত্রিক প্রকৌশলী	জন	২	১২.৩২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	তড়িৎ প্রকৌশলী	জন	১	৬.১৬	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	উৎপাদন কর্মকর্তা	জন	৩	১৮.৪৮	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	মাননিয়ন্ত্রন কর্মকর্তা	জন	৩	১৮.৪৮	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	বিপনন কর্মকর্তা	জন	৪	২৪.৬৪	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	সমিতি সম্প্রসারণ কর্মকর্তা	জন	৬	৯৫.০২	০.০০	০.০০	০.০০	৩.২৬	৩.৪৩	০.০১	১৫.৮২	১৬.৬৫	০.০৪	১৫.০৬	১৫.৮৫	০.০৪
	প্রাণী চিকিৎসক	জন	৪	৫৬.৩৮	০.০০	০.০০	০.০০	২.০৯	৩.৭১	০.০১	৯.৯৪	১৭.৬৩	০.০৩	১০.২০	১৮.০৯	০.০৩
	প্রাণী পুষ্টিবিদ	জন	১	৬.১৬	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	প্রাণীপ্রজনন কর্মকর্তা	জন	২	২৩.১৭	০.০০	০.০০	০.০০	০.৮৯	৩.৮৪	০.০০	৩.৩৬	১৪.৫০	০.০১	২.৬৪	১১.৩৯	০.০১
	খাদ্য বিশেষজ্ঞ	জন	১	৬.১৬	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	সহকারী প্রোগ্রামার	জন	১	১০.১১	০.০০	০.০০	০.০০	০.৫৪	৫.৩৪	০.০০	২.৬৪	২৬.১১	০.০১	০.৭৭	৭.৬২	০.০০
	কর্মচারীদের বেতন															
৩১১১১০৯	গাড়ি চালক (গ্রেড ১৪)	জন	১	৪.৩২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
			১১	৩১.৭২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
